ভারতের অবস্থা বাংলাদেশের মতো হতে পারত: মন্তব্য কঙ্গনার পৃষ্ঠা ২৮

প্রথম আলো

Prothom Alo North America

29 August 2024, Thursday, 8th Year, Issue 389, 40 Pages

যুক্তরাষ্ট্র ফেসবুককে চাপ দিয়েছিল পৃষ্ঠা ২৯

২৯ আগস্ট ২০২৪, ১৪ ভাদ্র ১৪৩১, ২৪ সফর ১৪৪৫, বৃহস্পতিবার, ৮ম বর্ষ , সংখ্যা ৩৮৯, পৃষ্ঠা: ৪০

প্রধান উপদেষ্টার সঙ্গে বিএনপির বৈঠক

নির্বাচন ও সংস্কার

বৃহস্পতিবার অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. ইউনূসের সঙ্গে বিএনপির এ বৈঠক অনুষ্ঠিত হয়।

ঢাকা অফিস

খুব দ্রুতই অন্তর্বর্তীকালীন সরকার নির্বাচনের দিকে যাবেন বলে আশাবাদ ব্যক্ত করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। বৃহস্পতিবার রাজধানীর বেইলি রোডে রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে বৈঠকে শেষে সাংবাদিকদের তিনি একথা জানান। এর আগে বিকাল ৩টা ৫০ মিনিটে বিএনপি মহাসচিবসহ নেতৃবৃন্দকে বহন করা গাড়ি বেইলি রোডে রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় প্রবেশ করে।

অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে বৈঠকে বিএনপি মহাসচিবের সঙ্গে ছিলের দলের স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী ও সালাহউদ্দিন আহমেদ। প্রায় সোয়া একঘণ্টাব্যাপী এই বৈঠক হয়। উপদেষ্টা ড. আসিফ নজরুল ও ওয়াহিদ উদ্দিন মাহমুদ বৈঠকে অংশ নেন। আলোচনায় নির্বাচন ও সংস্কারের বিষয় গুরুত্ব পায় বলে প্রধান উপদেষ্টার দপ্তর থেকে জানানো হয়েছে।

ড. মুহাম্মদ ইউনূস

এরপর পৃষ্ঠা ১০ কলাম ২

কমলা হ্যারিস

ডোনাল্ড ট্রাম্প

ট্রাম্প কমলার বিতর্ক নিয়েই চলছে বিতর্ক

বিশেষ প্রতিনিধি

বিতর্ক নিয়ে বিতর্ক শুরু হয়েছে। ১০ সেপ্টেম্বর মঙ্গলবার পেনসিলভেনিয়ার ফিলাডেলফিয়া নগরীতে অনুষ্ঠিত হবে জাতীয় এ বিতর্ক। মুখোমুখি হবেন রিপাবলিকান প্রার্থী ডোনাল্ড ট্রাম্প এবং ডেমোক্র্যাট প্রার্থী কমলা হ্যারিস। সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এবং প্রার্থী ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিসের মধ্যে প্রথম বিতর্ক কেমন হবে, এ নিয়েই বিতর্কে জড়িয়ে পড়েছে উভয় পক্ষ।

বিতর্ক চলাকালীন সময়ে যিনি কথা

এরপর পৃষ্ঠা ১০ কলাম ৪

শেখ হাসিনাসহ ২৭ সাংবাদিকের বিরুদ্ধে ট্রাইব্যুনালে মামলা

ঢাকা অফিস

শেখ হাসিনা

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে চলাকালে গত ৫ আগস্ট নিহত কলেজছাত্র রিহানের বাবা গোলাম রাজ্জাক বৃহস্পতিবার এ আবেদন করেন।

এরপর পৃষ্ঠা ১১ কলাম ১

বন্যার ক্ষতচিহ্ন ভেসে উঠছে

বিবিসি বাংলা

“ঘরে একটু চাল নাই, চাল যে পাকাবো ওই হাড়ি চুলা কিছুই নাই। ল্যাট্রিন ভেসে গেছে। এই ভিজা কাপড় নিয়ে আছি আজকে সাতদিন। আমার ঘরের সব

এরপর পৃষ্ঠা ১০ কলাম ১

রাজনৈতিক দলগুলোর সংস্কার প্রস্তাব গ্রহণ করবে সরকার

বললেন রিজওয়ানা হাসান

উপদেষ্টা পরিষদের বৈঠক শেষে সাংবাদিকদের তিনি এ কথা জানান।

ঢাকা অফিস

ছাত্র-জনতার অভ্যুত্থানে শেখ হাসিনার পতনের পর সকল ক্ষেত্রে সংস্কারের কাজ শুরু করে অন্তর্বর্তীকালীন সরকার। সেই সংস্কারের বিষয়ে রাজনৈতিক দলগুলোর সঙ্গে আলোচনার প্রক্রিয়া চালু রাখা হবে বলে জানিয়েছেন বন, পরিবেশ ও জলবায়ু উপদেষ্টা সৈয়দ রিজওয়ানা হাসান।

বৃহস্পতিবার প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের বাসভবন যমুনায় অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টা পরিষদের বৈঠক শেষে তিনি সাংবাদিকদের এ কথা জানান।

সকাল ১১টার পর থেকে শুরু হওয়া বৈঠকটি চলে প্রায় তিন ঘণ্টা। বৈঠক শেষে যমুনার গেটে সাংবাদিকদের ব্রিফ করেন তিনি। এ সময় তাঁর সঙ্গে ছিলেন যুব ও ক্রীড়া উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া।

সৈয়দ রিজওয়ানা হাসান

রিজওয়ানা হাসান বলেন, ‘আমরা রাজনৈতিক দলগুলোর সঙ্গে আলাপ আলোচনার প্রক্রিয়াটা চালু রাখব। তাঁদের কাছ থেকে সংস্কার প্রস্তাব যেগুলো আসবে সেগুলো গ্রহণ করব। সেই ব্যাপারে পদ্ধতির বিষয়ে কথা হয়েছে।’

হজের ক্ষেত্রে সিন্ডিকেট প্রসঙ্গে রিজওয়ানা হাসান বলেন, ‘হজের ক্ষেত্রে আমরা সিন্ডিকেট দেখতে পাই। যাতে প্যাকেজের মূল্য অনেকটাই বাড়িয়ে তোলে। হজের যে খরচ সেটা

এরপর পৃষ্ঠা ১০ কলাম ৪



Queens Social Adult Day Care Center Inc

কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইনক

কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইনক একটি ডে-কেয়ার সার্ভিস সেন্টার। আমরা লিঙ্গ, জাতি অথবা ধর্ম বৈষম্যহীনভাবে সবধরণের গ্রাহক সেবা প্রদান করি। আমরা দুরারোগে অসুস্থ্য এবং প্রতিবন্ধী গ্রাহকদের, প্রবীণ ব্যক্তিদের নিরাপদ এবং উপযুক্ত ডে-কেয়ার সার্ভিস প্রদান করে থাকি। আমরা নিশ্চিত করি যেন গ্রহক মানসম্পন্ন সেবা আমাদের সেন্টার থেকে পেতে পারেন যাতে করে তাকে কোন নার্সিং হোমে যেতে না হয়। মেট্রোপলিটন এলাকায় আমাদের অভিজ্ঞ কর্মীরা সর্বাত্নক ডে-কেয়ার সেবা প্রদান করে থাকেন।

ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ফিল্ডট্রিপস্ (পিকআপ এন্ড ড্রপস্)
- ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ওজু ও নামাজের ব্যবস্থা
- টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা

শিক্ষা কার্যক্রম

- কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- গ্রন্থাগার

শারিরীক স্বাস্থ্য কার্যক্রম

- ইয়োগা, তাইচি, ব্যায়াম ও জিমের ব্যবস্থা
- ফিজিক্যাল থেরাপী

মানসিক স্বাস্থ্য পরামর্শ

- রিলাক্সেশন স্কিল ট্রেনিং
- পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

বিনোদনমুলক কার্যক্রম

- পিকনিক
- যাদুঘর ভ্রমণ
- সমুদ্র সৈকতে পার্টি
- নৌ-ভ্রমণ ও মৎস শিকার

আধ্যাত্মিক কার্যক্রম

- শান্ত সময়
- ধ্যান

অবসর কার্যক্রম

- কেরাম বোর্ড
- লুডু
- দাবা
- ধাঁধা
- অধ্যায়ন

We speak
Spanish, Urdu, Hindi & Arabic

আমরা ৭ দিনই খোলা

For details information please contact

ENGINEER MAHFUZUL HAQUE

MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain

148-41 Hillside Ave, Jamaica, NY 11435

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com

Tribune Training Academy

SECURITY GUARD & OSHA TRAINING

সিকিউরিটি গার্ড ও ওশা লাইসেন্স ট্রেনিং

Get Your License Today!

Contact Us

Phone: 718-790-2664
Email: tribunest@gmail.com
40-38 75th Street, Elmhurst, NY 11373
www.tribunest.com

raju law

ONE OF THE TOP IMMIGRATION LAW FIRMS IN THE USA

Mehrab Bin Morshed

FROM BANGLADESH ★★★★★

আমি আই-৪৮৫ আবেদন জমা দিয়েছিলাম রাজু'ল এর মাধ্যমে। আমার সঙ্গে কয়েকবার কথা বলে সব তথ্য নেওয়ার পর দ্রুত তারা আবেদন জমা দিয়েছে। আমাকে চিন্তামুক্ত রেখে আই-৪৮৫ আবেদন জমা দেওয়ায় তাদের প্রতি কৃতজ্ঞ ছিলাম। এরপর সমস্যা শুরু হয়। মাসের পর মাস পেরিয়ে গেলেও কোনো সিদ্ধান্ত পাচ্ছিলাম না। তখন জানতে পারি **রিট অব ম্যান্ডামাসের** কথা। এটি যে কোনো আবেদনের ফলাফল দ্রুত পেতে সহায়তা করে। আমি রিট অব ম্যান্ডামাস ফাইল করার সিদ্ধান্ত নেই।

এবারও রাজু'ল এর কেস ম্যানেজারদের কাছ থেকে দারুণ সমর্থন পাই। ম্যান্ডামাস ফাইল করার কিছু দিনের মধ্যেই আমার আই-৪৮৫ আবেদনের চূড়ান্ত ফলাফল দেওয়ার নির্দেশ দেন আদালত। এরপর দ্রুত ফলাফল পেয়ে যাই। মেলে কাঙ্খিত ফল অর্থাৎ আবেদন অ্যাপ্রুভ হয়। কাজের ক্ষেত্রে রাজু'ল এর স্বচ্ছতা, নির্ধারিত সার্ভিস ফি, যে কোনো প্রশ্নের দ্রুত উত্তর পাওয়ায় আমি তাদের জানাই অসংখ্য ধন্যবাদ।

WASHINGTON DC 301-919-3610
NEW YORK 934-345-7003, 347-472-7050
ATLANTA 770-655-9166, 458-272-5793
LOS ANGELES 323-499-5815, 213-729-9345
SAVAR 01730-214236
DHAKA 01602-270365, 01728-383454, 01760-697648
www.rajulaw.com

833-725-8529 (24X7) | info@rajulaw.com

জ্যামাইকার সাটফিন বুলেভার্ডে এই প্রথম বাংলাদেশি ডাক্তার

আমরা ইমিগ্রেশনের জন্য মেডিকেল করি

মোহাম্মদ এ. ওয়াহিদ, এমডি
বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

আমাদের সেবাসমূহ

- যত্নসহকারে পূর্ণাঙ্গ স্বাস্থ্যসেবা দেওয়া হয়
- প্রাইমারি কেয়ার/ইন্টারনাল মেডিসিন
- রক্ত, প্রস্রাব, ইকেজি, সনোগ্রাম, এলার্জি পরীক্ষার ব্যবস্থা আছে
- হজ ও ওমরাহ যাত্রীদের জন্য ফ্লু/ভ্যাকসিন
- জব, স্কুল, টিএলসি সম্পর্কিত শারীরিক পরীক্ষা (ফিজিক্যাল এক্সাম)
- হেলথ ইনসুরেন্স ছাড়া রোগীদের বিশেষভাবে চিকিৎসার ব্যবস্থা আছে
- ফ্রি ব্লাড প্রেসার ও ডায়াবেটিস পরীক্ষার ব্যবস্থা আছে
- স্কুল ফর্ম পূরণ, WIC ফর্ম, PAP Smear পরীক্ষা, ড্রাগ টেস্ট করা হয়
- স্কুল–কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- অন্য সব ধরনের চিকিৎসা অত্যন্ত যত্নসহকারে করা হয় এবং পরার্মশ দেওয়া হয়।
- আমরা প্রায় সব ধরনের ইনসুরেন্স গ্রহণ করে থাকি।
আমাদের অফিস প্রায় ৭ দিনই খোলা।

আপনি জানেন কি?

- বাংলাদেশি ও ভারতীয় অভিবাসীদের হৃদরোগের আশঙ্কা অন্যান্য আমেরিকানদের চেয়ে বেশি।
- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখ, থাইরয়েড, এ্যাজমা (হাঁপানি), বাতের ব্যথা, চর্মরোগ, এলার্জি, যৌন রোগসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারীরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের আশঙ্কা সম্পর্কে জেনে নিন।

রুবিনা আক্তার, এমডি
বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

WAHID MEDICAL PLLC
147-28, Hillside Avenue, Jamaica, NY-11435
Tel: 718-487-3671, Fax: 718-487-3715

Gehi & Associates
ATTORNEYS AT LAW
www.gehilaw.com

Grand Opening
আমরা এখন Jackson Height

ফ্রি কনসালটেশন

74-09 37th Ave, Suite 205, Jackson Heights, NY 11372
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432

TEL: 718-263-5999
TEL: 718-577-0711
TEL 718-764-6911

*ইমিগ্রেশন *ব্যাংক্র্যাপসি *ক্রেডিট কার্ড মেটার *ডিভোর্স *সিটিজেনশিপ *চাইল্ড কাস্টডি *চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন *সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং

আমরা বাংলায় কথা বলি

- Do you want apply for a green card?
- Are you having credit card problems?
- Has your bank account been sealed?
- Are you being deported?
- Are you unable to pay your debts?
- Are you getting harrassed by creditors?

WE ARE OPEN 7 DAYS a week

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTING TO THEIR CREDITORS, PRIOR RESULTS DO NOT GUARANRTEE FUTURE OUTVCOME

CALL: 718-263-5999

*তুলনামূলকভাবে কম ফি *সন্ধ্যা এবং সাপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

সুরাইয়া রহমান

প্রথম আলো
Prothom Alo North America

অর্থনৈতিক শ্বেতপত্র প্রণয়ন কমিটি গঠন, প্রধান ড. দেবপ্রিয়

ঢাকা ডেস্ক

দেবপ্রিয় ভট্টাচার্য

বাংলাদেশের বিদ্যমান অর্থনৈতিক অবস্থার শ্বেতপত্র প্রণয়ন কমিটির প্রধান করা হয়েছে বরেণ্য ব্যক্তিত্ব ও বিশিষ্ট অর্থনীতিবিদ ড. দেবপ্রিয় ভট্টাচার্যকে। ২৮ আগস্ট বুধবার এক প্রজ্ঞাপনের মাধ্যমে তাকে এই কমিটির প্রধান করা হয়।

প্রধান উপদেষ্টার কার্যালয়ের প্রশাসন বিভাগের মহাপরিচালক মো. আহসান কিবরিয়া সিদ্দিকির সই করা এ সংক্রান্ত এক প্রজ্ঞাপনে বিষয়টি জানানো হয়। এতে বলা হয়, বাংলাদেশের বিদ্যমান অর্থনৈতিক অবস্থার শ্বেতপত্র প্রণয়নের লক্ষ্যে বরেণ্য ব্যক্তিত্ব ও বিশিষ্ট অর্থনীতিবিদ ড. দেবপ্রিয় ভট্টাচার্যকে প্রধান করে সরকার একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টার অনুমোদনক্রমে তিনি কমিটির অপরাপর সদস্যদের মনোনীত করবেন।

শ্বেতপত্র প্রস্তুতি কমিটির সদস্য হচ্ছেন– ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ব্যবসা ও অর্থনীতি অনুষদের ডিন অধ্যাপক এ কে এনামুল হক, বিল্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা ফেরদৌস আরা বেগম, ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ব্র্যাক ইনস্টিটিউট অব গভর্নেন্স অ্যান্ড ডেভেলপমেন্টের (বিআইজিডি) নির্বাহী পরিচালক ইমরান মতিন, বিআইডিএস সিনিয়র রিসার্চ ফেলো ড. কাজী ইকবাল, বুয়েট অধ্যাপক এবং ২০০৮ সালে তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ড. এম তামিম, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডেভেলপমেন্টে স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ আবু ইউসুফ, সিপিডির বিশিষ্ট ফেলো অধ্যাপক মুস্তাফিজুর রহমান, সানেম-এর নির্বাহী পরিচালক ড. সেলিম রায়হান, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. শারমিন্দ নীলর্মী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সাবেক অধ্যাপক এবং রামরুর প্রতিষ্ঠাতা চেয়ার পারসন ড. তাসনিম আরেফা সিদ্দিকী, বিশ্বব্যাংকের সাবেক প্রধান অর্থনীতিবিদ ও বিশিষ্ট কলামিস্ট ড. জাহিদ হোসেন।

শেখ হাসিনার পালানোর খবর তখনও জানতেন না সেনাপ্রধান

নিউজ ডেস্ক

ছাত্র-জনতার গণ-অভ্যুত্থানে শেখ হাসিনার পালিয়ে যাওয়ার বিষয়টি আগে জানা ছিল না সেনাপ্রধান জেনারেল ওয়াকার-উজ-জামানের। তিনি জানিয়েছেন, ৫ আগস্ট পরিস্থিতি তিনি যখন রাজনৈতিক দলের নেতাদের সঙ্গে আলোচনা করছিলেন ঠিক তখন তাকে জানানো হয় শেখ হাসিনা চলে যাচ্ছেন। সেনাপ্রধান এও বলেছেন, শেখ হাসিনা দেশে থাকলে তার জীবনের ঝুঁকি ছিল। পরিস্থিতি খুবই উত্তপ্ত ছিল।

ইউটিউব চ্যানেল ‘নাগরিক টিভি’তে দেয়া এক সাক্ষাৎকারে তিনি এসব কথা বলেন। সাক্ষাৎকারে অন্তর্বর্তীকালীন সরকারকে সেনাবাহিনী সহযোগিতা করছে উল্লেখ করে তিনি বলেন, সবাইকে ধৈর্য্য ধরতে হবে।

সেনাবাহিনীর মধ্যে এখনো অনেকে স্বপদে রয়েছে তাদেরকে সরানো হচ্ছে না কেনো এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, এখনো তদন্ত চলছে। তদন্ত শেষ হলে অবশ্যই ব্যবস্থা নেয়া হবে। অনেক ইস্যু আছে। যেগুলো তদন্ত হচ্ছে। এজন্য আমরা সময় নিচ্ছি, প্রমাণ লাগবে, প্রমাণিত না হলে কারো বিরুদ্ধে ব্যবস্থা নেয়া যায় না।

জেনারেল ওয়াকার-উজ-জামান

এই কাজটি একটু ধীর প্রক্রিয়ায় চলছে। এখন দেখা যাক, বেশকিছু জিনিস আছে যেটা আমাদের করতে হবে।

সেনাবাহিনী এখনো কেনো ব্যারাকে ফিরে যাচ্ছে না, তাদের এখন মাঠে থাকা উচিত কিনা এই প্রশ্নের জবাবে জেনারেল ওয়াকার বলেন, আমরাতো যেতে চাই। যত তাড়াতাড়ি সম্ভব যেতে চাই। তবে সম্ভবত আমাদের আরো কিছুকাল থাকতে হবে। কারণ পুলিশ এখনো তাদের দায়িত্ব নেয়ার মত অবস্থায় নাই। পুলিশ প্রায় অকার্যকর হয়ে গিয়েছিলো। এখনো দায়িত্ব নেয়ার মত হয়নি। তারা দায়িত্ব নেয়ার মত হলে অবশ্যই আমরা ফেরত চলে যাবো।

শেখ হাসিনাকে সেইফ এক্সিট দেয়া ঠিক ছিলো নাকি তাকে দেশে রেখে বিচার করা উচিত ছিলো এমন এক প্রশ্নের জবাবে তিনি বলেন, ওই সময়ে একটি উত্তপ্ত মুহূর্তে তাকে ওখানে রেখে দিলে সমস্যা হতো। আর প্রথম কথা হচ্ছে, আমিতো রাজনৈতিক দলগুলোর সঙ্গে আলাপ আলোচনা করছিলাম। তখন আমাকে কিছু ব্যক্তি বলেছে যে, উনিতো চলে যাচ্ছেন। উনি অলরেডি রান। তো এটা আমি জানতাম না যে, তিনি দেশ ছেড়ে যাচ্ছেন। তারপরও আমি মনে করি যে, উনি দেশে থাকলে ওনার জীবন ঝুঁকি হতে পারতো। কেউ চাইবে না যে একজনের বিচারবহির্ভূত হত্যাকাণ্ড হোক। এটা মোটেই কাম্য না। পরিস্থিতি অত্যন্ত উত্তপ্ত ছিলো।

38th FOBANA CONVENTION
MARYLAND 2024
Fobana Convention
GOLDEN AGE
HOME CARE
PRESENTS
নৃত্যাঞ্জলী
ফোবানা কনভেনশন মেরিল্যান্ড
AUGUST 30TH, 31ST & 1ST SEPTEMBER 2024
VENUE: HOTEL HILTON GAITHERSBURG
620 Perry Parkway Gaithersburg, Md 20887
CONTACT FOR STALL AND SPONSOR:
Bablu : 929-393-4228 | Sarwar: 240-848-0111
Mamun : 202-527-5297
Shah Nawaz
Chairman
Fobana Stearing committee
Kazi Shakhawat Hossain Azam
Executive Secretary
Fobana Stearing committee
Jahangir Kabir Bablu
Convener
Kabirul Islam
Chief Advisor
Mohammad Sarwar Miah
Member Secretary
Media Partner:
asian tv
আজকাল
আনন্দ বিনোদন
Desi Events GO
HOST:
BANGLADESHI AMERICAN FOUNDATION INC.

সম্পাদকীয়

বন্যায় ডুবেছে দেশ, কাঁদছে মানুষ মানবিকতার অসাধারণ প্রকাশ

বন্যায় ভেসে যাচ্ছে বাংলাদেশের বেশ কয়েকটি জেলা। চারদিকে বন্যাদুর্গত মানুষের হাহাকার। স্মরণকালের ভয়াবহ বন্যায় কুমিল্লা, ফেনী, নোয়াখালীসহ পার্বত্য চট্টগ্রাম ভেসে যাচ্ছে।

বিদ্যুৎ ও সবরকম যোগাযোগ বিচ্ছিন্ন এসব এলাকার মানুষ এখন পর্যন্ত সারা দেশ থেকেও বিচ্ছিন্ন রয়েছে। স্থানীয় মানুষের ভাষ্য, বিগত ৫০ বছরে এ রকম বন্যা, পানি, পানির স্রোত তারা দেখেননি। প্রায় ২৫ লাখ মানুষ আশ্রয় নিয়েছেন আশ্রয়কেন্দ্রসহ নিকটস্থ শিক্ষাপ্রতিষ্ঠান, নির্মাণাধীন ভবন, কমিউনিটি সেন্টার, হাসপাতাল প্রভৃতি স্থানে। আবার অনেক এলকায় যোগাযোগ সম্পূর্ণ বিচ্ছিন্ন ও পানির অত্যধিক স্রোতের কারণে বন্যা কবলিত প্রত্যন্ত অঞ্চলে উদ্ধারকারী দল পৌঁছাতে না পারায় সেসব অঞ্চলের মানুষ গাছের ডালে, টিনের ছালে, বাড়ির ছাদে, গাছপালা, খড়কুটা, কলা গাছের ভেলা ধরে বাঁচার আপ্রাণ চেষ্টা করছে। আবার অনেক মানুষ ও গবাদিপশু ভাসছে পানিতে। এবারের ভয়াবহ বন্যা ও স্মরণকালের বন্যায় এসব জেলায় দেখা দিয়েছে মানবিক বিপর্যয়। তবে বয়স্ক, শিশু, নারী এবং গর্ভবর্তী মহিলা রোগীদের অবর্ণনীয় দুর্ভোগে পড়তে হয়। এখন জরুরি ভিত্তিতে বন্যা কবলিত মানুষের জন্য শুকনা খাবার, পানি, ওষুধ, স্যালাইন, কাপড়সহ প্রয়োজনীয় সহায়তা দরকার।

বর্ষাকাল পেরিয়ে শরৎ ঋতুতে পা দিতেই হঠাৎ অতিবৃষ্টি ও উজানের ঢলে তলিয়ে গেছে দেশের উত্তর-পূর্ব, পূর্ব ও দক্ষিণ-পূর্বের জেলাগুলো। ১১ জেলায় মোট ক্ষতিগ্রস্ত লোকসংখ্যা ৫৬ লাখ ১৯ হাজার ৩৭৫ জন। পানিবন্দী পরিবার ১২ লাখ ৭ হাজার ৪২৯টি। ৭৪ উপজেলা বন্যা প্লাবিত এবং ক্ষতিগ্রস্ত ইউনিয়ন/পৌরসভা ৫৪১টি পড়েছে বলে জানিয়েছে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

বন্যায় দেশের পূর্বাঞ্চলের ১১ জেলায় মৃতের সংখ্যা বেড়ে ২৭ জন হয়েছে। সপ্তাহখানেক ধরে চলমান নজিরবিহীন বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছেন ৫৬ লাখ ১৯ হাজার ৩৭৫ জন মানুষ। সর্বস্তরের মানুষ অতীতের মতোই একতাবদ্ধ হয়েছেন সব মতভেদ, বিবাদ–বিসংবাদ ভুলে। সর্বশক্তি নিয়ে দেশের এই ভয়ানক প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় নেমেছেন। যে যেভাবে পারছেন- অর্থ, খাদ্য, বস্ত্র, চিকিৎসা, উদ্ধার, আশ্রয়, শুশ্রূষা দিয়ে, কায়িক শ্রম দিয়ে ত্রাণকাজে সহায়তা করছেন।

দুর্যোগ–দুঃসময়ে ঐক্যবদ্ধভাবে বিপন্ন মানবতার পাশে দাঁড়ানোর মহৎ গুণটি এ দেশের মানুষ রপ্ত করেছেন অনেক আগেই। সিডর, আইলা থেকে শুরু করে বন্যা, জলোচ্ছ্বাস, শৈত্যপ্রবাহ কিংবা অগ্নিকাণ্ড, ভবনধ্বস এমনকি মহামারির সময় সর্বস্তরের মানুষ নিজনিজ সাধ্যানুযায়ী মানবিক কাজে সক্রিয় থেকেছেন। সবাই মিলে দুর্যোগ অতিক্রম করে জীবনের বুনিয়াদ অব্যাহত রাখতে অবদান রেখেছেন।

এবারও ত্রাণ নিয়ে বন্যার্তদের পাশে দাঁড়িয়েছেন সর্বস্তরের মানুষ। এদিকে কোনো আলোচনা ছাড়াই বাঁধ খুলে দেওয়ায় ভারতের সমালোচনাও করেন সুশীল সমাজসহ বিভিন্ন স্তরের মানুষ। ঢাকাসহ দেশের বিভিন্ন জায়গা থেকে ট্রাকে করে নৌকা-স্পিডবোট করে বন্যায় প্লাবিত এলাকার মানুষজনকে উদ্ধারে যাচ্ছেন স্বেচ্ছাসেবীরা। অনেকে কাভার্ডভ্যান, ট্রাক, পিকআপ ভরে নিয়ে যাচ্ছেন শুকনো খাবার, জরুরি ওষুধ, নিরাপদ পানি, চাল-ডাল। কিছু জায়গায় বানভাসিদের হাতে তুলে দেওয়া হচ্ছে নগদ অর্থ।

আবার বন্যার্তদের সহযোগিতায় অনেক সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান ও সংস্থার কর্মীরা একদিনের বেতন দান করেছেন। লাইন ধরে দাঁড়িয়ে দাতা প্রতিষ্ঠানে সামর্থ্য অনুযায়ী সহযোগিতা পৌঁছে দিতেও দেখা গেছে। যে যার জায়গা থেকে যেভাবে পারছেন সেভাবেই দাঁড়াচ্ছেন বানভাসি মানুষদের পাশে।

অনেকেই বলছেন, দুর্যোগ ঘিরে এমন ‘একতাবদ্ধ বাংলাদেশ’ আগে দেখেননি তারা। দেশের দক্ষিণ-পূর্বাঞ্চলের জেলাগুলোতে ভয়াবহ বন্যা দেখা দিয়েছে। বন্যা সবচেয়ে ভয়ংকর রূপ ধারণ করেছে ফেনীতে। এছাড়া চট্টগ্রাম, কুমিল্লা, নোয়াখালী, সিলেট, মৌলভীবাজার, ব্রাহ্মণবাড়িয়া, লক্ষ্মীপুর, খাগড়াছড়ি এবং কক্সবাজার জেলাও বন্যাকবলিত হয়েছে। এমন পরিস্থিতিতে বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষদের পাশে দাঁড়াতে সরকারের পাশাপাশি বিভিন্ন উদ্যোগ নিয়েছেন সাধারণ বেসামরিক মানুষজনও। এর সাথে বিভিন্ন রাজনৈতিক-অরাজনৈতিক দল, সামাজিক-স্বেচ্ছাসেবী।

> সারা দেশে পথে পথে দেখা যাচ্ছে ত্রাণ সংগ্রহের কাজ। তবে এখন ত্রাণ তহবিল ও সংগ্রহ, ত্রাণকাজে নানা রকম উপকরণ দান ও সরাসরি অংশ নিতে সামাজিক মাধ্যম বড় ভূমিকা রাখছে। বিশেষ করে ফেসবুক ত্রাণকাজে নিয়োজিত ব্যক্তিদের যোগাযোগ, অভিজ্ঞতা বিনিময়, পরামর্শ, ত্রাণসামগ্রী বিতরণ ও সংগ্রহের অন্যতম মাধ্যম হয়ে উঠেছে।

ভয়াবহ বন্যায় দেশের কমপক্ষে ১২ জেলার প্রায় ৩৬ লাখ মানুষের জীবনে নেমে এসেছে চরম দুর্গতি। বন্যার মতো প্রাকৃতিক দুর্যোগ বাংলাদেশের মানুষের জন্য নতুন কোনো অভিজ্ঞতা নয়। কিন্তু এবার বন্যার আঘাত এসেছে কিছুটা আকস্মিকভাবে। কয়েক দিনের প্রবল বর্ষণ এবং ভারতের ত্রিপুরা থেকে নেমে আসা ঢলে ফেনী, কুমিল্লা, নোয়াখালী, ব্রাহ্মণবাড়িয়া, চট্টগ্রাম, খাগড়াছড়ি, রাঙামাটি, কক্সবাজার, লক্ষ্মীপুর, সিলেট, মৌলভীবাজার ও হবিগঞ্জের বিস্তীর্ণ অঞ্চল তলিয়ে গেছে।

একদিকে দুর্গত মানুষকে নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া, তাদের জন্য খাবার সরবরাহে যেমন সরকারি ও বেসরকারি পর্যায়ে নানা উদ্যোগ লক্ষ করা যাচ্ছে, অন্যদিকে তেমনি এই নজিরবিহীন বন্যা নিয়ে রাজনীতিও দেখা যাচ্ছে।

রাজধানীসহ সারা দেশে পথে পথে দেখা যাচ্ছে ত্রাণ সংগ্রহের কাজ। তবে এখন ত্রাণ তহবিল ও অন্যান্য সামগ্রী সংগ্রহ, ত্রাণকাজে নানা রকম উপকরণ দান ও সরাসরি অংশ নিতে সামাজিক যোগাযোগমাধ্যম বড় ভূমিকা রাখছে। বিশেষ করে ফেসবুক ত্রাণকাজে নিয়োজিত ব্যক্তিদের যোগাযোগ, অভিজ্ঞতা বিনিময়, পরামর্শ, ত্রাণসামগ্রী বিতরণ ও সংগ্রহের অন্যতম মাধ্যম হয়ে উঠেছে।

ফেসবুকের দেয়াল জুড়ে এখন ত্রাণকাজের ছবি, ভিডিও আর এ–সংক্রান্ত হরেক রকম আবেদনে। বিভিন্ন গ্রুপ, সংগঠন, সংস্থা, প্রতিষ্ঠান, এমনকি ব্যক্তিগত উদ্যোগেও মানুষ এই সামাজিক যোগাযোগমাধ্যমে তুলে ধরেছেন তাঁদের আহ্বান, অনুরোধ, অভিমত, অভিজ্ঞতা। মুঠোফোন নম্বর, ব্যাংকের সঞ্চয়ী হিসাব নম্বর, যোগাযোগের ঠিকানা—এসব তুলে দিচ্ছেন। মানুষ তাতে সাড়াও দিচ্ছেন।

তবে বন্যার্তদের পাশে দাঁড়ানোর তৎপরতায় এবার একটি নতুন মাত্রা যুক্ত হয়েছে, যা আমাদের ভীষণভাবে আশাবাদী করে তুলেছে। মানবিকতার অনন্য উদাহরণ সৃষ্টি হয়েছে। সর্বস্তরের তরুণের মধ্যে ত্রাণ তৎপরতায় অংশ নেওয়ার জন্য যে উদ্দীপনা দেখা গিয়েছে , তা অতীতের সব রেকর্ড ভেঙেছে, একে ইতিবাচক প্রতিক্রিয়া বলেই মনে হয়।

সব সময়ই যে কোনো প্রাকৃতিক বিপর্যয়ে আর্তের পাশে শিক্ষাপ্রতিষ্ঠানের ছাত্রছাত্রী, শিক্ষক, সাধারণ মানুষ স্বতঃস্ফূর্তভাবে এগিয়ে আসে। এবার এ মাত্রাটি বহুগুণ বেশি। ঢাকা বিশ্ববিদ্যালয়ে অতীতে উপকূলে ঝড়-জলোচ্ছ্বাসে বিপন্ন মানুষদের জন্য রিলিফ টিম গঠিত হয়েছে, শীতবস্ত্র সংগ্রহ করে শীতার্তদের কাছে ছুটে গেছে শিক্ষার্থীরা। বন্যার মতো নানা দুর্যোগে ওরা সহযোগিতার হাত বাড়িয়েছে। তবে এবার ছাপিয়ে গেছে অতীতের সব অভিজ্ঞতা। আগে প্রধানত বিশ্ববিদ্যালয়ের নানা সামাজিক-সাংস্কৃতিক সংগঠনের ব্যানারেই ত্রাণ তৎপরতা চলত-এবার এর পরিধি অনেক বেড়ে গেছে।

টিএসসিজুড়ে সহায়তা দিতে আসা মানুষ, স্বেচ্ছাসেবীদের ব্যস্ততা—সব মিলিয়ে এলাহি কাণ্ড। প্রতিদিন সকাল থেকে টিএসসির মূল ফটকের সামনে দেখা যায় জরুরি পণ্যসামগ্রী নিয়ে হাজির হওয়া মানুষের ভিড়। খাবার, কাপড়, ওষুধ, শিশুদের জন্য গুঁড়া দুধ থেকে নারীদের জন্য স্যানিটারি ন্যাপকিন—সব কিছুই রয়েছে জমা পড়া পণ্যের তালিকায়। অনেককে নগদ অর্থ কিংবা মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে আর্থিক সহায়তা দিতেও লম্বা লাইনে দাঁড়াতে দেখা যায়। দাতার সংখ্যা অনেক হওয়ায় ত্রাণসামগ্রী সংগ্রহ করতে গিয়ে হিমশিম খেতে হয় ছাত্রদের। একাধিক লাইন করে হাতে হাতে এসব ত্রাণ নিয়ে টিএসসির ভেতর নির্ধারিত স্থানে রাখা হয়। সেনাবাহিনীর একটি হেলিকপ্টারে করে ত্রাণ নিয়ে যাওয়া হয় বন্যাদুর্গত অঞ্চলে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের পাশাপাশি রাজধানীর বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা টিএসসির মাঠে বসে মধ্যরাত পর্যন্ত ত্রাণসামগ্রী প্যাকেটিং করেন। প্যাকেট শেষে প্রতিদিন রাতেই সহায়তা নিয়ে বন্যাদুর্গত কুমিল্লা, ফেনী, নোয়াখালী, লক্ষ্মীপুর, সিলেট ও চট্টগ্রামের বিভিন্ন এলাকার উদ্দেশে রওনা হচ্ছে ট্রাক। এসব ত্রাণপণ্য প্যাকেটজাত করতে শিক্ষার্থীদের সহায়তা করছেন বিভিন্ন শ্রেণিপেশার মানুষ।

এই দেশ অসংখ্য দুর্যোগের সঙ্গে লড়াই করে মাথা তুলে দাঁড়িয়েছে। এবারও সবাই একতাবদ্ধ হয়ে মানুষের জন্য কাজ করছে সবাইকে নিরাপদ ও ভালো রাখবে বলে।

আসুন জেনারেল ওসমানীকে স্মরণ করি

ইব্রাহীম চৌধুরী

১৯৮১ সালের নির্বাচন। পঁচাত্তরের রাজনৈতিক পরিবর্তনের জের চলছিল। চুপসে পড়া আওয়ামীলীগের সংগঠিত হওয়ার সময় তখন। শেখ হাসিনার তখনও দেশে প্রত্যাবর্তন ঘটেনি। আওয়ামীলীগের প্রেসিডেন্ট প্রার্থী ড. কামাল হোসেন। বিএনপি প্রার্থী বিচারপতি সাত্তারের বিরুদ্ধে সর্বদলীয় জোট গঠনে ব্যর্থ হলে নাগরিক কমিটির নামে জেনারেল ওসমানী প্রেসিডেন্ট পদে প্রার্থী হলেন। বেশ কিছু বাম ঘরানার লোকজন তখন নাগরিক কমিটির সাথে যুক্ত। ডাঃ জাফর উল্লাহ চৌধুরী ছিলেন নাগরিক কমিটির আহ্বায়ক।

একজন রাজনৈতিক কর্মি হিসেবে তখন নির্বাচনের প্রচারণায় ঝাঁপিয়ে পড়ি। সত্তরের নির্বাচনে জেনারেল ওসমানী আমাদের এলাকা থেকে নির্বাচিত হয়েছিলেন। মুক্তিযুদ্ধের সময় তার নির্বাচনি এলাকা এবং সিলেটের নানা আত্মীয়তার যোগসূত্র হিসেবে ভারত থেকে তিনি এলাকায় যোগাযোগ রাখতেন। এলাকা থেকে মুক্তিযুদ্ধে যোগ দেয়া সবাই ভারতে গিয়ে ওসমানী সাহেবের কাছে রিপোর্ট করেছিলেন।

দেশ স্বাধীন হলে ওসমানী সাহেবের নির্বাচনি এলাকার লোক হিসেবে আমাদের উচ্ছ্বাস তখন কে দেখে। বড় গোঁফওয়ালা তখনকার কর্নেল ওসমানীর অনুকরণে অনেকেই বড় বড় গোঁফ রাখতে শুরু করলেন। মুক্তিযুদ্ধের সামরিক প্রধান ওসমানীর তখন অনেক বড় মানুষ হয়ে উঠলেন। সামরিক যুদ্ধের মাধ্যমে পরাজিত করে বাঙালির যুদ্ধ জয়ের সামরিক বাহিনীর প্রধান আতাউল গণি ওসমানী !

১৯৭২ সালের ১৬ ডিসেম্বর তাঁকে জেনারেল পদে পদোন্নতি দেয়া হয়। স্বাধীন দেশের প্রথম সামরিক জেনারেল। সে খবরে আমাদের এলাকায় বিরাট উৎসবের ভাব সৃষ্টি হয়েছিল। দ্রুতই ঘটনার কিছু পরিবর্তন শুরু হলো। সামরিক বাহিনী থেকে ওসমানী বিদায় নিলেন। তাঁকে সামরিক বাহিনীর সংস্পর্শ থেকে সরিয়ে দিয়ে মন্ত্রীসভায় স্থান দেয়া হয়েছিল। রক্ষীবাহিনীর গঠনে তাঁর সায় ছিল না, অন্যান্য বহু কারণেই স্বাধীন দেশে ওসমানী বৈরী পরিস্থিতির সম্মুখীন হয়েছিলেন।

পাকিস্তান সেনাবাহিনী থেকে ১৯৬৭ সালে অবসর গ্রহণ করেন কর্নেল ওসমানী। সত্তরের নির্বাচনে ‘কর্নেল ওসমানী’ সিলেট অঞ্চলে ব্যাপকভাবে পরিচিত হয়ে উঠেন। বিশ্বের সামরিক বাহিনীতে এমন নজীর হয়ত আর একটা নেই। তিনটি দেশের সেনাবাহিনীর কর্মকর্তা ছিলেন। ব্রিটিশ সেনাবাহিনী, পাকিস্তান সেনাবাহিনীতে চাকুরি করেছেন। পাকিস্তান সেনাবাহিনী থেকে অবসরে যাওয়ার চার বছর পর পুনরায় সামরিক পোশাক পরিধান করেছেন।

বাংলাদেশের মুক্তিযুদ্ধে সশস্ত্র বাহিনীর সর্বাধিনায়ক হিসেবে নেতৃত্ব দিয়েছেন ওসমানী। দেশের সেনাবাহিনীর ভিত্তিটাই তাঁর হাতে গড়ে উঠেছিল। দ্বিতীয় বিশ্বযুদ্ধ, ৬৫ সালের পাক ভারত যুদ্ধের সমর অভিজ্ঞতা ছিল তাঁর ঝুলিতে। এমন একজন সেনানায়ক যখন একটি দেশকে স্বাধীন করে স্বদেশে নিজের পতাকাকে অভিবাদন জানান, ইতিহাস সেখানে থমকে দাঁড়ায়। ওসমানীর বেলায়ও ঠিক তেমন ঘটনা ঘটেছিল।

দেশ স্বাধীন হওয়ার পরই তাঁর সাথে ক্ষমতাসীনদের বিরোধের কথা আমাদের কানে আসতে থাকে। এরও আগে মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে প্রবাসী সরকারের উপর ভারতের খবরদারিত্ব নিয়ে চরম অসন্তুষ্ট ছিলেন ওসমানী। সামরিক যুদ্ধ ও কৌশলে ভারতের হস্তক্ষেপকে মেনে নেয়া তাঁর জন্য জটিল অবস্থার সৃষ্টি করেছিল। মুজিবনগর সরকারেরও তখন বিভক্তি চরমে ছিল। সেসময়ে বিশ্ব বাস্তবতায় এক পক্ষ স্পষ্টতই ছিলেন রাশিয়ান বলয়ে। আমেরিকা বাংলাদেশের মুক্তিযুদ্ধের বিরোধিতা করছিল। পশ্চিমা মানসে গড়ে উঠা ওসমানীর আদর্শিক অবস্থান কখনই রুশ ভারতে বলয়ে বিলীন হয়নি। চরম শৃঙ্খলা মেনে চলা মানুষটি রাজনৈতিক সরকারের আনুগত্যের প্রশ্নে প্রশ্নাতীত ছিলেন। অনেক পীড়ন সহ্য করেই তিনি বেসামরিক নেতৃত্বের প্রতি আনুগত্য থাকার উদাহরণ সৃষ্টি করেছিলেন।

মুজিবনগর সরকারের অভ্যন্তরীণ নানা সমস্যা কুটচাল, সামরিক নেতৃত্বকে পাশ কাটিয়ে সমান্তরাল বাহিনী গড়ে তুলা সহ নানা বিষয়ে ওসমানীর অসন্তোষের কথা প্রকাশ্য ছিল। এসবের জের ধরেই স্বাধীন দেশে পাকিস্তানি বাহিনীর আত্মসমর্পণ

অনুষ্ঠানে মুক্তিবাহিনীর সমরনায়ক উপস্থিত ছিলেন না। উপরন্তু মরহুম ওসমানী যেদিন দেশে ফিরেছিলেন , তাঁর হেলিকপ্টারে গুলি চালানো হয়েছিল। তাঁকে হত্যার চেষ্টা করা হয়েছিল। এসব কথা তখন আশেপাশে ব্যাপক আলোচনায় থাকলেও এ নিয়ে ওসমানী নিজে কোন কথা বলেননি। সদ্য স্বাধীন দেশে তাঁর হেলিকপ্টার লক্ষ্য করে গুলি চালানোর বিষয়টিও তদন্ত করা হয়নি।

মুক্তিযুদ্ধের সময়কালীন প্রবাসী সরকারের বিভিন্ন বিষয় নিয়ে প্রশ্ন করা হলে নীরব থাকতেন ওসমানী। উদাস চোখে কিছুক্ষণ তাকিয়ে একবার আমাকে বলেছিলেন কর্নেল এ আর চৌধুরীকে এ নিয়ে প্রশ্ন করার জন্য।

লে. কর্নেল এ আর চৌধুরী ইস্টবেঙ্গল রেজিমেন্ট থেকে অবসরে ছিলেন। ১৯৭১ সালে মুজিবনগরে অস্থায়ী সরকার,জেনারেল ওসমানীর স্টাফ অফিসার হিসেবে তাঁকে নিযুক্ত করে। একপর্যায়ে সহপ্রধান কর্মকর্তা হিসেবে এ আর চৌধুরী দায়িত্ব পালন করেন। মুক্তিযুদ্ধ থেকে ফিরে এসে সিলেট শহরতলীতে নিরিবিলি জীবন কাটাতেন। তখন আমাদের নানা কৌতূহলের পেছনে ছুটার সময়। জেনারেলের কাছ থেকে সূত্র পেয়ে গেলাম তাঁর একান্ত সহযোগী একজনের কাছে। মুক্তিযুদ্ধের সময়ে ভারতের অভ্যন্তরে ঘটে যাওয়া সরকারের অন্দরের কোন খবর জানা যায় কি না, এ নিয়ে জানার কৌতূহল ছিল আমার।

কর্নেল এ আর চৌধুরীকে প্রথম দেখে এবং কথাবার্তায় বেশ সহজ সরল মানুষ বলে মনে হয়েছিল। জেনারেলের মতো ভাবসাব একেবারেই ছিল না তাঁর। দ্রুতই টের পাই, এ আর চৌধুরী আরও কঠিন মানুষ। কোন আলাপেই আসল আলাপের কাছে নিয়ে যাওয়া যায় না। বয়সের ব্যবধান এবং অবস্থানগত কারণে তখন আমার সে যোগ্যতাও ছিল না। স্নেহ করে কাছে বসিয়ে আলাপ করেছেন ঠিকই। মুক্তিযুদ্ধের সময়ের সরকারের অভ্যন্তরীণ বিষয়ে কিছু জানার চেষ্টা করলেই থেমে গেছেন।

এ আর চৌধুরী কথার ছলেই বলেছিলেন, রাষ্ট্রের অনেক গোপন বিষয় গোপন থাকাই ভালো। এ নিয়ে জেনারেল ওসমানীর কাছে অনুযোগ করলাম একদিন।

: স্যার, আমি তো এ আর চৌধুরী সাহেবের কাছে গল্প শুনতে যাই। তিনি তো আসল কিছু বলেন না ! সাইকেল চালিয়ে শুধু শুধু যাই, চা আর টোস্ট বিস্কুট খেয়ে আসি!

জেনারেল কাঁধ টান টান করে তাঁর স্বভাবসুলভ ঝাঁকুনি দেন। বিড়বিড় করে বলে উঠেন,

: নেশন ইজ নট রেডি টু হিয়ার অল অ্যাবাউট দৌজ।

দুই সেনানায়কের স্বল্প সান্নিধ্য পাওয়ার সুযোগ হলেও তাদের কাছ থেকে কিছুই উদ্ধার করা সম্ভব হয়নি। এসব রহস্যময়তার আজও কোনো কূলকিনারা পাই না। তাঁদের কাছে কী এমন ছিল, যা জানাতে তাঁরা কুণ্ঠিত ছিলেন?

জেনারেল ওসমানী বলতেন, তিনি একটা বই লিখছেন। সে বইয়ে অনেক কিছুই লেখা থাকবে বলে বলেছিলেন একাধিক সময়ের আলাপচারিতায়।

দরজা বন্ধ করে, নিয়ম করে টাইপ রাইটারে লিখতেন। চরম গোপনীয়তায় লেখা তাঁর এ পাণ্ডুলিপির হাদিস কেউ দিতে পারেনি। ১৯৮৪ সালের ১৬ ফেব্রুয়ারি মাসে লন্ডনে তাঁর মৃত্যুর পর রাষ্ট্রীয় তত্ত্বাবধানেই ওসমানীর মরদেহ দেশে নিয়ে আসা হয়। সমাহিত করা হয় সিলেটে হজরত শাহজালাল(রঃ) মাজার সংলগ্ন কবরস্থানে। কড়া সামরিক শাসনের কারণে তখন সভাসমিতি নিষিদ্ধ ছিল। এরমধ্যে মৃদু করে হলেও দুই একজন কথাটি উঠিয়েছিলেন দুই একজন। এ নিয়ে অবশ্য কোন উচ্চবাচ্য হতে দেখিনি প্রকাশ্যে। তখন সে সুযোগও ছিল না। ওসমানীর নিজস্ব রাজনৈতিক দল এ নিয়ে কথা বলবে এবং খোঁজ খবর নেবে বলে ধারণা করা করা হয়েছিল। বেশ কিছুদিন পর তাঁর রাজনৈতিক সহযোগী অ্যাডভোকেট নুরুল ইসলামকে জিজ্ঞাসা করেছিলাম। হারিয়ে যাওয়া ওসমানীর পাণ্ডুলিপির হাদিস নিয়ে তাঁর অজ্ঞতার কথাই জানিয়েছিলেন।

প্রাচ্যের সংস্কারক হিসেবে শাহজালাল এবং তাঁর সহযাত্রীরা বাংলার এ অঞ্চলে এসেছিলেন। শাহজালালের এক জ্যোতির্ময় সহযাত্রীর উত্তরসূরি ওসমানী বাংলাদেশকে স্বাধীন করার সিপাহসালার ছিলেন। মানুষের কাছে অন্যায় অত্যাচারের বিরুদ্ধে সংস্কারের লড়াইয়ে শাহাজালালকে সিপাহসালার হিসেবে আখ্যায়িত করা হয়। জেনারেল ওসমানী চিরকুমার ছিলেন। বিপ্লবের জন্য সমাজতান্ত্রিক বিপ্লবীদের নিজের দেশ ছেড়ে অন্য দেশে বেরিয়ে পড়ার গল্প আমরা জানি। আমাদের মাটির এক খাঁটি সৈনিক ওসমানী সেনা ছাউনি থেকে সেনা ছাউনিতে জীবন কাটিয়ে দিয়েছেন। সংসার এবং ব্যক্তিজীবন নিয়ে ভাবিত হওয়ার অবকাশ তাঁর কখনও হয়নি।

পশ্চিমা গণতন্ত্রের প্রতি অবিচল আস্থা রাখা এ জেনারেল বাংলাদেশে রাজনীতিতে যুক্ত হয়ে হোঁচট খেয়েছেন। আমাদের চেনা রাজনীতির এক অচেনা মানুষ ছিলেন ওসমানী।

সামরিক বাহিনী থেকে অবসরে দিয়ে তাঁকে মন্ত্রী করা হয়েছিল ঠিকই। মানিয়ে নিতে পারছিলেন না স্বাধীন বাংলাদেশের রাষ্ট্র ব্যবস্থাপনা। মাত্র কয়েক মিনিটের আলোচনার পর ১৯৭৪ সালে একদলীয় শাসন কায়েম করার ঘোষণা দিলেন বাংলাদেশের স্থপতি, জাতির জনক বঙ্গবন্ধু। সেদিন সংসদ থেকে প্রথম পদত্যাগ করেছিলেন জাসদ নেতা আব্দুল্লাহ সরকার। নিজের দল আওয়ামীলীগ থেকে পদত্যাগের ঘোষণা দিয়ে সংসদ ছেড়েছিলেন ওসমানী। নৈতিক এ বিরোধিতা করে দল ও সংসদ সদস্য থেকে তাঁর এ পদত্যাগ ছিল স্বাধীন বাংলাদেশে প্রথম দৃষ্টান্ত।

এর প্রভাব আমাদের অঞ্চলে পড়েছিল ব্যাপকভাবে। কারণ সিলেট অঞ্চলের মানুষের কাছে ওসমানীর প্রতি শ্রদ্ধা ও ভালোবাসা ছিল অপরিসীম। বাংলাদেশের রাজনীতির নাটকীয় নানা পরিবর্তনে হিমশিম খেয়েছেন ওসমানী বারবার। দেশ নিয়ে তাঁর ভাবনা ছিল একান্তই মৌলিক। মানুষের অধিকার প্রতিষ্ঠা এবং একটি উদার গণতান্ত্রিক দেশ গড়ার স্বপ্ন দেখতেন। এজন্যই উৎসর্গ করেছেন তার জীবন-যৌবন। মৃত্যুর বেশ আগেই নিজের সব সহায়-সম্পত্তি লিখে দিয়ে গিয়েছেন জনকল্যাণের জন্য।

শেষ বয়সে অনেকটাই নিঃসঙ্গ ছিলেন আমাদের এ জেনারেল। বাইরে থেকে কঠিন মনে হলেও খুবই কোমল মনের মানুষ ছিলেন। সাধারণ ছিল তাঁর জীবন যাপন। সিলেট শহরের নাইওরপুল এলাকায় তাঁর বাড়িটি বৃহস্পতিবার কোলাহলময় হয়ে উঠত। প্রায় বৃহস্পতিবারেই তিনি ঢাকার ‘জনতা ভবন’ ছেড়ে সিলেট চলে যেতেন। পরদিন শুক্রবার দরগাহ মাজারে জুম্মার নামাজ আদায় করতেন। এমনি এক শুক্রবার বিকেলে জেনারেল তাঁর প্রিয় দুই কুকুর নিয়ে খেলছিলেন। এরমধ্যেই কোন এক গ্রাম থেকে এক মুক্তিযোদ্ধার মৃত্যুর খবর নিয়ে আসলেন কেউ একজন।

কিছুক্ষণ নীরব থেকে জেনারেল ওসমানী দাঁড়িয়ে গেলেন। আশেপাশে বসে গল্প করা লোকজনও দাঁড়ালেন। এসবই ছিল তাঁর জীবনের কায়দা কানুন। যারা আশেপাশে থাকতেন, তাদের জানা হয়ে গিয়েছিল জেনারেলের মেজাজি আচরণ। প্রয়াত সেই মুক্তিযোদ্ধার মৃত্যুতে শোক জানিয়ে অস্ফুট উচ্চারণে বলেছিলেন, দা নেশন উইল রিমেম্বার ইউ মাই সান !

উপস্থিতদের মধ্যে সবচেয়ে অল্প বয়স্ক ছিলাম বলেই হয়ত। কথাটি বলে আমার দিকে কয়েক সেকেন্ড তাকিয়েছিলেন ওসমানী।

যখনই কোন মুক্তিযোদ্ধার মৃত্যুর খবর পাই, তাঁর দা নেশন উইল রিমেম্বার ইউ- কথাটি মনে পড়ে।

যদিও একসময় দেখেছি রাষ্ট্র জেনারেল ওসমানীকেই ভুলে গেছে। মুক্তিযুদ্ধ নিয়ে, স্বাধীনতা নিয়ে কোন আলোচনায় তাঁর নাম উচ্চারিত হতে দেখিনি বহুদিন। রাষ্ট্র পরিচালনায় যারা ছিলেন, তারা নিজেদের ইতিহাস আওড়াতে আওড়াতে অন্যের অবদান আর বীরত্বের কথা বেমালুম ভুলে গিয়েছিলেন। এ ভুলে যাওয়ার মাশুলও তাদের দিতে হয়েছে।

১ সেপ্টেম্বর বাংলা মাটির খাঁটি সন্তান জেনারেল ওসমানীর জন্ম বার্ষিকী। পরিবর্তন প্রত্যাশী বাংলাদেশের আগামী অগ্রযাত্রায় এ মহান মানুষটিকে আসুন আমরা স্মরণ করি শ্রদ্ধা ও ভালোবাসার উর্মিলনে।

ইসলামে মতপ্রকাশের স্বাধীনতা

মুফতি আবু দারদা

মতপ্রকাশের স্বাধীনতা ব্যক্তি-অধিকারের অন্তর্ভুক্ত। ব্যক্তির এই অধিকার ইসলাম সর্বতোভাবে স্বীকার করে। ভিন্ন কিছু চিন্তা করে তা মানুষের সামনে উপস্থাপন করতে ইসলামে কোনো বিধিনিষেধ নেই। বরং নিজস্ব অনুভব-অনুভূতি ও মতামত প্রকাশে গুরুত্বারোপ করে ইসলাম। তবে তা যেন অন্যের প্রতি জুলুম হয়ে না যায়, সেদিকে খেয়াল রাখতে হবে।

ইসলামি সভ্যতার শুরু থেকেই এই অধিকার চর্চিত হয়ে আসছে। স্বাধীনভাবে নিজের মতামত জানানো একজন মুসলমানের জন্য আবশ্যক। কারণ, মানুষের কল্যাণকামনা করা আল্লাহ তাআলা তার জন্য আবশ্যক করেছেন। সৎ কাজের আদেশ এবং অসৎ কাজে নিষেধ করতে নির্দেশ দিয়েছেন। স্বাধীন মতপ্রকাশ যেহেতু এসব দায়িত্বপালনে আবশ্যক, তাই মতপ্রকাশের



স্বাধীনতাও একজন মুসলমানের জন্য আবশ্যক হয়ে পড়ে।

কোরআন-হাদিসের বিভিন্ন স্থানে কল্যাণকামিতার কথা আলোচিত হয়েছে। রাসুল (সা.) বলেছেন, ‘ধর্ম কল্যাণকামিতার নাম।’ সাহাবিরা জিজ্ঞেস করলেন, ‘কার কল্যাণকামনা হে আল্লাহর রাসুল (সা.)?’ তিনি বললেন, ‘আল্লাহ, তাঁর কিতাব, তাঁর রাসুল (সা.), মুসলিম শাসক ও সাধারণ মানুষের।’ (মুসলিম, হাদিস: ২৮)

স্বাধীন মতামতদানের ঘটনা সাহাবা ও তাঁদের পরবর্তী যুগে খুবই সাধারণ ব্যাপার ছিল। একবার খলিফা ওমর (রা.) মসজিদে দেনমোহরবিষয়ক আলোচনা করছিলেন, সেখানে এক নারী দাঁড়িয়ে তাঁর বক্তব্যের প্রতিবাদ জানান। খলিফা তাঁকে বাধা দেননি। বরং নিজের ভুল স্বীকার করে নিয়ে বলেন, ‘একজন নারী সঠিক কথা বলল আর ওমর ভুল করল।’ (তাফসিরে কুরতুবি: ৫/৫৯)

অবশ্য এই স্বাধীনতা কল্যাণের পথে প্রয়োগ করতে হবে। মতপ্রকাশের নামে কারও ক্ষতি করা ইসলাম অনুমোদন করে না। তাই মন্তব্যকারীকে সৎ ও দায়িত্বশীল হতে হবে। সমালোচনা হতে হবে বস্তুনিষ্ঠ। যথাযথ প্রমাণের ভিত্তিতে সে যা সত্য মনে করে, তা-ই নিঃসংকোচে প্রকাশ করবে, সেই সত্য যত তিক্তই হোক না কেন।

KARNAFULLY HOME CARE
KARNAFULLY HOME CARE
[কর্ণফুলী ট্যাক্স সার্ভিসের আরেকটি বিশ্বস্ত প্রতিষ্ঠান]
সততা এবং বিশ্বস্ততাই আমাদের বৈশিষ্ট
WE CARE YOUR FAMILY LIKE OURS
মেডিকেইড অনুমোদিত
CDPAP - এর আওতায়
আপনার পছন্দসই প্রিয়জনকে
সর্বোচ্চ স্বাস্থ্যসেবা
প্রদানের মাধ্যমে
অর্থ উপার্জন করুন
NYS Department of Health CDPAP
হোম কেয়ার সার্ভিস
নিলে আপনিও পেতে পারেন
প্রতি মাসে বাড়ি ভাড়া বাবদ
সর্বোচ্চ $৮০০ । আজই আসুন
Mohammed Hasem, MBA
President and CEO
347-621-6640
Fax: 347-338-6799
karnafullyhc@gmail.com
hasem@lovetocarehhc.com
info@lovetocarehhc.com
Main Office
167-18 Hillside Avenue, 2nd Fl
Jamaica, NY, 11432
Jackson Heights Branch
37-20 74th Street, 2nd Fl
Jackson Heights, NY, 11372
Buffalo Branch
1114 Walden Avenue
Buffalo, NY, 14211
www.lovetocarehc.com

ELECTION COMMISSION 2024

BANGLADESH SOCIETY INC.

বাংলাদেশ সোসাইটি ইনক

86-24 Whitney Avenue, Elmhurst, New York 11373 • Tel: 718-440-8547
info@electioncommissionbds.com • www.bangladeshsocietyinc.com

A Not-For-Profit, Tax Exempt 501(c)(3) Socio-Cultural Organization. Established: 1976 * Tax ID: 80-0508683

নির্বাচনী ইশতেহার

এতদ্বারা বাংলাদেশ সোসাইটির সকল সম্মানিত সদস্য/সদস্যাবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সোসাইটির নির্বাহী কমিটির ২০২৫-২৬ মেয়াদের জন্য নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। নিম্নে বর্ণিত সময়সূচী অনুযায়ী নির্বাচনী কার্যক্রম পরিচালনা করা হবে। এতে আপনাদের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

THE ELECTION SCHEDULE IS AS FOLLOWS:

ACTIVITIES	DAY	DATE	TIME
Distribution of Nomination Form/Package	Sunday	Aug 25, 2024	5:00 pm to 9:00 pm
Submission of Nomination	Monday	Sep 02, 2024	5:00 pm to 9:00 pm
Scrutiny	Tuesday	Sep 03, 2024	4:00 pm to 8:00 pm
Primary List	Wednesday	Sep 04, 2024	5:00 pm to 7:00 pm
Appeal	Thursday	Sep 05, 2024	5:00 pm to 8:00 pm
Withdrawal of Nomination	Saturday	Sep 07, 2024	5:00 pm to 8:00 pm
Diclaration final list of the Candidates	Sunday	Sept 08, 2024	5:00 pm to 8:00 pm
Election	Sunday	Oct 27, 2024	9:00 am to 9:00 pm

1. The Election for the Executive Committee of Bangladesh Society, Inc. will be held according to the rules and regulations set forth in the election by-laws and in the constitution of the society.
2. The Election Commission may terminate candidacy of the candidate(s) any time for violation of any rule/regulation set forth in the election by-laws and in the constitution.
3. The Election Commission will not be responsible legally or by any other means for any irregularities in the voter list, or any discrepancies in the constitution or its by-laws.
4. Members with any questions regarding the voter list should contact the Executive Committee of the Bangladesh Society, Inc.
5. Any discrepancies found in the voter list will have to be corrected by the Executive Committee of Bangladesh Society, Inc. on the basis of appropriate documentation. The executive committee must notify the Election Commission in writing about any correction by August 31, 2024; after that date no correction will be accepted by the Commission.
6. There are 19 posts for the Executive Committee of Bangladesh Society, Inc.

POSTS	NUMBER OF POSTS
President	1
Senior Vice-President	1
Vice- President	1
General Secretary	1
Assistant General Secretary	1

POSTS	NUMBER OF POSTS
Treasurer	1
Organizing Secretary	1
Departmental Secretary	6
Executive Member	6

7. **Nomination form must bear the original signature of the Election Commission** (Photo copies not acceptable). **Each nomination form must be submitted with the designated fee (non-refundable) and the candidates photo ID.** The following forms of identification will be accepted. Photocopy of drivers license, State ID, Green Card, Work Authorization Card or Passport. If the nomination form is submitted by an agent, the agent must submit an affidavit on proof of authenticity of the documents along a notarized copy of the document.
8. Each candidate must notary the affidavit section of the nomination form. Without notary, nomination form will stand void.
9. **Any incomplete form will stand as void and there will be no refund of fee for any void form.**
10. Non-refundable nomination fee payable to Election Commission BS must be paid by postal money order (preferable) or cash (in case of any emergency) only.
11. Mailing, notifications, declarations, dissemination & add in different media will be executed by the Commission.
12. **ELIGIBILITY by-laws of the Constitution.**
    a) To be eligible for election as an office bearer of the Executive Committee (EC), the candidate shall be a member in good standing for **two consecutive calendar years and at least 22 years of age.**
    b) To be eligible for election as President and General Secretary of the EC, the candidate shall be a member in good standing for a minimum of last three consecutive calendar years up to the election year. Notarized proof for membership in good standing for a minimum of last three consecutive calendar years up to the election year from any two current Officials, president, General Secretary or Treasurer of the Society must be submitted with the nomination papers.
    c) **President and General Secretary** shall be limited to **two consecutive terms** only.
    d) **President, General Secretary** and **Treasurer** shall not hold **same position** in any other organization for the period they shall serve in the Executive Committee of the Society. Notarized affidavit must be submitted with the nomination form.
    e) To be eligible to contest in the election for the post of **President, General Secretary** and **Treasurer**, the member shall be at least **legal resident** (Green Card Holder) of the United States of America. **Original document of residency status** and a **copy** must be produced to the Commission if nomination is submitted in person but if submitted by an agent, the agent must submit **affidavit** on proof of authenticity of the document and a notarized copy of this document with the nomination papers.
    f) To be eligible for election as an office bearer of the EC, the candidate must not have any criminal judgement, under the Criminal Court within last 7 years.
13. The Election commission shall decide any matter that is undefined, unclear and contradict in either part of the election by-laws or the constitution. Commission reserves all rights to make any necessary modifications to these clauses and add additional clauses if necessary.

Interested candidates are advised to obtain the package containing election materials by paying $500.00 (non refundable) fee in cash from the office of the Election Commission on the schedule date and time.

নির্বাচনের তারিখ: ২৭শে অক্টোবর, ২০২৪ রবিবার (সকাল ৯টা থেকে রাত ৯টা) স্থান: পরে জানানো হবে

নির্বাচন সংক্রান্ত যাবতীয় তথ্যের জন্য নির্বাচন কমিশনের সাথে যোগাযোগ করতে অনুরোধ করা যাচ্ছে

Election Commission 2024 / নির্বাচন কমিশন ২০২৪

S.M. Jamal U. Ahamed (Jony)	Mohammed A. Hakim Miah	Mohammed Anwar Hussain	Mohammed A. Mannan	Mohammed Helal Uddin	Mehboobur Rahman (Badal)	Ahhab Chowdhury
Chief Election Commissioner	*Election Commissioner*	*Election Commissioner*	*Election Commissioner*	*Election Commissioner*	*Election Commissioner*	*Election Commissioner*
718-288-3838	347-332-3653	347-429-5932	646-752-5385	917-660-4668	347-993-6461	917-969-1991

Law Offices

এক্সিডেন্ট কেইসেস

মেডিক্যাল ম্যালপ্র্যাকটিস ও হাসপাতালের ত্রুটিপূর্ণ শিশুর জন্ম

917-282-9256

(To schedule appointment only)

বিনামুল্যে পরামর্শ, প্রয়োজনে এটর্নী আপনার বাসায় অথবা হাসপাতালে আসবেন

Moin Choudhury, Esq.
Attorney at Law
এটর্নী মঈন চৌধুরী

আমরা অতীতে আমাদের ক্লায়েন্টদের জন্য মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি।

নিউইয়র্ক, নিউজার্সি, মিশিগান
পেনসিলভেনিয়া, কানেকটিকাট, ফ্লোরিডা
জর্জিয়া ও ভার্জিনিয়াতে
আমাদে সহযোগী - লাইসেন্স প্রাপ্ত এটর্নীরা
আপনাদের সেবায় নিয়োজিত

Timothy Bompart, Esq
Attorney at Law

- গাড়ী দুর্ঘটনা
- বিল্ডিং এ দুর্ঘটনা,
- কাজের জায়গায় দুর্ঘটনা
- ট্রিপ এন্ড ফল
- বিকলাঙ্গ শিশুর জন্য

এপয়েন্টমেন্টের জন্য কল করুন
৯১৭-২৮২-৯২৫৬

- কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- লেড পয়জনিং

ইমিগ্রেশন

- পলিটিক্যাল এসাইলাম
- বিনা পরীক্ষায় নাগরিকত্ব
- এডজ্যাস্টম্যান্টে অব স্টেটাস (গ্রীন কার্ড)

IMMIGRATION

- স্টুডেন্ট ভিসা
- ইনভেষ্টমেন্ট ভিসা
- বৈবাহিক সূত্রে গ্রীন কার্ড
- ডিপোর্টেশন কেইসেস
- ভিজিট ভিসা - এক্সটেনশন সহ
- সকল প্রকার ইমিগ্রেশন

সকল প্রকার ইমিগ্রেশন বিষয়ে কনসালটেশন ফি নুন্যতম ৫০ ডলার

Law offices of Timothy Bompart

37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Moin Choudhury Law Firm, P.C 292000 Southfield Road, Suite # 108, Southfield, MI 48076

Immigration Petitions & Adjustment of Status.

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court. Prior result do not guarantee the outcome of any future cases.

আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

-যারা এক বছর বা তার আগে গ্রীনকার্ডের জন্য এপ্লাই করে অপেক্ষা করছেন তাদের জন্য রয়েছে সুখবর।

-আমরা এখন H1B ও EB5 এর ব্যাপারেও সহায়তা করি।

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি

FRANCHISE BROKER ACADEMY
Member

H1B	L1A VISA
EB5	E2 VISA
POLITICAL ASYLUM	

Captor USA, Inc.

Franchise & Business Consulting Firm

37-16, 73rd Street, Suite #402, Jackson Heights, NY 11372
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, (646) 707 9067; Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com
New address 37-16, 73 street, Suite # 402, Jackson Heights, NY 11372

হটলাইন : +১ ২০১ ৪৫৬ ৩১০৩
সপ্তাহে ৭ দিনই খোলা

নিউইয়র্ক সিটি স্কুলে সেলফোন এখনই নিষিদ্ধ হচ্ছে না

উত্তর আমেরিকা অফিস

নিউইয়র্ক শহরের স্কুলে শিক্ষার্থীদের সেলফোন ব্যবহার সীমিত করার পরিকল্পনা এখনই বাস্তবায়ন করছে না সিটি কর্তৃপক্ষ। কৌশলগত কিছু কারণে এই পরিকল্পনাটি বাস্তবায়নে কিছুটা বিলম্ব করা হচ্ছে। প্রাথমিকভাবে ধাপে ধাপে সেলফোন নিষিদ্ধ করার চিন্তাও করছে সিটি কর্তৃপক্ষ।

সিটি মেয়র এরিক অ্যাডামস বলেন, স্কুলগুলিতে কিছু স্তরের ফোন বিধিনিষেধ প্রয়োগ করা হবে। তবে কর্মকর্তাদের পরিকল্পনাটি নিখুঁত করার জন্য সময় প্রয়োজন। কৌশলগত কিছু কারণে সেলফোন নিষিদ্ধ করার পরিকল্পনাটি বাস্তবায়নে একটু বিলম্ব করা হচ্ছে। অ্যাডামস বলেন, নিষেধাজ্ঞার বিষয়ে প্রশাসন বিশদ বিবরণ তৈরি করেছে। তবে ক্লাসরুম থেকে শেখার বিভ্রান্তি অবশ্যই সরিয়ে ফেলতে হবে।

তিনি বলেন, এই মুহুর্তে এমন কিছু স্কুল রয়েছে যেখানে ইতিমধ্যেই সেলফোনে নিষেধাজ্ঞা রয়েছে৷ কিন্তু সব স্কুলে নিষেধাজ্ঞা দিতে কিছুটা সময় লাগবে।

প্রধান উপদেষ্টার সঙ্গে

প্রথম পৃষ্ঠার পর

মির্জা ফখরুল বলেন, অত্যন্ত ফলপ্রসূ আলোচনা হয়েছে। আমরা অত্যন্ত আশাবাদী যে, এই অন্তর্বর্তীকালীন সরকার- যার নেতৃত্বে ড. মুহাম্মদ ইউনূস রয়েছেন, তাদের আন্তরিকতা, দেশপ্রেম এবং যোগ্যতা দিয়ে খুব দ্রুত একটা স্থিতিশীল অবস্থায় নিয়ে আসতে পারবেন। একই সঙ্গে তারা একটা নির্বাচনের দিকেও যেতে পারবেন। প্রয়োজনীয় সংস্কারগুলো তারা পূরণ করবেন বলে আমরা বিশ্বাস করি। আজকে আমাদের আলোচনা অত্যন্ত ফলপ্রসূ হয়েছে।

এক প্রশ্নের জবাবে তিনি বলেন, এটা উনারাই বলবেন, কতদিনের মধ্যে তারা (নির্বাচন দিতে) পারবেন।

অন্তর্বর্তী সরকার রাজনৈতিক দলগুলোর সঙ্গে কবে আলোচনা করবে- জানতে চাইলে বিএনপি মহাসচিব বলেন, পর্যায়ক্রমে রাজনৈতিক দলগুলোর সঙ্গে আলোচনা হবে।

বিএনপির পক্ষ থেকে নির্বাচনের জন্য সম্ভাব্য তারিখ দেয়া হয়েছে কি না- এমন প্রশ্নের জবাবে ফখরুল বলেন, আমরা কোন তারিখ বলিনি। প্রয়োজনে উনারাই তো তারিখ বলবেন, আমরা তারিখ বলবো না।

ড. মুহাম্মদ ইউনূস প্রধান উপদেষ্টা হিসেবে শপথ নেয়ার পর গত ১২ আগস্ট বিএনপি মহাসচিবের নেতৃত্বে ৭ সদস্যের স্থায়ী কমিটি যমুনায় প্রথম বৈঠক করেন।

ওদিকে প্রধান উপদেষ্টার প্রেস উইং থেকে পাঠানো বিজ্ঞপ্তিতে জানানো হয়, বিএনপি প্রতিনিধিরা মূলত বর্তমান সরকারের বিভিন্ন ক্ষেত্রে সংস্কার ভাবনা, নির্বাচন নিয়ে তাদের চিন্তাভাবনা সম্পর্কে মতবিনিময় করেন। তারা বলেছেন যে এই সরকারের গৃহিত পদক্ষেপগুলোর ব্যাপারে তাদের পূর্ণ সমর্থন আছে। ভবিষ্যতেও এই সমর্থন থাকবে। বর্তমান সরকারের পক্ষ থেকে যেন যতো তাড়াতাড়ি সম্ভব সংস্কার এবং নির্বাচন প্রসঙ্গে রাজনৈতিক দলগুলোর সঙ্গে ব্যাপক ভিত্তিক সংলাপ শুরুর ঘোষণা দেয়া হয়, সে ব্যাপারে তারা অনুরোধ করেন। তারা দেশের অর্থনৈতিক পরিস্থিতি সম্পর্কেও জানতে চান এবং অর্থনৈতিক পরিস্থিতি নিয়ে যে শঙ্কা ও সম্ভাবনা আছে সে ব্যাপারেও তারা একমত পোষণ করেন। সবশেষে তারা এই প্রত্যয় ব্যক্ত করেন যে, বর্তমান সরকার সংস্কার এবং নির্বাচন সম্পর্কিত এবং অর্থনৈতিক শৃঙ্খলা রক্ষার জন্য যে পদক্ষেপগুলো নেবে সেটা নিয়ে সবাই একসাথে কাজ করবে এবং তারা সেটার একটি সমন্বিত অংশীদার হবেন।

রাজনৈতিক দলগুলোর সংস্কার

প্রথম পৃষ্ঠার পর

যৌক্তিকভাবে কমানো যায়। সেটা সংশ্লিষ্ট মন্ত্রণালয় কাজ শুরু করেছে। প্যাকেজটা যে বাড়তি এবং এটা কমানো সম্ভব, যা প্রাথমিক বিশ্লেষণে দেখা গেছে। কমানোর জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।'

আওয়ামী লীগ সরকারের আমলের সুবিধাভোগী অনেক কর্মকর্তা নিজেদের বঞ্চিত দাবি করে বর্তমান সরকারের সুযোগ-সুবিধা নেওয়ার চেষ্টার অভিযোগের বিষয়ে প্রশ্ন করা হলে তিনি বলেন, 'কোনো কর্মকর্তার বিরুদ্ধে দুর্নীতির সুস্পষ্ট অভিযোগ থাকলে তাঁর ব্যাপারে আমরা আমাদের অবস্থান জানাচ্ছি। সরকারকে কাজ চালাতে গেলে ভালো কিছু কর্মকর্তা-কর্মচারীর দরকার পড়ে। যদি আমরা দেখি কারও দক্ষতা আছে, তাঁর ব্যাপারে তাৎক্ষণিক সিদ্ধান্ত নেওয়ার প্রয়োজন নেই। আমাদেরতো কাজটা নিয়ে আগাতে হবে।'

তিনি বলেন, 'আগের সময়ের (হাসিনা সরকার) কেউ ভালো পদে থাকে, সে ক্ষেত্রে আমরা যদি কাউকেই নেব না এমন নীতিগত সিদ্ধান্তে চলে যাই, তাহলে কাজ আগায় কেমন করে? সেটা বড় প্রশ্ন। কারও ব্যাপারে সুনির্দিষ্ট অভিযোগ থাকলে সেটা জানাবে। এ রেজিম, সেই রেজিম, আগের রেজিম, পরের রেজিম বললে আমাদের সঙ্গে অন্যদের তফাৎটা কী? একটা তফাৎতো আমাদের আনতে হবে। সুনির্দিষ্ট অভিযোগ থাকলে জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানাবেন।'

'আন্তর্জাতিক কনভেনশন ফর দ্য প্রোটেকশন অব অল পারসনস ফ্রম ফোর্সড ডিসঅ্যাপিয়ারেন্স' সনদে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস স্বাক্ষর করেছেন জানিয়ে বন, পরিবেশ ও জলবায়ু উপদেষ্টা বলেন, 'আমরা অনেকেই এমন পরিস্থিতির মুখোমুখি হয়েছি। আর যেন কেউ কখনো নিজের ক্ষমতা কুক্ষিগত করতে কোনো বাহিনীকে দিয়ে, কোনো পদ্ধতির মাধ্যমে; সরকার বিরোধিতা করা হচ্ছে, আইন-শৃঙ্খলার অবনতি হচ্ছে, জাতীয় স্বার্থের বাইরে কাজ করা হচ্ছে—এসব বলে গুম করতে না পারে। তার জন্য এ কনভেনশনে স্বাক্ষর করেছি। সরকার এ নিয়ে প্রয়োজনীয় আইন সংস্কার করবেন।'

বৈষম্যমূলক নীতি বিবেচনায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের পরিবারের সদস্যদের নিরাপত্তায় প্রণীত বিশেষ বিধান রোহিত করার সিদ্ধান্ত নিয়েছে উপদেষ্টা পরিষদ জানিয়ে সৈয়দা রিজওয়ানা হাসান বলেন, 'আমাদের এই সরকারটা হচ্ছে বৈষম্যবিরোধী আন্দোলনের আউটকাম। সেখানে নিরাপত্তা সংস্থা এ রকম বিশেষ নিরাপত্তার দরকার আছে বলে মনে করে না।'

অন্তর্বর্তীকালীন সরকার দায়িত্বের এক মাসে কী কী কাজ করেছে সেসব বিষয় লিখিত আকারে জানানো হবে বলে জানান বন, পরিবেশ ও জলবায়ু উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান। একই সঙ্গে সাফ অনূর্ধ্ব-২০ ফুটবলে চ্যাম্পিয়ন হওয়ায় বাংলাদেশ দলকে সরকার সংবর্ধনা দেবে বলেও জানান তিনি।

এদিকে আজ বৃহস্পতিবার বিকেলে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে বৈঠক করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। বৈঠক শেষে মির্জা ফখরুল বলেন, 'ফলপ্রসূ আলোচনা হয়েছে। আমরা অত্যন্ত আশাবাদী অন্তর্বর্তীকালীন সরকার নিয়ে। তারা তাদের আন্তরিকতা, দেশপ্রেম এবং যোগ্যতা দিয়ে খুব দ্রুতই একটা স্ট্যাবল অবস্থায় নিয়ে আসতে পারবেন। একই সঙ্গে তারা একটা নির্বাচনের দিকেও যেতে পারবেন। প্রয়োজনীয় সংস্কারও করবেন।'

ট্রাম্প কমলার বিতর্ক নিয়েই চলছে

প্রথম পৃষ্ঠার পর

বলছেন না , তাঁর মাইক খোলা থাকবে, কি থাকবে না ! ২৭ জুন ট্রাম্প বাইডেনের বিতর্কের পর আমেরিকার রাজনীতি নাটকীয়ভাবে ঘুরে যায়। বিতর্কে চরম ব্যর্থ হওয়ার পর সব প্রস্তুতি থাকার পরও নির্বাচন থেকে সরে দাঁড়াতে অনেকটাই বাধ্য হয়েছেন প্রেসিডেন্ট জো বাইডেন। ট্রাম্পের কাছে নাকানিচুবানি খাওয়া জ বাইডেনের রাজনৈতিক জীবনেরও অবসান ঘটেছে ২৭ জুনের ব্যর্থতার জের ধরে।

আগে থেকেই নির্ধারিত ছিল ১০ সেপ্টেম্বর দুই দলের প্রার্থীর মধ্যে দ্বিতীয় দফা বিতর্ক হবে। এখন বিতর্কে ট্রাম্পের সাথে দাঁড়াবেন ডেমোক্র্যাট দলের পরিবর্তিত আনুষ্ঠানিক প্রার্থী কমলা হ্যারিস। প্রথম বিতর্কে নিয়ম করা হয়েছিল যিনি কথা বলবেন, তিনিই শুধু কথা বলবেন। অন্যজনের মাইক বন্ধ থাকবে। আগে থেকে কোন নোট না নিয়ে উভয়েই বিতর্কে যোগ দেবেন। ডেমোক্র্যাট প্রচারণা পক্ষ থেকে দাবি করা হয় এবারের বিতর্কে মাইক উন্মুক্ত থাকবে। ডোনাল্ড ট্রাম্প অনেক অসত্য কথা বিতর্কে নিয়ে আসেন, এর জবাব সঙ্গে সঙ্গে দিতে পারবেন কমলা হ্যারিস- এমন মনে করেই নিয়ম পরিবর্তনের কথা বলছেন তারা।

ডেমোক্র্যাট শিবিরের দাবি, মাইক্রোফোন চালু থাকলে বিতর্কে চলাকালে একজন কথা বলার সময় অন্যজন তাতে হস্তক্ষেপ করতে পারবেন এবং মঞ্চে দুই প্রার্থীই একে অপরের পাল্টাপাল্টি মতামত দিতে পারবেন। তবে রিপাবলিকান শিবির বলছে, বাইডেনের সঙ্গে বিতর্কের সময় মাইক্রোফোন বন্ধ থাকাটা বেশ কাজে দিয়েছিল। কমলার শিবির বিতর্ক থেকে সরে যেতে নতুন উপায় বের করতে চাইছে।

এ নিয়ে ট্রাম্প সামাজিক যোগাযোগমাধ্যমে লিখেছেন, 'আমি কমলার সঙ্গে কেন ওই মাধ্যমে বিতর্ক করব?'

কমলার মুখপাত্র ব্রায়ান ফ্যালন বলেছেন, 'বিতর্কের সময় মাইক চালু থাকলে পরস্পরের বক্তব্য অনেক সময় ধরা যাবে। ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস ট্রাম্পের ক্রমাগত মিথ্যা ও কথা বলার সময় বাধা দেওয়ার বিষয়টি মোকাবিলায় প্রস্তুত। মিউট বোতামের আড়ালে ট্রাম্পের লুকানো উচিত নয়।'

> মঙ্গলবার রাতে ট্রুথ সোশ্যালে দেয়া অপর এক পোস্টে ট্রাম্প বলেছেন, কমলা হ্যারিসের সাথে আগের কথা অনুযায়ী মাইক মিউট রেখেই তিনি বিতর্কে যোগ দেবেন। তিনি বলেছেন 'কমরেড কমলা হ্যারিসের সাথে তিনি আগের নিয়মেই বিতর্ক করবেন বলে সমঝোতা হয়েছে।

ট্রাম্পের প্রচার শিবিরের জ্যেষ্ঠ উপদেষ্টা জ্যাসন মিলার বলেন, সিএনএনে বিতর্কের নিয়মে তাঁরা রাজি হয়েছিলেন। এখন নতুন করে নিয়ম পরিবর্তন করা হলে তাতে তাঁরা সম্মতি দেবেন না।

এ বিষয়ে এবিসির পক্ষ থেকে কোনো মন্তব্য করা হয়নি। ট্রাম্পের পক্ষ থেকে ৪ সেপ্টেম্বর ফক্স নিউজে একটি বিতর্ক করতে চেয়েছিলেন ট্রাম্প। কমলার প্রচার শিবির তাতে রাজি হয়নি। অন্যদিকে রিপাবলিকান ভাইস প্রেসিডেন্ট প্রার্থী সিনেট জে ডি ভ্যান্স ডেমোক্রেটিক পার্টির মিনেসোটার গভর্নর টিম ওয়াল্টজ ১ অক্টোবর সিবিএস নিউজে বিতর্কে অংশ নেবেন।

আমেরিকার জটিল রাজনৈতিক প্রক্রিয়ায় জাতীয়ভাবে জনমতে এগিয়ে থাকা পার্থী নির্বাচনে হেরে যেতে পারেন ইলেক্টোরেল ভোটের হিসেবে। রাজ্যের জনসংখ্যা অনুযায়ী এসব ইলেক্টোরেল ভোট নির্ধারিত। শিকাগো কনভেনশনের পর জাতীয়ভাবে গড়ে কমলা ট্রাম্পের চেয়ে তিন পয়েন্টে এগিয়ে রয়েছেন। কমলার জনপ্রিয়তা ৪৯ শতাংশ ও ট্রাম্পের ৪৬ শতাংশ জাতীয়ভাবে। সুইং স্টেটেও অনেক পিছিয়ে থাকা অবস্থা থেকে প্রতিদিনই জনমতে এগিয়ে যাচ্ছেন কমলা হ্যারিস। মাত্র দুই মাস আগেও ডেমোক্র্যাটদের মধ্যে যে হতাশা ছিল, এখন আর তেমনটি মনে হচ্ছে না। নির্বাচনে জয়ের ব্যাপারে তাদের আশাবাদ এখন চরমে।

এদিকে সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিরুদ্ধে ২০২০ সালের নির্বাচনী ফল পাল্টে দেওয়ার চক্রান্ত-সংক্রান্ত করা মামলায় একটি নতুন অভিযোগ আনা হয়েছে। গত মঙ্গলবার স্পেশাল কাউন্সেল জ্যাক স্মিথ নতুন অভিযোগটি এনেছেন।

ট্রাম্পের বিরুদ্ধে ২০২০ সালের নির্বাচনী ফল পাল্টে দেওয়ার চক্রান্ত-সংক্রান্ত মামলাটি করা হয়েছিল গত বছর। এতে অভিযোগ ছিল চারটি। নতুন 'সংশোধিত' অভিযোগে সেই চারটি অভিযোগই রয়েছে। তবে সেগুলোর আওতা আগের চেয়ে কমেছে।

নতুন অভিযোগের বিশেষ দিক হলো এতে ট্রাম্পকে সাবেক প্রেসিডেন্ট হিসেবে নয়, বরং দেশটিতে অনুষ্ঠেয় প্রেসিডেন্ট নির্বাচনে একজন রাজনৈতিক নেতা হিসেবে তাঁর পুনরায় নির্বাচিত হতে চাওয়াকে চ্যালেঞ্জ করা হয়েছে। আগামী কয়েক সপ্তাহের মধ্যে ওয়াশিংটনের জেলা বিচারক তানিয়া চুটকান নতুন অভিযোগ নিয়ে শুনানি করবেন বলে আশা করা হচ্ছে। তখন মামলাটি কীভাবে এগোবে, সে বিষয়ে সিদ্ধান্ত হতে পারে।

সর্বোচ্চ আদালতের দায়মুক্তির কারণে ট্রাম্পের বিরুদ্ধে উত্থাপিত নতুন অভিযোগের আওতা কমে এসেছে। তাই সুপ্রিম কোর্টের দায়মুক্তির রায়ের ভিত্তিতেই জেলা বিচারক তানিয়া চুটকানকে সিদ্ধান্ত দিতে হবে। তবে দেশটির আগামী ৫ নভেম্বরের প্রেসিডেন্ট নির্বাচনের আগে মামলাটির বিচারপ্রক্রিয়া তেমন একটা এগোবে না বলে ধারণা করা হচ্ছে। নতুন অভিযোগের কঠোর সমালোচনা করেছেন ট্রাম্প। নিজের সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে দেওয়া এক পোস্টে ট্রাম্প লিখেছেন, 'পুরো মামলাটি সুপ্রিম কোর্টের দায়মুক্তির রায়ের ভিত্তিতেই পরিচালিত হতে হবে। সুপ্রিম কোর্টের সিদ্ধান্তকে পাশ কাটানোর জন্য স্মিথ একই মামলা নতুন করে উত্থাপন করেছেন।'

মঙ্গলবার রাতে ট্রুথ সোশ্যালে দেয়া অপর এক পোস্টে ট্রাম্প বলেছেন, কমলা হ্যারিসের সাথে আগের কথা অনুযায়ী মাইক মিউট রেখেই তিনি বিতর্কে যোগ দেবেন। তিনি বলেছেন 'কমরেড কমলা হ্যারিসের সাথে তিনি আগের নিয়মেই বিতর্ক করবেন বলে সমঝোতা হয়েছে। বিতর্কের আয়োজক এবিসি নিউজকে 'ফেইক নিউজ' উল্লেখ করে ট্রাম্প তাঁর স্বভাবসুলভ বাক্যবাণে বলেছেন, নৈরাজ্যবাদী কমলা হ্যারিসের সাথে ২৭ জুনের আদলেই তিনি বিতর্কে অংশ গ্রহণ করবেন।

বন্যার ক্ষতচিহ্ন ভেসে উঠছে

প্রথম পৃষ্ঠার পর

ভাসায় নিয়ে গেছে।"

নিস্পৃহ কণ্ঠে কথাগুলো বলছিলেন কুমিল্লার দাগনভুঞা উপজেলার মোমারিজপুর গ্রামের বাসিন্দা তাহেরা বেগম। সত্তরোর্ধ্ব এই নারী পরিবারের আরও চার সদস্য নিয়ে থাকতেন ছনের ছাদ দেয়া মাটির বাড়িতে।

ফেনীতে যখন বন্যা হানা দেয় প্রথম ধাক্কাতেই তার গ্রাম ভেসে বিলীন হয়ে যায়। তাহেরা বেগম আর তার পরিবার কোনও রকমে স্থানীয়দের সহায়তায় পাশের একটি মাদ্রাসায় আশ্রয় নেন। এখন পানি কমার পর তিনি বাড়ি ফিরেছেন ঠিকই, কিন্তু ওই বাড়িতে থাকার মতো অবস্থা নেই। ঘরের মাটির মেঝে নরম হয়ে পা ডুবে যাচ্ছে। ছাদ আর দেওয়াল ছাড়া কিছুই নেই। ঘরে ফিরেও ঘর পাওয়া হয়নি তার।

ফেনী সদর উপজেলার বাসিন্দা নাহিদা আঞ্জুমান পাঁচ তলা ভবনের নিচতলায় থাকতেন তার পাঁচ সদস্যের পরিবার নিয়ে।

কিন্তু বন্যার পর থেকে তাদের সবার ঠাঁই হয়েছে দোতলায় প্রতিবেশীর বাসায়। এবারের বন্যায় ২৪ ঘণ্টার মাথায় তাদের একতলার বাসা প্রায় ছাদ অবধি ডুবে যায়। এখন বন্যার পানি ধীরে ধীরে নামতে শুরু করলেও ঘরে ফেরার কোনও অবস্থা নেই।

বন্যার পানি বৃদ্ধি এত আকস্মিক ছিল যে অধিকাংশ পরিবার ঘরের প্রয়োজনীয় দ্রব্যাদি সরানোর সুযোগও পায়নি।

"পানি এতো দ্রুত বেড়েছে এক কাপড়ে বের হয়ে আসছি। আমার সব ফার্নিচার নষ্ট হয়ে গিয়েছে। টিভি আর জরুরি কিছু কাগজ কোনওভাবে উপরে এনেছি। ফ্রিজটা আনতে পারি নাই। আলমারির কাপড়-চোপড়, বিছানা-বালিশ, বই খাতা সব ভেসে গিয়েছে।"

"এখন বাসা ভর্তি শুধু কাদা, ময়লা-আবর্জনা। আমরা জাস্ট জিরো হয়ে গিয়েছি," বলতে বলতে কণ্ঠরোধ হয়ে আসছিল তার।

এদিকে, কুমিল্লার বুড়িচং উপজেলায় গত দুইদিন কোনও বৃষ্টিপাত না হলেও এখনও সেখানকার জনপদ, বিশেষ করে বাকশীমুল, হরিপুর ও যদুপুর ইউনিয়ন পানিতে ডুবে আছে।

কুমিল্লা জেলা সদরের আশেপাশের দেড় কিলোমিটার এলাকাগুলোয় পানি সম্পূর্ণ নেমে গেলেও জীবন সেখানে এখনও ছন্নছাড়া।

জেলা সড়কের অধিকাংশ অংশ কংক্রিটের স্তর সরে ভেঙে গিয়েছে। পরিস্থিতি এমন যে সেখানে কোনও অটোরিক্সা চলার অবস্থা নেই। আরো খারাপ অবস্থা গ্রামের ভেতরে ছোট অলিগলি ও কাঁচা সড়কগুলোতে।

এমন অবস্থায় কুমিল্লার বন্যাপীড়িত অনেক গ্রাম এখন বলতে গেলে যোগাযোগ বিচ্ছিন্ন অবস্থায় আছে। স্বেচ্ছাসেবীদের কোনও যান সেখানে ঢুকতে পারছে না।

স্থানীয় বাসিন্দা আরিফুর রহমান জানান, "রাস্তাঘাট একদমই ব্যবহার উপযোগী নাই। তার মধ্যে সন্ধ্যা হলেই ওই রাস্তায় কেউ চলতেও ভয় পায়। বন্যার পর থেকে প্রতিদিন আমি শুনি মসজিদ থেকে মাইকিং হয়, সড়কে অপরিচিত মানুষের আনাগোনা দেখা যাচ্ছে। স্থানীয়রা সতর্ক থাকুন। চিন্তা করেন, আমরা কতোটা অনিরাপদ আছি।"

বন্যায় ছোট-বড় সড়কগুলো যে ক্ষতির মুখে পড়েছে সেগুলো মেরামতে সরকারি, বেসরকারি প্রতিটি পর্যায় থেকে দ্রুত পদক্ষেপ নেওয়ার আহ্বান জানান তিনি।

বন্যায় ক্ষতিগ্রস্তদের তালিকায় আছেন মাছের ব্যবসায়ীরাও। কুমিল্লার মনোহরগঞ্জ উপজেলার ১১টি ইউনিয়নের বহু মাছ চাষি ও খামারি একদম নিঃস্ব হয়ে গিয়েছেন। স্থানীয় বাসিন্দা ইসমাইল হোসেন জানান, "আমাদের এখানে প্রচুর মাছের ঘের ছিল। এবারে বন্যার পানি এতো উঠেছে, এতো স্রোত, সব ভেসে গেছে। অনেক বড় চাষি আছেন, কোটি কোটি টাকার বিনিয়োগ, তাদের ভয়াবহ ক্ষতি হয়েছে। আর ছোট চাষি যারা ১০/১৫ লাখ টাকা খাটিয়েছেন তাদের এখন পথে বসার অবস্থা।"

অন্যদিকে, অনেক মুরগির খামার বন্যায় ভেসে গিয়েছে। যাদের গবাদি পশু ছিল, বন্যার পানির কারণে তাদের অনেক গরুর খুরা রোগ দেখা দিতে শুরু করেছে।

"একে তো আমাদের এদিকে ত্রাণ বলতে গেলে আসছেই না। যতোটুকু বা আসে, সেখানে তো পশুখাদ্য নাই। ঘাস যে খাবে, ওইটাও তো পানির নিচে। গরুগুলা না খেয়ে আছে কয়েকদিন!" বলছিলেন ইসমাইল হোসেন।

কুমিল্লা সদরের একটি সেলুনে দৈনিক মজুরির ভিত্তিতে কাজ করেন দুলাল চন্দ্র শীল। বন্যার কারণে পরিবার নিয়ে এখন তার ঠাঁই হয়েছে পাশের একটি স্কুল ভবনে। সেলুন বন্ধ থাকায় কোনও আয়-রোজগার নেই। এবারের বন্যার ক্ষতি কীভাবে পুষিয়ে উঠবেন সেটা ভাবতেই দিশেহারা হয়ে পড়ছিলেন তিনি।

"পানি নামার পর প্রতিদিন একবার বাসা দেখে আসি। আমার যে ঘরে পাকা মেঝে, সেটা ফেটে গিয়েছে। আর মাটির মেঝেতে পা দেবে যাচ্ছে। ভিটে যে কোনও সময় ভেঙে পড়তে পারে। আমি দৈনিক তিনশ বা চারশ টাকায় কাজ করি। যে ক্ষতি হয়েছে এটা তো সারা জীবনেও ঠিক করতে পারব না। কেউ কী আশ্রয়ে থাকতে চায়?"

বন্যা কবলিত এলাকাগুলোয় বন্যার পানি যতো নামছে ততোই স্পষ্ট হয়ে উঠছে ক্ষয়ক্ষতির এমন অসংখ্য চিহ্ন। এই পরিস্থিতি কবে স্বাভাবিক রূপে ফিরবে সেই সদুত্তর নেই কারও কাছে।

পরিস্থিতি ব্যাখ্যা করতে গিয়ে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সচিব মো. কামরুল হাসান জানিয়েছেন তারা বিগত ৪০ বছরে এরকম বন্যা দেখেননি।

এবারে বন্যা প্রলম্বিত হয়েছে, ক্ষয়ক্ষতিও হয়েছে অনেক। ক্ষয়ক্ষতির পরিমাণ নিরূপণে মূল্যায়নের কথা জানিয়েছেন তিনি।

"পানি যখন নামতে থাকে তখন অবকাঠামো নষ্ট হওয়া, রোগের প্রাদুর্ভাব দেখা দেওয়া স্বাভাবিক। আমরা অ্যাসেস করে বিষয়গুলো সংশ্লিষ্ট সব মন্ত্রণালয়কে জানাচ্ছি, তারা তাদের মতো পরিকল্পনা করে ব্যবস্থা নেবেন। এক কথায় বন্যা পরবর্তী পুনর্বাসনের কাজটা আমরা সমন্বয়ের ভিত্তিতেই করছি। সবার আগে সড়কগুলো চলাচলের উপযোগী করাই প্রধান লক্ষ্য," জানান তিনি। তবে বন্যায় যারা বাড়িঘর হারিয়েছেন তাদেরকে মানবিক সহায়তা হিসেবে টিন এবং প্রতি বান্ডেল টিন বাবদ তিন হাজার করে টাকা দেওয়ার কথা জানিয়েছেন তিনি।

কিন্তু ক্ষয়ক্ষতির হিসেব করলে সরকারি এই সহায়তা বেশ নগণ্য বলেই মনে করেন স্থানীয়রা। এক্ষেত্রে তাদের বাড়িঘর মেরামতে বড় কোনও উদ্যোগের আভাসও পাওয়া যায়নি। এছাড়া সড়ক সংস্কারের কাজও শুরু হবে পানি পুরোপুরি নেমে যাওয়ার পর। এমন অবস্থায় বন্যার মতো দুর্ভোগও প্রলম্বিত হওয়ার আশঙ্কা স্থানীয়দের।

এদিকে বন্যাপীড়িত এলাকায় খাদ্য সংকট লাঘবে ত্রাণ সহায়তা অব্যাহত আছে। তবে দুর্গতরা জানিয়েছেন ত্রাণ সহায়তা বেশি পাচ্ছেন সড়কের পাশের ও সম্মুখ এলাকাগুলোর বাসিন্দারা। কিন্তু প্রত্যন্ত এলাকায় সহায়তা যাচ্ছে কম। এমন অনেক স্থানেই এখন ত্রাণের জন্য হাহাকার চলছে। প্রশাসনের সমন্বয়হীনতায় ত্রাণ বিতরণে এমন অবস্থা তৈরি হয়েছে বলে অনেকেরই অভিযোগ।

উল্লেখ্য গত এক সপ্তাহ আগে ভারী বর্ষণে ও উজানের পানিতে কুমিল্লা, চট্টগ্রাম, খাগড়াছড়ি, নোয়াখালী, মৌলভীবাজার, হবিগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া, সিলেট, লক্ষ্মীপুর ও কক্সবাজার জেলা বন্যায় আক্রান্ত হয়। এসব জেলার ৭৩টি উপজেলা বন্যা প্লাবিত এবং ক্ষতিগ্রস্ত হয়।

বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণের সর্বশেষ বার্তা অনুযায়ী দেশের সব নদীর পানি কমতে কমতে এখন বিপদসীমার নিচে নেমে এসেছে। ফলে বন্যা পরিস্থিতি এখন ক্রমান্বয়ে উন্নতি হবে বলে আশা করা হচ্ছে। তবে বন্যা কবলিত বেশিরভাগ এলাকা গত সাতদিন ধরই বিদ্যুৎ বিচ্ছিন্ন থাকায় বানভাসি মানুষের ভোগান্তি এখনও কমেনি। সন্ধ্যা ঘনাতেই মানুষের প্রতিটি মুহূর্ত কাটছে উদ্বেগ আর উৎকণ্ঠায়।

এ বিষয়ে গত সপ্তাহে বিদ্যুৎ ও জ্বালানি উপদেষ্টা মুহাম্মদ ফাওজুল কবির খান সাংবাদিকদের জানিয়েছিলেন, বন্যাকবলিত এলাকায় দুর্ঘটনা এড়াতে বিদ্যুতের লাইন বন্ধ রাখা হয়েছে।

ইতোমধ্যে ক্ষয়ক্ষতির তালিকা তৈরি করা হয়েছে। পানি নেমে যাওয়ার সঙ্গে সঙ্গে বিদ্যুতের লাইন চালু করা হবে।

এদিকে বন্যা কবলিত এলাকায় পানিবাহিত নানা রোগের প্রকোপ দেখা দিয়েছে। স্থানীয় হাসপাতালগুলোয় ডায়রিয়া ও চর্মরোগ নিয়ে মানুষ হাসপাতালে আসছে বলে জানা গিয়েছে। সবচেয়ে বেশি আক্রান্ত হচ্ছে শিশুরা।

বাংলাদেশী তথ্য প্রযুক্তি প্রতিষ্ঠান এস জে ইনোভেশনের ২০ বৎসর পূর্তি উদযাপন

উত্তর আমেরিকা অফিস

১৮ আগস্ট বিশ্বমানের কাস্টম সফটওয়্যার ডেভেলপমেন্ট সল্যুশন সরবরাহকারী প্রতিষ্ঠান এসজে ইনোভেশন-এর ২০তম প্রতিষ্ঠা বার্ষিকী উদ্‌যাপিত হয়েছে। ২০0৪ সালে নিউ ইয়র্ক সিটিতে মাত্র দুই জন মানুষের উদ্যোগে যাত্রা শুরু করে প্রতিষ্ঠানটি আজ একটি বিশ্বব্যাপী পরিচিত কোম্পানিতে রূপান্তরিত হয়েছে। যদিও এসজে ইনোভেশন-এর প্রধান কার্যালয় নিউ ইয়র্কে কিন্তু ২০০৬ সালে তারা ভারতের গোয়া শহরে একটি অফিস নির্মাণ করেছেন।, তার সাথে সাথে বাংলাদেশও প্রতিষ্ঠানটির সু প্রসারে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। ২০07 সালে ঢাকা এবং ২০১৬ সালে সিলেটে অফিস স্থাপনের মাধ্যমে বাংলাদেশে প্রতিষ্ঠানটি তার কার্যক্রম আরো প্রসারিত করেছে। বর্তমানে, প্রতিষ্ঠানটির ৮০ জনেরও অধিক দক্ষ পেশাজীবী কর্মী বাংলাদেশে নিবেদিতভাবে কাজ করে যাচ্ছেন।।

উদ্ভাবনের জগতে এসজে ইনোভেশন

দুই দশকেরও বেশি দীর্ঘ যাত্রায়, এসজে ইনোভেশন বিশ্বজুড়ে তাদের গ্রাহকদের জন্য সর্বোচ্চ মানের ওয়েব এবং সফটওয়্যার সল্যুশন সরবরাহ করে আসছে এবং বর্তমানে AI-প্রথম সফটওয়্যার সল্যুশনের দিকে মনোনিবেশ করেছে যা টেক ইন্ডাস্ট্রিতে অত্যন্ত কার্যকর ভূমিকা পালন করছে।

এসজে ইনোভেশন-এর গুণগত মান এবং প্রতিশ্রুতি বিভিন্ন স্বীকৃতির মাধ্যমে সুস্পষ্টভাবে প্রতিফলিত হয়েছে। প্রতিষ্ঠানটি আইএসও সার্টিফিকেশন অর্জন করেছে, ক্লাচের স্বীকৃতি পেয়েছে, এবং INC. 5000 তালিকায় স্থান পেয়েছে। এছাড়াও, নিউ ইয়র্ক সিটিতে মাইনোরিটি এন্ড বিজনেস এন্টারপ্রাইজ (এমবিই) সার্টিফিকেশন লাভ করেছে। প্রতিষ্ঠানটি ঢাকা, সিলেট (বাংলাদেশ) এবং গোয়া শহরে(ভারত) অফিস স্থাপন করেছে, এবং ২০09 সালে একটি নিবেদিত কোয়ালিটি অ্যাস্যুরেন্স (QA) টিম প্রতিষ্ঠা করেছে।

এসজে ইনোভেশন-এর সিইও 'শাহেদ ইসলাম' বলেছেন, "বিশ বছর আগে আমরা একটি স্বপ্ন নিয়ে এই যাত্রা শুরু করেছিলাম। আজ, আমাদের বার্ষিকী উদযাপনের সময় আমি গর্বিত যা আমরা অর্জন করেছি, বিশেষ করে আমার নিজের দেশ বাংলাদেশে। ঢাকায় এবং সিলেটে আমাদের অফিসের উন্নতি দেখে আমি অত্যন্ত খুশি। আমাদের বৈশ্বিক সাফল্য গোয়া এবং বাংলাদেশের টিমের নিষ্ঠা এবং প্রতিভার প্রমাণ। সামনে, আমরা উদ্ভাবন চালিয়ে যাওয়ার এবং এমন AI সমাধান প্রদানের জন্য উচ্ছ্বসিত যা আমাদের গ্রাহকদের বিভিন্ন সমস্যার সমাধান করবে।"

শেখ হাসিনাসহ ২৭ সাংবাদিকের বিরুদ্ধে ট্রাইব্যুনালে

প্রথম পৃষ্ঠার পর

বিষয়টি নিশ্চিত করে আইনজীবী এমএইচ গাজী তামিম বলেন, গত ৫ আগস্ট রাজধানীর শ্যামলী রিং রোডে বিজয় মিছিল চলাকালে গুলিতে নিহত হয় রিহান। সে মিরপুর বিসিআইসি কলেজের একাদশ শ্রেণির শিক্ষার্থী ছিল। আইনশৃঙ্খলা বাহিনী গুলি চালালে রিহানের মুখে, মাথায় ও গলায় গুলি লাগে। এতে ঘটনাস্থলেই সে মারা যায়।

আসামিরা হলেন–সাবেক সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনা, সেতুমন্ত্রী ওবায়দুল কাদের, স্বরাষ্ট্রমন্ত্রী আসাদ্দুজ্জামান খান কামাল, আইনমন্ত্রী মো. আনিসুল হক, পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ, তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু, ক্ষামন্ত্রী মুহিবুল হাসান চৌধুরী নওফেল, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক, তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত, বস্ত্র ও পাট মন্ত্রী জাহাঙ্গীর কবির নানক, ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আতিকুল ইসলাম, সাবেক পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) চৌধুরী আব্দুল্লাহ আল মামুন, ডিএমপির সাবেক ডিবিপ্রধান হারুন অর রশিদ, সাবেক ডিএমপি কমিশনার হাবিবুর রহমান, সাবেক র‍্যাবের মহাপরিচালক মো. হারুন অর রাশিদ, ডিএমপির সাবেক যুগ্ম কমিশনার বিপ্লব কুমার সরকার, বহিষ্কৃত মেজর জেনারেল জিয়াউল আহসান, আদাবর থানার সাবেক ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মাহাবুব রহমান, ছাত্রলীগের সাধারণ সম্পাদক শেখ ওয়ালী আসিফ ইনান, সাবেক বিচারপতি এ এইচ এম শামসুদ্দিন চৌধুরী মানিক, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মুহাম্মদ জাফর ইকবাল, নিঝুম মজুমদার, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক মেজবাহ কামাল, সাবেক প্রধানমন্ত্রীর প্রেস সচিব নাঈমুল ইসলাম খান ও সাবেক প্রধানমন্ত্রীর তথ্য উপদেষ্টা ইকবাল সোবহান চৌধুরী।

এ ছাড়া ৩২ জন সাংবাদিককে আসামি করা হয়েছে। তারা হলেন–মোজাম্মেল বাবু, নবনীতা চৌধুরী, সুভাষ সিংহ রায়, আহমেদ জোবায়ের, তুষার আব্দুল্লাহ, সাইফুল আলম, নঈম নিজাম, আবেদ খান, প্রভাষ আমিন, ফারজানা রুপা, শাকিল আহমেদ, মিথিলা ফারজানা, জায়েদুল আহসান পিন্টু, মঞ্জুরুল ইসলাম, আশীস সৈকত, মানষ ঘোষ, প্রণব সাহা, মাসুদা ভাট্টি, মুন্নী সাহা, জ ই মামুন, স্বদেশ রায়, সোমা ইসলাম, শ্যামল সরকার, অজয় দাশ ও আশরাফুল আলম খোকন।



বন্যায় ৩১ মৃত্যু, ক্ষতিগ্রস্ত ৫৮ লাখ মানুষ

ঢাকা অফিস

দেশে চলমান বন্যায় ৩১ জনের মৃত্যু হয়েছে বলে জানিয়েছেন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব কেএম আলী রেজা। এ ছাড়া ক্ষতিগ্রস্ত হয়েছেন ৫৮ লাখ ২২ হাজার ৭৩৪ জন। ২৮ আগস্ট বুধবার দুপুরে সচিবালয়ে মন্ত্রণালয়ের সভা কক্ষে বন্যা পরিস্থিতি নিয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে অতিরিক্ত সচিব এ সব কথা বলেন।

অতিরিক্ত সচিব জানান, দেশের পূর্বাঞ্চল এবং দক্ষিণ-পূর্বাঞ্চলে বন্যায় এখন পর্যন্ত ৩১ জনের মৃত্যু হয়েছে; যার মধ্যে কুমিল্লায় ১২ জন, ফেনীতে ২, চট্টগ্রামে ৫, খাগড়াছড়িতে ১, নোয়াখালীতে ৬, ব্রাহ্মণবাড়ীয়ায় ১, লক্ষ্মীপুরে ১ ও কক্সবাজারে ৩ জন মারা গেছেন। মৌলভীবাজারে দুই ব্যক্তি এখনও নিখোঁজ রয়েছেন।

তিনি জানান, আক্রান্ত ১১ জেলার ৭৩ উপজেলায় ক্ষতিগ্রস্ত ইউনিয়ন/পৌরসভা ৫২৮টি। ১১ জেলায় মোট ১২ লাখ ২৭ হাজার ৫৫৪টি পরিবার পানিবন্দি হয়ে পড়েছে। ক্ষতিগ্রস্ত লোকসংখ্যা ৫৮ লাখ ২২ হাজার ৭৩৪ জন। পানিবন্দি ও ক্ষতিগ্রস্ত লোকদের আশ্রয় দেওয়ার জন্য মোট ৪ হাজার ৩টি আশ্রয়কেন্দ্র খোলা হয়েছে। অশ্রয়কেন্দ্রগুলোয় মোট ৫ লাখ ৪০ হাজার ৫১০ ব্যক্তি ও ৩৯ হাজার ৫৩১ গবাদি পশুকে আশ্রয় দেওয়া হয়েছে।

আলী রেজা জানান, ক্ষতিগ্রস্তদের চিকিৎসা সেবা দিতে মোট ৬১৯টি মেডিক্যাল টিম সেবা দিয়ে যাচ্ছে। ক্ষতিগ্রস্তদের জন্য নগদ বরাদ্দ ১ কোটি বাড়িয়ে ৪ কোটি ৫২ লাখ টাকা করা হয়েছে। বন্যা কবলিত এলাকায় সরকারি-বেসরকারিসহ সব পর্যায় থেকে ত্রাণ বিতরণ অব্যাহত আছে।

তিনি জানান, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়কদের সংগৃহীত মোট ৮৮ হাজার ৫০০ প্যাকেট শুকনা খাবার, কাপড় ও পানি, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদফতরের (ডিডিএম) মাধ্যমে বন্যাকবলিত এলাকায় পাঠানো হয়েছে।

ভারতের সঙ্গে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক চায় জামায়াত

ঢাকা অফিস

শফিকুর রহমান

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির শফিকুর রহমান বলেছেন, তাঁর দল ভারতের সঙ্গে সৌহার্দ্যপূর্ণ ও স্থিতিশীল সম্পর্ক চায়। তবে নয়াদিল্লিকে তার প্রতিবেশী দেশগুলোকে নিয়ে পররাষ্ট্রনীতি পুনর্বিবেচনা করতে হবে। একই সঙ্গে তিনি বলেছেন, দ্বিপক্ষীয় সম্পর্কের ক্ষেত্রে একে অপরের অভ্যন্তরীণ বিষয়ে নাক গলানোও বন্ধ করতে হবে।

ভারতীয় সংবাদ সংস্থা পিটিআইকে দেওয়া সাক্ষাৎকারে জামায়াতের আমির বলেন, তাঁর দল ভারত ও বাংলাদেশের মধ্যে ঘনিষ্ঠ সম্পর্ককে সমর্থন করে, কিন্তু এটাও বিশ্বাস করে যে বাংলাদেশের উচিত অতীত পেছনে ফেলে মার্কিন যুক্তরাষ্ট্র, চীন ও পাকিস্তানের মতো দেশগুলোর সঙ্গে শক্তিশালী ও ভারসাম্যপূর্ণ সম্পর্ক বজায় রাখতে হবে।

জামায়াতে ইসলামীকে ভারতবিরোধী হিসেবে ভাবাটা নয়াদিল্লির ধারণা উল্লেখ করে শফিকুর রহমান বলেন, ‘জামায়াতে ইসলামী কোনো দেশের বিরুদ্ধে নয়। এটি একটা ভুল ধারণা, এই ধারণা পরিবর্তন করা দরকার।। আমরা বাংলাদেশপন্থী এবং আমরা একমাত্র বাংলাদেশের স্বার্থ রক্ষায় আগ্রহী।’ এ সময় তিনি জানান, সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা পালিয়ে ভারত না গেলেই ভালো হতো। তিনি আরও জানান, শেখ হাসিনার বাংলাদেশে ফিরে এসে আইনের মুখোমুখি হওয়া উচিত।

শফিকুর রহমান বলেন, ‘ভারত আমাদের প্রতিবেশী ও আমরা একটি ভালো, স্থিতিশীল এবং সৌহার্দ্যপূর্ণ দ্বিপক্ষীয় সম্পর্ক চাই। যা–ই হোক, ভারত অতীতে এমন কিছু কাজ করেছে, যা বাংলাদেশের জনগণ ভালোভাবে নেয়নি।’ তিনি বলেন, ‘উদাহরণস্বরূপ, ২০১৪ সালের বাংলাদেশের নির্বাচনের সময় এক ভারতীয় কূটনীতিক ঢাকা সফর করেছিলেন এবং নির্বাচনে কার অংশগ্রহণ করা উচিত এবং কাদের উচিত নয়—সেই বিষয়ে নির্দেশনা দিয়েছিলেন। এটি অগ্রহণযোগ্য। কারণ, এটি একটি প্রতিবেশী দেশের ভূমিকা নয়। আমরা বিশ্বাস করি, ভারত অবশেষে তার পররাষ্ট্রনীতি পুনর্মূল্যায়ন করবে। বাংলাদেশের বিষয়ে আমরা মনে করি, একে অপরের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ বন্ধ করা উচিত।’

জামায়াতের আমির বলেন, জামায়াতে ইসলামী চায়, ভারত বন্ধু হোক এবং দ্বিপক্ষীয় সম্পর্কের ক্ষেত্রে একটি দায়িত্বশীল ভূমিকা পালন করুক।



বাড়ি বিক্রয়!

ব্রঙ্কস এলাকায় দুই ফ্যামেলী বাড়ি বিক্রয় করা হবে।

লোকেশন

ক্যাসেল হিল এভিনিউ, জেরেগা এভিনিউ, মরিস পার্ক এবং পেলাম পার্কওয়ে। যা বাংলাদেশি কমিউনিটির প্রাণকেন্দ্রে। বাংলাদেশী সুপার মার্কেট, মসজিদ, ট্রেন, স্কুল খুব নিকটে।

আগ্রহীরা যোগাযোগ করুন :

আলি: 917-442-8648

জব জবহেল্প জব

JOB HELP & APPLICATION PROCESSING SERVICES

সরকারি জব	বেসরকারি জব	এপ্লিকেশন প্রসেসিং
১. পোস্টাল জব	১.কাস্টমার সার্ভিস	১.নিউ পাসপোর্ট/নবায়ন
২. সিটি জব	২.অফিস আডমিন	২. ডুয়েল সিটিজেনশিপ
৩.সিভিল সার্ভিস জব	৩.ম্যানুফ্যাকচারিং জব	৩.পাসপোর্ট কারেকশন
৪.ইউ, এস, এ জব	৪. ডেলিভারি জব	৪. ফুড স্ট্যাম্প
৫.এম, টি, এ জব	৫. রেস্টুরেন্ট জব	৫.NYC হাউজিং /এফোর্ডএবল
৬. আই ,টি ইঞ্জিনিয়ার	৬. ট্রান্সপোর্টেশন জব	৬. মেইক রেজুমি /কভার লেটার

ট্রেনিং প্রোগ্রাম:

১।পোস্টাল জব (USPS)---(শনিবার—বৃহস্প তিবার)---------- (স:১০টা --বি: ৬টা)
২। ট্রাফিক এন.এজেন্ট ---------------------------রবিবার ------------(বি: ২টা --বি: ৪টা)
৩।স্কুল সেফটি এজেন্ট ---------------------মঙ্গলবার ---------------(দু:১২টা --বি: ২টা)
৪ ।বেসিক কম্পিউটার ---------------- --------শনিবার---------------(বি:৩ টা ---বি: ৫টা
৫।৬ঘন্টা ডি.ডি.সি (ডিফেন্সিভ ড্রাইভিং কোর্স)------------------(স: ১০টা --বি: ৬টা)
৬।ট্যুরস এন্ড ট্রাভেলস --(নায়গ্রাফলস/W .DC /PA/নিউ ইয়র্ক এর ২০ টি স্থানে 1/2/3/5 দিনের ভ্রমণ।

POSTAL JOB : (করণীয়):

১। একবার পাশ করলে ৫০টি স্টেটের যেকোনো স্টেটে জব নেয়া সম্ভব।
২। সব স্টেটে বেতন আউটডোর পজিশন 19.33/ঘণ্টা , ইনডোর পজিশন 20.05/ঘন্টা। পেনশন, প্রমোশন, ওভারটাইম, ছুটি, ইন্সুরেন্স, ইত্যাদি সকল সুবিধা বিদ্যমান।
৩। পরীক্ষায় খুব ভাল স্কোর নিয়ে পাশ করতে হয়।
৪। গ্রীন কার্ড /সিটিজেন (৫ বৎসরের রেসিডেন্স) বয়স কমপক্ষে ১৮ বৎসর ,উর্দ্ধসীমা নাই।
৫। এব্যাপারে এক্সাম এর জন্য "জব হেল্প "সেন্টারের সহযোগিতা নিতে পারেন।
৬। নিয়মিত জব সার্চ এর ব্যাপারে "জব হেল্প" থেকে প্রশিক্ষণ দেয়া হয়।
৭। একবার ফেল করলে বা ইমপ্রোভমেন্ট দিতে হলে ২ বৎসর অপেক্ষা করতে হয়।
৮। আবেদন দাখিলের পর নিয়মিত ই-মেইল চেক করতে হয়. ইন্টারভিউ, ড্রাগটেস্ট, এক্সেপ্ট/ডিক্লাইন , ব্যাক-গ্রাউন্ড চেক ও ফিঙ্গারপ্রিন্ট এর ব্যাপারে অত্র প্রতিষ্টান জব পাওয়ার পূর্ব পর্যন্ত সার্বিক সহযোগিতা দিয়ে থাকে।

Job Help –Mob: **917-500-3937** Off: PH/FAX: **917-300-6160**

148-45, Hillside Ave(2nd FL), Suite 203(A), Jamaica, NY 11435 By 'F' Train or BusQQ40,Q43,Q44,Q20A,Q20B to Sutphin Blvd.

জান্নাত ফার্মেসি

(জ্যাকসন হাইটসে সম্পূর্ন বাংলাদেশী মালিকাধীন প্রতিষ্ঠান)

GRAND RE-OPENING SALES

আপনার সেবায় আমরা নিয়োজিত
Now We Accept EBT, FOOD STAMP & OTC CARD
Bill Pay & Flexiload
Sim Activation
বাংলাদেশের ফোনে ফ্লেক্সিলোড

72-03 35th Ave, (Corner of 72nd St.) Jackson Heights, NY 11372
Tel: 718-732-4288, 718-835-2041, Fax: 718-732-4287,
Email: jannatpharmacy@gmail.com

ঔষধ সেবনের নির্দেশনা বাংলায় দেই
Free Delivery!
10% SENIOR DISCOUNT
Halal Vitamin & Supplements
5¢ Copy & $1 Fax
Phone Cards & Flexiload
Huge 99¢ Sections
Open: Monday – Saturday
10:00 am to 8:00 pm

উডসাইডে আপনাদের পাশে
Bismillah Pharmacy
6409 Broadway woodside
NY 11377
Phone 718-685-2017

জামাইকার সাটফিন ব্লুবার্ডে বাংলাদেশীদের সেবায় নিয়োজিত

আস্-সালাম ফার্মের্সি

(সাটফিন ব্লুবাড, এফ ট্রেনের সাবওয়ে এবং তাজমহল রেস্টুরেন্টের নিকটে)
১৪৭-২৬, হিলসাইড এভিনিউ, জামাইকা, নিউইয়র্ক ১১৪৩৫

ফোন: ৭১৮-২৯১-০৭১৭

Akash Medical Care

আকাশ মেডিক্যাল কেয়ার

Akash Ferdaus MD
Internal & Geriatric Medicine

হার্টের ডাক্তার
Sudhesh Srivastava MD
Cardiologist

পায়ের ডাক্তার
Dr. M Nayeem
Podiatric Surgeon

- Complete Physical & Follow up
- DMV/TLC, School Physical
- Flu Shots, Hajj & Umrah Vaccine
- Blood, Urine Test, EKG
- Immigration Physical
- Podiatric Surgery
- COVID Test & COVID Vaccine
- All Types of Vaccine

FOR APPOINTMENT
718-431-0009
Hours:
Mon-Sat 10 AM to 8 PM

79 Church Avenue, Brooklyn, NY 11218

বন্যার্তদের সহযোগিতায় জালালাবাদ এসোসিয়েশন ঢাকা

হবিগঞ্জ প্রতিনিধি

হবিগঞ্জে বন্যার্ত স্বজনের পাশে দাঁড়িয়েছে জালালাবাদ এসোসিয়েশন, ঢাকা। ২৬ আগস্ট সোমবার হবিগঞ্জ প্রেসক্লাব মিলনায়তনে সদর উপজেলার বন্যায় ক্ষতিগ্রস্ত লোকজনের হাতে নগদ অর্থ তুলে দেয়া হয় ঐতিহ্যবাহী জালালাবাদ এসোসিয়েশন, ঢাকার পক্ষ থেকে।

বাংলাদেশ এনার্জি রেগুলেটারী কমিশনের চেয়ারম্যান ও জালালাবাদ শিক্ষা ট্রাস্টের সদস্য সচিব জালাল আহমেদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ অর্থ তুলে দেন।

এসোসিয়েশনের আজীবন সদস্য তোফাজ্জল সোহেল এর সঞ্চালনায় এসময় উপস্থিত ছিলেন বৃন্দাবন সরকারি কলেজের অবসরপ্রাপ্ত অধ্যক্ষ পরিবেশ সংগঠক অধ্যাপক মোঃ ইকরামুল ওয়াদুদ, উপ-মহা পুলিশ পরিদর্শক এজাজ আহমেদ, ডেপুটি অ্যাটর্নি জেনারেল, ফয়েজ আহমেদ, বৃন্দাবন সরকারি কলেজের অবসরপ্রাপ্ত অধ্যক্ষ অধ্যাপক ইলিয়াস বখত চৌধুরী জালাল, সরকারি মহিলা কলেজের অবসরপ্রাপ্ত অধ্যক্ষ অধ্যাপক জাহান আরা খাতুন, মুক্তিযোদ্ধা মোহাম্মদ আলী মোমিন, হবিগঞ্জ প্রেসক্লাবের সাবেক সভাপতি এডভোকেট রুহুল হাসান শরীফ, শোহেব চৌধুরী, এডভোকেট নিগার আহমেদ প্রমুখ।

জালালাবাদ এসোসিয়েশনের সাধারণ সম্পাদক আনোয়ার হোসেন চৌধুরী জানান, এসোসিয়েশনের পক্ষ থেকে বৃহত্তর সিলেটের বাণভাসি মানুষের জন্য প্রাথমিকভাবে ১৪ লক্ষ টাকা বরাদ্ধ প্রদান করা হয়েছে। পরিস্থিতি বিবেচনা করে আরো সহযোগিতা করা হবে।

হবিগঞ্জ জেলার জন্য প্রথম পর্বে ২ লক্ষ ৬০ হাজার বরাদ্ধ প্রদান করা হয়েছে। আজ হবিগঞ্জ সদর উপজেলায় বন্যায় ক্ষতিগ্রস্ত লোকজনের মধ্যে ৫০ হাজার টাকা প্রদান করা হয়।

কুমিল্লার ব্রিটানিয়া বিশ্ববিদ্যালয়ের ভিসি পালিয়ে বেড়াচ্ছেন

এস. হাসান

সুরজিত সর্ববিদ্যা

শিক্ষার্থীদের অসন্তোষ ব্যাপক বিক্ষোভে ফেটে পড়ার আশংকায় কুমিল্লার ব্রিটানিয়া বিশ্ববিদ্যালয় বর্তমানে চরম উত্তেজনা ও সংকটের সম্মুখীন। অস্থিরতা শুরু হয়েছিল যখন ছাত্ররা অনলাইন ক্লাসের মাধ্যমে তাদের শিক্ষা চালিয়ে যাওয়ার জন্য বিশ্ববিদ্যালয়ের প্রস্তাব প্রত্যাখ্যান করেছিল, ইতিমধ্যেই দুর্নীতি সহ নানা বিতর্কের কারণে প্রতিষ্ঠানে উত্তেজনাকে আরও বাড়িয়ে তোলে।

ট্রাস্টি বোর্ডের (বিওটি) চেয়ারম্যানের বিরুদ্ধে দুদুকে তিনটি গুরুতর মামলা বিচারাধীন থাকায় ব্রিটানিয়া বিশ্ববিদ্যালয় একাধিক আইনি লড়াইয়ে জড়িয়ে পড়েছে। অভিযোগ রয়েছে আওয়ামী লীগের সাবেক শিক্ষামন্ত্রী নওফেলের প্রভাবের কারণে, তিনি তার একজন শক্তিশালী সমর্থক বলে মনে করা হয়।

বর্তমান ভিসি সুরজিত সর্ববিদ্যাকে নিয়োগে সব নিয়ম-নীতি লঙ্ঘনের অভিযোগ উঠেছে বিওটি চেয়ারম্যান ও ব্রিটেনে প্রবাসী আওয়ামী লীগ নেতা সৈয়দ এহসানুল হকের বিরুদ্ধে। সর্ববিদ্যা, তিনি কোষাধ্যক্ষ হিসেবে কাজ করেন, তিনি অসংখ্য দুর্নীতির অভিযোগের কেন্দ্রবিন্দুতে রয়েছেন। প্রতিষ্ঠাতা সদস্যদের পাশ কাটিয়ে প্রায় এক দশক ধরে তিনি বিশ্ববিদ্যালয়ের উপর নিয়ন্ত্রণ বজায় রেখেছেন। দুর্নীতি, স্বজনপ্রীতি এবং কর্তৃত্ববাদের কারণে অনেক শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারী প্রতিষ্ঠান ত্যাগ করে ছাত্র, অভিভাবক এবং বিশ্ববিদ্যালয়ের কর্মচারীরা এই শাসনের অধীনে ভোগান্তির শিকার হয়েছেন বলে জানা গেছে।

মোহাম্মদ আলী

মোহাম্মদ আলীর জব হেল্পে'র ২১তম ক্লাস শুরু ৮ অক্টোবর

উত্তর আমেরিকা অফিস

নিউইয়র্কে বাংলাদেশিদের জন্য চাকুরি সংক্রান্ত সেবা দিয়ে বেশ খ্যাতি অর্জন করেছে মোহাম্মদ আলীর প্রতিষ্ঠিত 'জব হেল্প অ্যান্ড এপ্লিকেশন প্রোসেসিং সার্ভিস'। প্রতিষ্ঠানটির ২০তম ক্লাস শেষ হচ্ছে আগামী ১ অক্টোবর এবং ৮ অক্টোবর থেকে শুরু হবে ২১তম ক্লাস।

জানা গেছে, প্রতিষ্ঠানটি কমিউনিটির বিভিন্ন স্তরের মানুষ বিশেষ করে তরুণদের চাকরি সংক্রান্ত সেবা করে যাচ্ছে। প্রতিষ্ঠানটির সার্ভিসের মধ্যে রয়েছে-পোস্টাল জব, সিটি জব, সিভিল সার্ভিস জব, ইউএসএ জব, এমটিএ জব, কাস্টমার সার্ভিস, সিকিউরিটি জব, অফিস অ্যাসিসট্যান্ট, ম্যানুফ্যাকচারিং জব, ডেলিভারি জব, রেস্টুরেন্ট জব, ট্রান্সপোর্টেশন জব এবং রিজুমি তৈরি।

দরখাস্ত প্রোসেসিং সার্ভিসের মধ্যে রয়েছে-সিটিজেনশিপ, পাসপোর্ট নবায়ন, দ্বিনাগরিকত্ব, নো ভিসা রিকয়ারমেন্ট ফর ট্রাভেল, পাসপোর্ট সংশোধন, ফুডস্ট্যাম্প, ওম্যান ইনফ্যান্ট অ্যান্ড চিলড্রেন প্রোগ্রাম, এনওয়াইসি হাউস, এফরডেবল হাউস এবং টিএলসি লাইসেন্স প্রোসেসিং।

'জব হেল্প'-এর প্রতিষ্ঠাতা মোহাম্মদ আলী বলেন, কমিউনিটির মানুষদের চাকুরি সংক্রান্ত সেবা দিতে আমরা কাজ করে যাচ্ছি। বিদেশের মাটিতে এসে বাংলাদেশিরা চাকুরি খুঁজতে গিয়ে বিপাকে পড়েন। এমন নতুন যারা আছেন কিংবা যাদেরই চাকরির প্রয়োজন আমি তাদের প্রত্যেককে আমাদের অফিসে আমন্ত্রণ জানাই। একটা চাকরির ক্ষেত্রে যতগুলো প্রোসেস মেনটেইন করতে হয়, আমরা সবগুলোর ব্যাপারে হেল্প করে থাকি। যতক্ষণ পর্যন্ত একজন প্রার্থীর চাকরি না হচ্ছে, ততক্ষণ পর্যন্ত তার পাশে থাকার প্রতিশ্রুতি দিচ্ছি আমরা।

২০১৬ সালে জ্যামাইকার হিলসাইড এভিনিউতে 'জব হেল্প অ্যান্ড এপ্লিকেশন প্রোসেসিং সার্ভিস' নামে প্রতিষ্ঠানটি যাত্রা শুরু করে।

প্রসঙ্গত, ২০১৬ সালে জ্যামাইকার ১৪৬-১০ হিলসাইড এভিনিউতে 'জব হেল্প অ্যান্ড এপ্লিকেশন প্রোসেসিং সার্ভিস' নামে একটি প্রতিষ্ঠানটি যাত্রা শুরু করে। প্রতিষ্ঠানটি থেকে ইতিমধ্যে অনেক বাংলাদেশি সেবা পেয়ে চাকুরি পেতে সক্ষম হয়েছেন।

ভার্জিনিয়ার ফোবানা থেকে সংগৃহীত অর্থ যাবে বানভাসিদের কাছে

ইমা এলিস

উত্তর আমেরিকায় প্রবাসী বাঙালিদের মিলনমেলা খ্যাত ফোবানা সম্মেলন in সংগৃহীত অর্থ পাঠানো হবে বাংলাদেশের বন্যা কবলিত এলাকায়। ইতোমধ্যে ৩৮তম ফোবানা সম্মেলনের কর্মকর্তারা একটি বিশেষ তহবিল গঠন করেছেন। সেখানে বেশ সাড়াও পেয়েছেন বলে জানিয়েছেন ৩৮তম ফোবানা সম্মেলনের চেয়ারপারসন এটর্নি মোহাম্মদ আলমগীর ও এক্সিকিউটিভ সেক্রেটারী আবীর আলমগীর।

তারা উল্লেখ করেন, নির্বাহী কমিটির কর্তৃক সংগৃহীত অর্থের সঙ্গে যোগ করা হবে ৩৮তম ফোবানা সম্মেলনের আয়োজক সংগঠন বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব গ্রেটার ওয়াশিংটন ডিসি। তারা প্রতিজনের প্রবেশ মুল্য থেকে ১ ডলার (বাংলাদেশি মুদ্রায় ১২০ টাকা) হারে বন্যার্তদের জন্য সাহায্যের ব্যবস্থা করবেন বলে জানা গেছে। এছাড়াও তাৎক্ষণিক সাহায্যের জন্য প্রবেশদ্বারে ও মঞ্চের পাশেও সাহায্যের জন্য বাক্স রাখা হবে। যারা সাহায্য প্রদানে ইচ্ছুক তারা সরাসরি উক্ত বাক্সে অর্থ প্রদান করে সাহায্য করতে পারবেন। এ বিষয়টি নিশ্চিত করেছেন ৩৮তম ফোবানা সম্মেলনের আহবায়ক রোকসানা পারভীন, সদস্য সচিব আবু রুমি ও প্রেসিডেন্ট নুরুল আমিন নুরু।

তারা জানান দেশের যে কোন দুর্যোগ মোকাবিলা করতে আমরা সব সময় সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছি। এবারও এর ব্যতিক্রম হবে না বলে তারা আশা প্রকাশ করেন।

আগামী ৩০-৩১ আগস্ট এবং ১ সেপ্টেম্বর ভার্জিনিয়া আর্লিংটনের ক্রিস্টাল গেটওয়ে ম্যারিয়টে অনুষ্ঠিতব্য ৩৮তম ফোবানা সম্মেলনে অংশগ্রহণকারী কলা-কুশলীদের অনেকেই ইতোমধ্যে ওয়াশিংটন ডিসি ও ভার্জিনিয়ায় এসে পৌঁছেছেন। কলা-কুশলীদের বৈচিত্রময় সাংস্কৃতিক পরিবেশনা দিয়ে অতীতের সকল রেকর্ড ভাঙতে সক্ষম হবেন বলে আশা করছেন ফোবানার কর্মকর্তারা।



বন্যার্তদের পাশে বাংলাদেশ সোসাইটি

৩০ লক্ষ টাকা অনুদান ঘোষণা

উত্তর আমেরিকা ডেস্ক

স্মরণকালের ভয়াবহ বন্যার কবলে আমাদের প্রিয় মাতৃভূমি বাংলাদেশের বেশ কয়েকটি অঞ্চল। বন্যায় ক্ষতিগ্রস্ত আমাদের স্বজনদের পাশে দাঁড়াতে বাংলাদেশে সোসাইটি উদ্যোগ গ্রহণ করেছে। উদ্যোগের অংশ হিসেবে প্রাথমিকভাবে সোসাইটির তহবিল থেকে ৩০ লক্ষ টাকা অনুদান প্রদানের বিষয়ে সিদ্ধান্ত হয়েছে।

২৬ আগস্ট সোমবার বাংলাদেশ সোসাইটির কার্যালয়ে জরুরী যৌথ সভার আয়োজন করা হয় সংগঠনের সভাপতি মোঃ রব মিয়ার সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক রুহুল আমিন সিদ্দিকির পরিচালনায় সভায় বোর্ড অব ট্রাস্টির সদস্য সহ কার্যকরী পরিষদের সদস্যরা উপস্থিত ছিলেন। সভায় সকলের মতামতের ভিত্তিতে সর্বসম্মতিক্রমে প্রাথমিকভাবে ৩০ লক্ষ টাকা সোসাইটির তহবিল থেকে দেওয়ার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।

এছাড়াও আরও বৃহৎ পরিসরে তহবিল গঠনের লক্ষ্যে প্রবাসীদের কাছে সহযোগিতার আহ্বান করার বিষয়েও সিদ্ধান্ত গৃহীত হয়, সেখানে সোসাইটির কার্যকরী পরিষদ, বোর্ড অব ট্রাস্টি ও নির্বাচন কমিশন সহ সাবেক কর্মকর্তা এবং সাধারণ প্রবাসীদের কাছ থেকে তহবি সংগ্রহ করা হবে যা বন্যা পরবর্তী পুনর্বাসনের কাজে ব্যবহার করা হবে।

৩০ লক্ষ টাকার অনুদান নিউইয়র্ক বাংলাদেশ কনস্যুলেটের মাধ্যমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধান উপদেষ্টার ত্রাণ তহবিলে দেয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

এ সময় সোসাইটির সভাপতি যুক্তরাষ্ট্র প্রবাসী বাংলাদেশের কমিউনিটির কাছে আহ্বান জানান সোসাইটির এই উদ্যোগের সাথে সম্পৃক্ত হয়ে ক্ষতিগ্রস্তদের পাশে দাঁড়ানোর অথবা ব্যক্তি উদ্যোগে ক্ষতিগ্রস্ত নিজ নিজ এলাকার দূর্গত মানুষের পাশে থাকার এছাড়াও সাংগঠনিকভাবে বিভিন্ন সংগঠনকে নিয়ে ক্ষতিগ্রস্ত আমাদের এই স্বজনদের সর্বাত্মক সহযোগিতায় এগিয়ে আসার জন্য উদাত্ত আহ্বান জানান।

রাজনৈতিক দলগুলোর সঙ্গে অন্তর্বর্তী সরকারের দ্রুত সংলাপ চায় বিএনপি

ঢাকা অফিস

রাজনৈতিক দলগুলোর সঙ্গে অন্তর্বর্তীকালীন সরকারকে দ্রুত সংলাপে বসা উচিত বলে মন্তব্য করেছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেছেন, 'অতি দ্রুত রাজনৈতিক দলগুলোর সঙ্গে অন্তর্বর্তীকালীন সরকারের আলোচনায় বসা দরকার। তারা কী চায়, জনগণ কী চায়, আমরা কী চাই—এ বিষয়টা আলোচনার মাধ্যমেই সমাধান করতে হবে। না হলে অনেক ভুল–বোঝাবুঝি হতে পারে।'

বুধবার দুপুরে রাজধানীর গুলশানে দলের চেয়ারপারসনের কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে এসব কথা বলেন তিনি। এ সময় নেতা-কর্মীদের উদ্দেশে ঢালাওভাবে মামলা না করারও আহ্বান জানান দলটির মহাসচিব।

মির্জা ফখরুল বলেন, 'ঢালাওভাবে মামলা যাতে না হয়। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে বলব—আপনারা প্রাথমিকভাবে তদন্ত করুন। এ বিষয়ে দলের নেতা-কর্মীদেরও আহ্বান জানাব, এমন কোনো মামলা করবেন না, যাতে সারবস্তু থাকবে না।'

তিনি বলেন, 'আমরা একটা ক্রান্তিকাল পার করছি। এই অন্তর্বর্তীকালীন সরকারকে সহযোগিতা করে একটি স্থিতিশীল পরিবেশ ফিরিয়ে আনতে হবে। কারণ, অন্তর্বর্তী সরকারের অন্যতম লক্ষ্য হলো নির্বাচনের পরিবেশ তৈরি করা। সরকারকে সহযোগিতা না করলে কিন্তু সেটা হবে না। মনে রাখতে হবে, গণতান্ত্রিক দেশে নির্বাচিত প্রতিনিধি ছাড়া পরিবর্তন হয় না। এই সরকারকে আমরা যৌক্তিক সময় দিতে চাই।'

বিএনপির মহাসচিব বলেন, 'আজকে ছাত্র-জনতার বিপ্লব নস্যাতের চক্রান্ত হচ্ছে। কিছু অপপ্রচার চালানো হচ্ছে ভারত থেকে। যারা সাম্প্রদায়িকতাকে উসকে দিচ্ছে।'

ফখরুল অভিযোগ করেন, 'বিএনপির বিরুদ্ধে ফের পরিকল্পিতভাবে চক্রান্ত হচ্ছে। অথচ গত ১৫ বছরে বিএনপির প্রত্যেকটি নেতা-কর্মী নির্যাতন-নিপীড়নের শিকার। মিথ্যা মামলায় জর্জরিত। বিএনপির

বুধবার গুলশানে বিএনপি চেয়ার-পারসনের কার্যালয়ে সংবাদ সম্মেলনে কথা বলেনমির্জা ফখরুল ইসলাম আলমগীর।

চেয়ারপারসন খালেদা জিয়াকে কারান্তরীণ করা হয়। ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে দেশান্তরিত করা হয়েছে। এমন কোনো নেতা-কর্মী নেই যাদের বিরুদ্ধে মামলা দেয়নি।'

তিনি বলেন, 'বিএনপি অপকর্ম করে না। কেউ কেউ ব্যক্তিগতভাবে অপকর্ম করছে, সেটার কিন্তু সঙ্গে সঙ্গে ব্যবস্থা নেওয়া হচ্ছে। আমাদের প্রায় ৫৬ থেকে ৫৭ জন নেতা-কর্মীর, যারা এগুলো করছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে। তাদের বহিষ্কার করা হয়েছে।'

জামায়াত-শিবিরের নিষেধাজ্ঞা প্রত্যাহার প্রসঙ্গে তিনি বলেন, 'আমরা কোনো রাজনৈতিক দল নিষিদ্ধের পক্ষে নই। যারাই বাংলাদেশের স্বাধীনতা–সার্বভৌমত্বের পক্ষে, তারা রাজনীতি করবে, এটা তাদের অধিকার।'

গতকাল মঙ্গলবার রাতে অনুষ্ঠিত দলের জাতীয় স্থায়ী কমিটির বৈঠকের সিদ্ধান্তের বিষয়ে বিএনপির মহাসচিব বলেন, 'স্থায়ী কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী বন্যার কারণে এবারের প্রতিষ্ঠাবার্ষিকীর কর্মসূচি বাতিল করা হয়েছে। প্রতিষ্ঠাবার্ষিকীর কর্মসূচিতে যে অর্থ ব্যয় হওয়ার কথা ছিল, সেটি ত্রাণ তহবিলে দেওয়া হবে।'

তিনি আরও বলেন, 'এখন প্রতিষ্ঠাবার্ষিকী কর্মসূচির মধ্যে শুধু দলীয় পতাকা উত্তোলন এবং দলের প্রতিষ্ঠাতা জিয়াউর রহমানের কবরে শ্রদ্ধা নিবেদন করা হবে।'

নওশাদের মামলায় খালাস মহিউদ্দিন দেওয়ান

উত্তর আমেরিকা অফিস

বাংলাদেশ সোসাইটি নিউইয়র্কের অফিসে একটি অনাকাঙ্ক্ষিত ঘটনার জেরে সংগঠনের সিনিয়র সহ-সভাপতি মো. মহিউদ্দিন দেওয়ানের বিরুদ্ধে মামলা দায়ের করেন সংগঠনেরই ট্রেজারার নওশাদ হোসেন।

২০২৩ এর জুলাই মাসে দায়ের করা এই মামলা থেকে সম্প্রতি নিষ্কৃতি পেয়েছেন মহিউদ্দিন দেওয়ান। তাঁর দাবি, বাংলাদেশ সোসাইটির কর্মকান্ড থেকে বাইরে রাখা এবং হেনস্থা করে সমাজে হেয় প্রতিপন্ন করার জন্যই নওশাদ হোসেন এই 'মিথ্যা' মামলা দায়ের করেন।

২৮ আগস্ট বুধবার এক সংবাদ সম্মেলনে মহিউদ্দিন দেওয়ান এই দাবি করেন। সংবাদ সম্মেলনে তিনি মামলার শুরু থেকে শেষ পর্যন্ত যা ঘটেছিল বিস্তারিত তুলে ধরেন তিনি। লিখিত বক্তব্যে মহিউদ্দিন দেওয়ান বলেন, ২০২৩ সালের ২ জুলাই সংগঠিত ঘটনার জের হিসাবে নিউইয়র্ক স্টেটের দায়ের করা মামলায় (docket no: CR-020080-23QN) জুরী বোর্ড কর্তৃক সকল অভিযোগে আমি নির্দোষ প্রমাণিত হয়েছি। বিজ্ঞ আদালত মামলাটি খারিজ করে দিয়েছে। গত এক বছরেরও বেশি সময় ধরে এই ধরণের মিথ্যা মামলার বিরুদ্ধে লড়াই করতে গিয়ে আমি এবং আমার পরিবার নিদারুন মানসিক নির্যাতনের শিকার হয়েছি। আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হওয়ার বিষয়টি না হয় বাদই দিলাম। মহিউদ্দিন দেওয়ান বলেন, আজ আমি আপনাদের সামনে উপরোক্ত মিথ্যা মামলার প্রেক্ষাপট তুলে ধরতে চাই। যাতে ভবিষ্যতে এ ধরনের মিথ্যা এবং প্রতিহিংসামূলক মামলার শিকার কেউ না হন।

আমি বিশ্বাস করি, সেবামূলক প্রতিষ্ঠানে জনগণের সেবার কথা বলে নির্বাচিত হয়ে যে সকল ব্যক্তি বা গোষ্ঠী কেবল ব্যক্তি বিশেষের স্বার্থ রক্ষার জন্য এমন মিথ্যা অভিযোগ দায়ের করে হেনস্থা ও মানসিক নির্যাতনের শিকারে পরিণত করতে পারে, সমাজের কাছে, কমিউনিটির সামনে তাঁদের মুখোশ উমোচন করা দরকার। তিনি বলেন, গত বছর বাংলাদেশ

মহিউদ্দিন দেওয়ান

> সোসাইটির এই সিনিয়র সহ-সভাপতি বলেন, মামলার নথিপত্র এবং জুরী ট্রায়ালের ট্রানস্ক্রিপ্ট যাচাই করে জানা গেল, আসলে একজন নির্বাচিত সিনিয়র সহ সভাপতি হিসাবে আমাকে বাংলাদেশ সোসাইটির কর্মকান্ড থেকে বাইরে রাখা এবং হেনস্থা করে সমাজে হেয় প্রতিপন্ন করার জন্যই নওশাদ হোসেনের মিথ্যা অভিযোগ যেমন তার আঙ্গুল ভেঙে গেছে ইত্যাদি অভিযোগের জন্যই তার পক্ষে মামলাটি দায়ের করে নিউইয়র্ক স্টেট।

সোসাইটি নিউইয়র্কের কার্যকরী কমিটির এক সভায় সেসাইটির কার্যক্রমে হিসাব চাওয়াকে কেন্দ্র করে এক অনভিপ্রেত ঘটনার পর সভা শেষ হওয়ার পূর্বে তা সভার সভাপতি আব্দুর রব মিয়া এবং অপরাপর কর্মকর্তাদের উদ্যোগ ও সহযোগিতায় নিস্পত্তি ঘটে। কিন্তু দুর্ভাগ্যজনক হলেও সত্য, সে সভায় উপস্থিত সোসাইটির ট্রেজারার নওশাদ হোসেন ঘটনার নিস্পত্তির কয়েক ঘন্টা পর মিথ্যা অভিযোগ করে সোসাইটি অফিসে প্রবেশ করে পুলিশ ডাকেন। তার মিথ্যা এবং বানোয়াট অভিযোগের ভিত্তিতে আমাকে পুলিশ প্রিসিঙ্কটে ডাকা হয়। সেখানে পুলিশ আমাকে সোসাইটির ট্রেজারার নওশাদ হোসেন এর অভিযোগের ভিত্তিতে গ্রেফতার করে। পুলিশ এবং এসিস্টেন্ট ডিস্ট্রিক্ট এটর্নির পক্ষ থেকে আমাকে বলা হয়, মিথ্যা অভিযোগটি মেনে নিলে আমাকে খুবই সামান্য শাস্তি দিয়ে মামলার সমাপ্তি টানা হবে।

কিন্তু আমি জানতাম আনি সম্পূর্ণ নির্দোষ। যে অপরাধ করিনি, তাই কথিত মিথ্যা অপরাধের দায় আমি নেবো কেন? সোসাইটির এই সিনিয়র সহ-সভাপতি বলেন, মামলার নথিপত্র এবং জুরী ট্রায়ালের ট্রানস্ক্রিপ্ট যাচাই করে জানা গেল, আসলে একজন নির্বাচিত সিনিয়র সহ সভাপতি হিসাবে আমাকে বাংলাদেশ সোসাইটির কর্মকান্ড থেকে বাইরে রাখা এবং হেনস্থা করে সমাজে হেয় প্রতিপন্ন করার জন্যই নওশাদ হোসেনের মিথ্যা অভিযোগ যেমন তার আঙ্গুল ভেঙে গেছে ইত্যাদি অভিযোগের জন্যই তার পক্ষে মামলাটি দায়ের করে নিউইয়র্ক স্টেট। তিনি বলেন, মামলায় জুরী বোর্ডের সামনে সাক্ষী হন সোসাইটির বর্তমান ভাইস প্রেসিডেন্ট ফারুক চৌধুরী এবং কার্যকরী পরিষদের সদস্য সাদী মিন্টু। বিজ্ঞ জুরী বোর্ড তাঁদের বক্তব্যকে গ্রহণ করেনি। আমলেই নেয়নি কোনো অভিযোগকে।

অচলাবস্থা নিরসনে কার্যকরী কমিটির পক্ষ থেকে সভাপতি আব্দুর রব মিয়াকে একক দায়িত্ব দেওয়া হয় সমঝোতার ভিত্তিতে অন্য কাউকে ট্রাষ্টি বোর্ডে নির্বাচিত করার জন্য। কিন্তু তিনিও অজ্ঞাত কারণে ভোটাভুটিতে একাধিকবার ব্যর্থ প্রার্থীকেই ট্রাষ্টি বোর্ডে মনোনীত করেন। আমি বিশ্বাস করি, আমাকে মামলায় জড়িয়ে সোসাইটির কর্মকান্ড থেকে বাইরে রাখার অপচেষ্টা করা হয়েছে যা বিজ্ঞ জুরী বোর্ডের রায়ে ভন্ডুল হয়ে গেছে।

বাতিল হয়ে গেছে আমার বিরুদ্ধে আনা অর্ডার অফ প্রটেকশন। মহিউদ্দিন দেওয়ান বলেন, দীর্ঘ তিরিশ বছরেরও বেশি সময় ধরে আমি খেলাধুলা, ধর্মীয় এবং সামাজিক সংগঠনের মাধ্যমে সমাজের সেবা করে আসছি। যতদিন বেঁচে আছি, বাকি জীবনটাও আমি কমিউনিটির সেবায় নিয়োজিত রাখতে চাই।

LEGAL NETWORK INTERNATIONAL, LLC

প্রবাসে বাংলাদেশী কমিউনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

ইমিগ্রেশন/ এসাইলাম সেন্টার: গ্রিন কার্ড ও নাগরিকত্ব

অর্ধ শতাধিক ATTORNEY এবং CPA দের সমন্বয়ে গড়া

ALL SERVICE PROVIDED BY ATTORNEYS ADMITTED IN STATE & FEDERAL COURT, CPA, P.E ARCHITECT AND LICENSED PROFESSIONALS.

৩৭-৪৮-৭২ স্ট্রিট ২ তালা জ্যাকসন হাইটস নিউ ইয়র্ক ১১৩৭২
ফোন: ৯১৭-৭২২-১৪০৫,৯১৭-৭২২-১৪৮
www.legalnetworkusa.com

ঢাকা জেলা এসোসিয়েশন'র নতুন কার্যকরী কমিটি

উৎসাহ-উদ্দিপনার মাঝে গত ২৬ আগস্ট সোমবার ঢাকা জেলা এসোসিয়েশন'র নতুন কার্যকরী কমিটি ঘোষণা করা হয়েছে। জ্যাকসন হাইটস সংলগ্ন সানসাইন পার্টি হলে আয়োজিত অনুষ্ঠানে ঢাকা জেলা এসোসিয়েশন'র নির্বাচন কমিশন এই কমিটি কর্মকর্তাদের নাম ঘোষণা করে পরিচয় করিয়ে দিয়েছেন। এই কমিটি ২০২৬ সালের জুন মাস পর্যন্ত দায়িত্বে থাকবে।

সূচনা পর্বে সকলকে পরিচয় করিয়ে দিয়েছেন সংগঠনের সাধারণ সম্পাদক কাজী আমিনুল ইসলাম স্বপন।অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রধান নির্বাচন কমিশনার মোঃ আমানুল্লাহ আমান। নির্বাচন কমিশনের সদস্য সচিব শেখ সালাউদ্দিন আহমেদ খোকন আনুষ্ঠানিকভাবে সভা পরিচালনা করেন।

এ সময় নির্বাচন কমিশনার বীর মুক্তিযোদ্ধা মো: আজাদ হোসেন, নির্বাচন কমিশনার মো: গিয়াস উদ্দিন, নির্বাচন কমিশনার হাবীব জোয়ারদার, নির্বাচন কমিশনার আলাউদ্দিন আহমেদ উপস্থিত থেকে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন।

প্রধান নির্বাচন কমিশনার মোঃ আমানুল্লাহ আমান ঘোষণা করেন নতুন কার্যকরী কমিটির সদস্যদের নাম। এ সময় তিনি বলেন, ২০২৪ ও ২০২৫ কার্যকরী বছরের জন্য নতুন কমিটি গঠনের প্রক্রিয়া আমরা অনেক আগেই শুরু করেছিলাম। তবে নানা জটিলতার কারণে আমরা সঠিক সময়ে নির্বাচন অথবা সিলেকশন করতে পারেনি। পরবর্তীতে আমরা নির্বাচন কমিশনের সদস্যরা কার্যকরী কমিটির ৪ জনকে নির্বাচিত করে তাদের উপর দায়িত্ব দিয়েছি যেন, দোহার উপজেলা, নবাবগঞ্জ উপজেলা, কেরানীগঞ্জ উপজেলা, সাভার উপজেলা ও ধামরাই উপজেলা থেকে বাকি সদস্যদের নাম চূড়ান্ত করতে পারেন। নির্বাচিত সদস্যরা আলোচনা করে যে কমিটি আমাদের হাতে দিয়েছেন তা আজকে আপনাদের সামনে তুলে ধরেছি।

সাবেক কার্যকরী পরিষদের প্রধান উপদেষ্টা গিয়াস আহমেদ মঞ্চে উপস্থিত থেকে বক্তব্য রাখেন। গিয়াস আহমেদ বলেন, আশা করি নতুন কমিটির কর্মকর্তারা সুচারুভাবে দায়িত্ব পালন করবেন এবং নিজেদের মধ্যে যদি কোন বিভেদ থাকে বা যারা এখনো কমিটির বাইরে আছেন তাদেরকে নিয়ে একটি ঐক্যবদ্ধ ঢাকা জেলা অ্যাসোসিয়েশন সংগঠিত করবেন। নির্বাচিত প্রেসিডেন্ট দুলাল বেহেদু আগামী দিনের কর্মপরিকল্পনা সংক্ষিপ্তভাবে সকলের সামনে উপস্থাপন করেন। তিনি বলেন, প্রবাসের অন্যতম বৃহৎ এবং শক্তিশালী একটি সংগঠন হয়ে উঠবে ঢাকা জেলা অ্যাসোসিয়েশন। আমি এই কার্যকরী পরিষদের সদস্যদের নিয়ে একটি গঠনমূলক কর্মসূচি পালনের মাধ্যমে সংগঠনকে পরিচালিত করবো। অনুষ্ঠানের শেষ লগ্নে সৌহার্দ্য সম্প্রীতির মাধ্যমে একটি সাংগঠনিক কার্যকরী বছর পরিচালনা করার অঙ্গীকার করেন নবনির্বাচিত কর্মকর্তারা।

ঢাকা জেলা এসোসিয়েশন'র নতুন কার্যকরী কমিটির কর্মকর্তরা হলেন: সভাপতি : দুলাল বেহেদু, সিনিয়র সহ- সভাপতি: মোঃ খাইরুল ইসলাম, সহ-সভাপতি - আমীর আফতাব, মোঃ ইউসুফ ভুঁইয়া, মোঃ কবির হোসেন খাঁন, শাহীনুর রহমান বিপ্লব, জুয়েল রানা, সাধারণ সম্পাদক : কাজী আমিনুল ইসলাম স্বপন, যুগ্ম সাধারণ সম্পাদক : মোঃ আব্দুল আজিজ, সহ-সম্পাদক: তানভীর আহমেদ, সহ-সম্পাদক: দেওয়ান কাউসার,সাংগঠনিক সম্পাদক: বি,এইচ সাইফুর, সহ-সাংগঠনিক সম্পাদক: মোঃ আলী সবুজ, মোঃ রবিউল আলম, কোষাধ্যক্ষ: মোঃ আজিজুর রহমান, সহ-কোষাধ্যক্ষ: ডা: আরিফুর ইসলাম,প্রচার ও প্রকাশনা সম্পাদক: মো: রফিকুল ইসলাম, দপ্তর সম্পাদক: ফরিদ খান,ক্রীড়া সম্পাদক: রাসেল আহমেদ,ধর্ম বিষয়ক সম্পাদক: মো: নজরুল ইসলাম,সাংস্কৃতিক সম্পাদক: মোস্তাক রহমান,সহ সাংস্কৃতিক সম্পাদক: লিটন ফিলিপ্ধসঢ়; স, মহিলা বিষয়ক সম্পাদিকা: কাকলী আক্তার, আপ্যায়ন সম্পাদক: আকতার হোসেন (বিপ্লব), সাহিত্য ও সমাজ কল্যাণ সম্পাদক: সাইদুল ইসলাম ইকবাল।

কার্যকরী পরিষদের সদস্য: (ক) পঙ্কজ রায় (খ) আমিনুল ইসলাম কচি (গ) মোস্তফা কামাল মুকুল (ঘ) খালিদ আহমেদ বাবু, (ঙ) মো: আউলাদ হোসেন (চ) মো: সফিউদ্দিন সফা (ছ) মেজবাহউদ্দিন আহমেদ (চঞ্চল) (জ) মো: সেলিম খাঁন (ঝ) এহতেসাম হায়াত (ঞ) মো: দেলোয়ার হোসেন।

নারায়ণগঞ্জ জেলা সমিতির বর্ণিল অভিষেক সম্পন্ন

উত্তর আমেরিকা অফিস

নিউইয়র্কে "নারায়ণগঞ্জ জেলা সমিতি উত্তর আমেরিকা ইনক-এর নতুন কার্যকরী কমিটি (২০২৪-২৬)'র বর্ণিল অভিষেক অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। শপথ পাঠ, শুভেচ্ছা বক্তব্য এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে অনুষ্ঠানটি প্রবাসী নারায়ণগঞ্জবাসীদের মিলন মেলায় পরিণত হয়।

২৭ আগস্ট মঙ্গলবার রাতে এই অভিষেক অনুষ্ঠান হয় উডসাইডের গুলশান টেরেস মিলনায়তনে। অভিষেক অনুষ্ঠানে শপথ বাক্য পাঠ করান বিদায়ী কমিটির সভাপতি মির্জা ফরিদ উদ্দিন। নতুন কমিটির সভাপতি হয়েছেন মোস্তফা জামাল টিটু এবং সাধারণ সম্পাদক হয়েছেন কামাল হোসেন টিটু। অভিষেক অনুষ্ঠানে সংগঠনের উপদেষ্টা ও কমিউনিটি নেতৃবৃন্দ শুভেচ্ছা বক্তব্য রাখেন। অনুষ্ঠানের শুরু কোরান থেকে তেলোয়াত করেন এবং সংগঠনের সাবেক সভাপতি অসুস্থ মোহাম্মদ মুজিবর এর আরোগ্য কামনা ও বন্যার্তদের নিরাপদ জীবনের প্রত্যাশায় দোয়া পরিচালনা করেন নাসির উদ্দিন চঞ্চল।

নতুন কমিটির কর্মকর্তাদের অভিনন্দন জানিয়ে বক্তব্য রাখেন সংগঠনের উপদেষ্টা কাজী আজাহারুল হক মিলন, মোহাম্মদ মোহসিন, শামছুল আলম লিটন, নাসির উদ্দিন চঞ্চল এবং সংগঠনের সাবেক উপদেষ্টা ও বাংলাদেশ সোসাইটি নিউইয়র্ক-এর সাবেক কোষাধ্যক্ষ মোহাম্মদ আলী ও সাবেক সাধারণ সম্পাদক আতাউর রহমান সেলিম।

এ ছাড়া শুভেচ্ছা বক্তব্য রাখেন বিদায়ী কমিটির সভাপতি মির্জা ফরিদ উদ্দিন ও সাধারণ সম্পাদক মোস্তফা জামান শামীম এবং নতুন কমিটির সভাপতি মোস্তফা জামাল টিটু ও সাধারণ সম্পাদক কামাল হোসেন টিটু।

অনুষ্ঠানটি উপস্থাপনা করেন আফিয়া আফনিন আনিকা। অভিষেক অনুষ্ঠান সফল করতে সার্বিকভাবে সহযোগিতা এবং মূখ্য ভূমিকা পালন করেন সংগঠনের পৃষ্ঠপোষক এস. এম. সায়েম মিঠু, রাফাত হোসেন, দোলন খন্দকার, মোস্তফা জামান শামীম ও মোহাম্মদ সেলিম। আগামী ১৫ সেপ্টেম্বর লং আইল্যান্ডে হ্যাকশেয়ার স্টেট পার্কে সংগঠনের বনভোজন অনুষ্ঠিত হবে বলে অনুষ্ঠানে কর্মকর্তারা ঘোষণা দেন।

সংক্ষিপ্ত আলোচনা সভার পর শুরু হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। এই অনুষ্ঠানের সংগীত পরিবেশন করেন চন্দন চৌধুরী, সৈয়দ জহিরুল ইসলাম টিপু, নিপা জামান, মারিয়া মরিয়ম ও শারমিন মহসিন। গানের সঙ্গে সমবেত নারী-পুরুষ নৃত্য পরিবেশন করে অনুষ্ঠানকে আনন্দ-উচ্ছ্বাসে মাতিয়ে রাখেন।

অভিষেক অনুষ্ঠান উপলক্ষে "নারায়ণগঞ্জ" নামে একটি স্মরণিকা বের হয়।

নারায়ণগঞ্জ জেলা সমিতি নির্বাহী কমিটি (২০২৪-২৬ খ্রীষ্টাব্দ)

সভাপতি-মোস্তফা জামাল টিটু, সাধারণ সম্পাদক-কামাল হোসেন টিটু, সহ-সভাপতি-রুহুল আমীন জুয়েল, সহ-সভাপতি-এমডি সরফরাজ, সহ-সভাপতি-ডাক্তার কাজী জহিরুল ইসলাম, সহ-সভাপতি-সোহেল আহমেদ, যুগ্ম সম্পাদক- খালেদ আকতার, যুগ্ম-সম্পাদক- ডাঃ সাউদা সাবরিন পম্পি, সাংগঠনিক সম্পাদক-মোস্তাকিম আবিদ, সহ-সাংগঠনিক সম্পাদক-মোঃ আতাউর রহমান মিঠু, কোষাধ্যক্ষ-মহসিন মাহমুদ, মহিলা সম্পাদক-শাহানাজ হোসেন, সাংস্কৃতিক সম্পাদক-নিপা জামান, ক্রীড়া সম্পাদক-শাহাদাত হোসেন, প্রচার সম্পাদক-এম. আজিজুল হক, সমাজ কল্যাণ সম্পাদক-কোহিনুর আক্তার কলি, আপ্যায়ন সম্পাদক-ইমাম সৈয়দ হায়দার। নির্বাহী সদস্যঃ দর্পণ কবীর, নিতাই দাস, এসএমকে. ইকবাল, মোঃ আনিসুর রহমান, মোহাম্মদ ইমাম, নিপা আক্তার, মুহাম্মদ পারভেজ ও দুলাল গুপ্ত।

PEOPLE N TECH
A Global Leader in IT Training, Consulting, and Job Placement Since 2005
EARN 100K TO 200K PER YEAR
• Selenium Automation Testing
• SQL Server Database Administration
• Business Analyst
PROVIDED JOBS TO 7000+ STUDENTS.
100% JOB PLACEMENT
RECORD FOR THE LAST 17 YEARS.
Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: www.wust.edu
Washington University of Science and Technology
Authorized Employment Agency by:
NYC
Certified Training Institute by:
If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:
info@piit.us
1-855-JOB-PIIT(1-855-562-7448)
www.piit.us

একসিডেন্ট ও ইনজুরি কেইসেস
অভিজ্ঞ আমেরিকান ট্রায়াল আইনজীবি দ্বারা পরিচালিত আইনী প্রতিষ্ঠান
LAW OFFICES OF SURDEZ & PEREZ, P.C.
SURDEZ & PEREZ, P.C.
We Specialize in Personal Injury and Negligence Cases
Call us:
718-482-7766, 917-562-1368
প্রয়োজনে আমরাই পৌঁছে যাব আপনার কাছে
পরামর্শের জন্য ফি লাগে না
Free Consultation
কেবলমাত্র কেইসে সাফল্য লাভের পরই আমরা ফি গ্রহণ করে থাকি
আমাদের কার্যক্রম ও পরামর্শের ক্ষেত্রসমূহ:
• গাড়ী দুর্ঘটনা
• বাস,ট্রেন অথবা মোটর সাইকেল
• ব্রেইন ইনজুরি
• এলিভেটর একসিডেন্ট
• স্কুল লায়াবিলিটি
• খেলার মাঠে দুর্ঘটনা
• বার্ণ ইনজুরি
• নির্মাণ কাজে দুর্ঘটনা
• পিছলে পড়ে গেলে
• লেড পয়জনিং
• কুকুর কামড়ালে
• ডাক্তারের ভুল চিকিৎসা
আমাদের বৈশিষ্ট্যসমূহ:
অভিজ্ঞতা সম্পন্ন ট্রায়াল এটর্ণী দ্বারা পরিচালিত একটি আইনী প্রতিষ্ঠান। সততা ও নিষ্ঠা। ক্লায়েন্টের পক্ষে রায়ের জন্য দক্ষতার সাথে সর্বাত্মক চেষ্টা। দ্রুত কেস সেটেলমেন্টের নিশ্চয়তা
32-72 Steinway Street, Suite# 401
Astoria, NY 11103
যে কোন পরামর্শের জন্য যোগাযোগ করুন
Mohammed Ali
718-482-7766
917-562-1368
alimd@surdezlaw.com
alimd1040@yahoo.com
www.surdezperezlaw.com

Immigrant Elder Home Care LLC
হোম কেয়ার
ঘরে বসেই প্রিয়জনদের সেবার মাধ্যমে অর্থ উপার্জন করুন
$২১ প্রতি ঘন্টা
নিউইয়র্ক ষ্টেটের হেলথ ডিপার্টমেন্টের সিডিপেপ/হোম কেয়ার প্রোগ্রামের মাধ্যমে আপনি ঘরে বসেই আপনার পিতা-মাতা শ্বশুড়-শ্বাশুড়ী, আত্মীয়-স্বজন ও প্রতিবেশীদের সেবা দিয়ে প্রতি সপ্তাহে অর্থ উপার্জন করতে পারেন।
কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।
আজই যোগাযোগ করুন:
গিয়াস আহমেদ, চেয়ারম্যান / সিইও /৯১৭-৭৪৪-৭৩০৮
Corporate Office
37-05 74st, 2nd Fl
Jackson Heights, NY 11372
917-744-7308, 718-457-0813
Long Island Office
1 Blacksmith Lane
Dix Hill, NY 11731
718-406-5549
Bronx Office
2148 Starling Ave
Bronx, NY 10462
917-744-7308, 718-457-0813
Ozone Park Office
175 B Forbell Street
Brooklyn, NY 11208
Tel: 917-744-7308
Buffalo Office
642 Walden Avenue
Buffalo, NY 14211
Tel: 347-837-1162

জ্যাকসন হাইটসের প্রাণ কেন্দ্রে
সবধরণের ইমিগ্রেশন সমস্যায়
KHAIRUL BASHAR LAW OFFICES
দীর্ঘ অভিজ্ঞতা সম্পন্ন এটর্নি
আমরা যেসব বিষয়ে পরামর্শ দিয়ে থাকি
ফ্যামিলি ইমিগ্রেশন ও সিটিজেনশিপ
এসাইলাম ও ডিপোর্টেশন ডিফেন্স
ওয়েভারস (1-601, 1-601A & 1-212)
বর্ডারে গ্রেফতার, ডিটেনশন ও বন্ড
আপিল ও রিট অব ম্যান্ডামাস
U ভিসা, VAWA & SIJS
EB-1 EB-2 NIW & EB-3
বিজনেস ও বিনিয়োগ বিষয়ক ইমিগ্রেশন
কন্স্যুলার প্রসেসিং ও 221(g) ভিসা রিফিউজাল
KHAIRUL BASHAR, MBA,LLM
ATTORNEY AT LAW
CALL NOW
(718) 775-8509 - (212) 464-8620
আমাদের সাথে যোগাযোগ করুন
7232 Broadway, Suite 301-302
Jackson Heights, NY 11372
Khairul@basharlaw.com
1629 K Street NW, Suite 300
Washington, D.C. 20006
(888) 771-4529
KHAIRUL BASHAR LAW OFFICES
#Khairul Basharlaw
www.basharlaw.com
+1 (202) 983- 5504
Admitted in Washington, D.C. and Alabama State Bar | Parctice Limited to U.S. Immigration & Nationality Law in all 50 States

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
Nurul Azim
Your Any Question Contact Here
+1 516 451 3748
প্রাইভেট অকশনের বাড়ি
পাবলিক অকশনের বাড়ি
ব্যাংক মালিকানা বাড়ি
শর্ট-সেল ও REO প্রপার্টি
Eastern Investment
150 Great Neck Road, Great Neck, NY 11021
nurulazim67@gmail.com

আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি
YOUR DREAM HOME CARE
Get paid to take care of your loved ones
আপনার বিশ্বস্ত হোম কেয়ার এজেন্সী
37-18, 73 Street, Suite # 402, Jackson Heights, NY 11372
718-874-0047
Email:info@yourdreamhomecare.com
www.yourdreamhomecare.com
Contact with us
718-874-0047
Email:
info@yourdreamhomecare.com
নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ-এর (CDPAP) প্রোগ্রামের অধীনে কোনো HHA সার্টিফিকেশন ছাড়াই হোম কেয়ারের মাধ্যমে ঘরে বসেই আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ি, আত্মীয়-স্বজন, প্রতিবেশী ও প্রিয়জনদের সেবা দিয়ে আপনি প্রতি সপ্তাহে অর্থ উপার্জন করতে পারেন এবং সেবা প্রদানকারীকে নির্বাচন করতে পারেন।
প্রতি সোম, বুধ ও শুক্রবার বাসা ভাড়া, মেডিকেইড ও ফুড স্ট্যাম্পের আবেদনে আমরা সহায়তা করি।
পারিবারিক স্বাস্থ্যসেবা সম্পর্কে বিস্তারিত জানতে যোগাযোগ করুন
M AZIZ
CEO & President
Your Dream Home Care
Ex-President & Chairman
Board of Trustee
Bangladesh Society Inc. USA
Head Office
37-18, 73 Street, Suite # 402
Jackson Heights, NY 11372
(718) 874-0047, 917-560-0129
এ কাজের জন্য প্রশিক্ষণের প্রয়োজন নাই।
আমরা কোনো ফি নেই না।
আপনার প্রিয়জনের সমস্ত খরচ মেডিকেইড বহন করবে এবং এটি সম্পূর্ণ আইনসম্মত।
কেইস ট্রান্সফারের মাধ্যমে বেশি অর্থ উপার্জন করুন।
Jamaica Office:
168-47 Hillside Ave, 2nd Floor
Jamaica, NY 11432
(929) 400-4785, (718)874-0047
Sutphin Branch
Mohammad Khair(Director)
97-01 Sutphin, Blvd
Jamaica NY 11435
(929)-225-0746, (718) 755-0153
(718) 718-874-0047
Ozone Park Office
7721-101 Ave. Ozone Park
New York 11416
(718) 874-0047, 347-771-0115
Ozone Park Office
720 Liberty Ave, Brooklyn NY 11208
(646) 500-1657, (718)874-0047
1088 Liberty Avenue,
Brooklyn NY 11208
(929) 283-8432
Fulton Office:
584 Nostrand Ave. NY 11216
(646) 5001657
Bronx Office
2140 Starling Ave.
Bronx, NY 10462
917-391-4841, 718-874-0047 (Office)
Fax 718-874-0069
Bangladesh Plaza
3105 Bally Ave. Buffalo NY 14215
(347) 357-4252, (347) 520-9699
Buffalo Office:
1155 Broadway Buffalo, NY 14212
(347) 335-3617, (718) 874-0047
1299 Harlam Road
Buffalo, NY 14094
(716) 400 1446
Albany Office
114 Quail St. Albany, NY 12203
518-379-5496, 518-243-9096
718-864-2061

Federation of Bangladeshi Associations in North America
FOBANA
38TH ৩৮তম ফোবানা সম্মেলন ২০২৪
FOBANA
CONVENTION 2024
ON LABOR DAY WEEKEND
AUGUST 30, 31 & SEPT. 01
MARRIOTT
NEW YORK
LAGUARDIA AIRPORT
সেমিনার
কাব্য জলসা
ফ্যাশন শো
রকমারী স্টল
সাংস্কৃতিক অনুষ্ঠান
MEDIA PARTNERS
CHANNEL i
TBN 24
বাংলা পোস্ট
ASEF BARI TUTUL
CONVENER
FOBANA Convention 2024
GIASH AHMED
CHAIRMAN
FOBANA Steering Committee
DEWAN A AZIM (JEWEL)
Executive Secretary
FOBANA Steering Committee
DR. SHAJADI PARVIN
Co-Chairman
FOBANA Convention 2024
FAHAD SOLAIMAN
Member Secretary
FOBANA Convention 2024
FOR MORE INFO: 917-744-7308, 631-428-1901
www.fobanabangladeshconvention.com
HOST ORGANIZATION
AMERICA BANGLADESH CHAMBER OF COMMERCE & INDUSTRY (ABCCI)

NY STATE APPROVED
ELHAAM ACADEMY
নতুন
স্কুল
ওপেনিং
GRADES KG - 6
ADMISSIONS GOING ON NOW
FOR 2024-2025 YEAR
OPENING
SEP 9TH
(866) 935 4226
WWW.ELHAAMACADEMY.ORG
87-41 165TH ST
JAMAICA, NY 11432

The International Association of Lions Club

NEW YORK BANGLADESHI AMERICAN LIONS CLUB

DISTRICT 20-R2, NEW YORK

INSTALLATION CEREMONY 2024
&
11TH CHARTER ANNIVERSARY

WEDNESDAY, SEPT. 04, 2024 | 7:00 PM

Invited Guests only

VENUE

THE ROYAL PLAM

2143 BOUNDARY AVE, FARMINGDALE, NY 11735

CHAIRMAN
LN. AMENA NAWAZ, MJF
646-662-6076

CONVENER
LN. MD. MASHIUR R. MAJUMDER
646-725-0067

MEMBER SECRETARY
LN. GOLAM N. HAIDER MUKUT
917-526-8601

CHIEF COORDINATOR
LN. NURUL AZIM

COORDINATOR
LN. ALAMGIR KHAN ALAM

MEMBERS
LN. FEMD ROCKY, LN. ABDUR RASHID BABU, LN. MASUD RANA TAPAN, LN. MD DUKE, LN. ANIK RAJ, LN. MD MONIRUL ISLAM, LN. DR. NARGIS AHMED, LN. DAISY YEASMIN, LN. HASAN ZILLANI,LN. JOY JAHANGIR, LN. ANISUL ISLAM TONY,LN. KAMRUL MAJUMDER, LN. ASHRAFUZZAMAN ASHRAF, LN. SM FORMAN HOSSAIN, LN. MD MIZANUR RAHMAN, LN. ERFAN MIA, LN. ASSMAIN NISHAN, LN. ASADUR RAHMAN, LN. ASM UDDIN.

LN. SHAH M. NAWAZ, PMJF
President
646-591-8396

LN. JFM RASEL
Secretary
917-306-0361

LN. ROCKY AALIYAN
President (Elect)
718-300-5194

LN. JFM RASEL
Secretary (Elect)
917-306-0361

স্কটিশ লেবার পার্টির পার্লামেন্ট সদস্য ফয়সল চৌধুরী সংবর্ধিত

প্রবাস রিপোর্ট

গ্লোবাল এনআরবি চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি'র আয়োজনে স্কটিশ লেবার পার্টির পার্লামেন্ট সদস্য ফয়সল চৌধুরীর যুক্তরাষ্ট্রে আগমন উপলক্ষ্যে জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি সেন্টারে ২৮ আগস্ট, বুধবার এক সংবর্ধনার আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গ্লোবাল এনআরবি চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি'র চেয়ারম্যান শাহ নেওয়াজ। অনুষ্ঠান সঞ্চালনা করেন গ্লোবাল এনআরবি চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি'র কার্যকরী সদস্য মশিউর রহমান মজুমদার। অতিথি হিসেবে বক্তব্য রাখেন দাদা হোম কেয়ারের কর্ণধার খোকন ইসলাম, খলিল বিরিয়ানীর স্বত্বাধীকারি খলিলুর রহমান, বাংলাদেশ সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক আতাউর রহমান সেলিম প্রমুখ।

স্বাগত বক্তব্যে এনআরবি চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি'র চেয়ারম্যান শাহ নেওয়াজ বলেন, এনআরবি ওয়ার্ল্ড সারা বিশ্বের বাঙালিদের নিয়ে কাজ করছে। আমরা আজকের এই অনুষ্ঠানে স্কটিশ লেবার পার্টির পার্লামেন্ট সদস্য ফয়সল চৌধুরীকে পেয়ে আনন্দিত।

ব্রিটেনে বাংলাদেশি ৫ জন বাংলাদেশি বংশোদ্ভুত সদস্যের মধ্যে তিনি একমাত্র পুরুষ সদস্য। আশা করি যুক্তরাষ্ট্রেও বাংলাদেশি বংশোদ্ভুত সদস্যরাও ইউএস কংগ্রেস বা সিনেটে অংশ গ্রহণ করবেন।

অনুষ্ঠানে সংবর্ধিত অতিথি ফয়সল চৌধুরী বলেন, আমার এই সংক্ষিপ্ত যুক্তরাষ্ট্র সফরে এনআরবি ওয়ার্ল্ড যে সম্মানিত করেছে আমি তাতে গর্বিত। ভসিষ্যতে আমি যখন আবার এখানে আসবো আশা রাখি, তখন যুক্তরাষ্ট্রের কংগ্রেস অথবা সিনেটে বাংলাদেশি প্রার্থিকে বিজয়ী দেখতে সক্ষম হবো। বাংলাদেশের বিভিন্ন দলের রাজনীতিতে আমরা ব্রিটেন এবং যুক্তরাষ্ট্রের প্রবাসীরা যেভাবে সময় এবং অর্থ ব্যায় করি, তার অর্ধেক পরিশ্রমেই আমার মূল ধারার রাজনীতিতে সফলতা পেতে পারবো। আমি আমার এলাকার জনগণের পাশাপাশি বাংলাদেশের জন্যেও চার জন মহিলা পার্লামেন্টেরিয়ানের সাথে নিয়ে বাংলাদেশের উন্নয়নে সহায়তা করে আসছি। তিনি সিটি, স্টেট অথবা যে কোন পজিশনে মূল ধারার রাজনীতিতে ঐক্যবদ্ধভাবে যোগ দেয়ার জন্য প্রবাসীদের অনুরোধ জানান।

অনুষ্ঠানে ফয়সল চৌধুরীকে ফুলেল শুভেচ্ছায় সংবর্ধিত করা হয়।

ফোবানার ৩৮তম সম্মেলন হচ্ছে মিশিগানের ডেট্রয়েটে ৩০, ৩১ আগস্ট ও ১ সেপ্টেম্বর

পার্থ সারথী দেব

উত্তর আমেরিকার বৃহত্তম বাংলাদেশী সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন ফোবানার ৩৮তম সম্মেলন হচ্ছে মিশিগানের ডেট্রয়েটে। আয়োজক বাংলাদেশ এসোসিয়েশান অব মিশিগান।

আগামী ৩০, ৩১ আগস্ট ও ১ সেপ্টেম্বর, ২০২৪ ফোবানার ৩৮তম সম্মেলন মিশিগানের ডেট্রয়েটে অনুষ্ঠিত হবে, সাংস্কৃতিক অনুষ্ঠানসহ বিভিন্ন ইভেন্ট অনুষ্ঠিত হবে বাংলা টাউনখ্যাত ডেট্রয়েটের জেইন ফিল্ডে এবং হোটেল একোমডেশান, সেমিনার, ওয়ার্কশপ সাউথ ফিল্ড শহরের হিলটন গার্ডেনে।

সম্মেলনে থাকবে বিশেষ সেমিনার, ওয়ার্কশপ, আলোচনা সভা, বিজনেস নেটওয়ার্কিং সামিট, সাংস্কৃতি অনুষ্ঠান, বাউল সন্ধ্যা, ব্যান্ড শো, সিনেমা, স্লাইড শো, আর্ট এগজিবিশান, ফ্যাশন শো, ট্যালেন্ট শো, ইয়থ ফোরাম, নাটক, নৃত্য, ফটো প্রদর্শনী, লটারি, রাফেল ড্র, দেশী আড্ডা, শতাধিক স্টল যাতে থাকবে বাংলাদেশি কাপড়, খেলনা, ঘর সাজানোর জিনিষ, রকমারি খাবারের দোকান। সাংস্কৃতিক অনুষ্ঠানে থাকবে বাংলাদেশ ও উত্তর আমেরিকার জনপ্রিয় শিল্পীদের গান, নৃত্য। কবি সাহিত্যিকদের নিয়ে আড্ডা কাব্য জলসা, বিজ্ঞান ও প্রযুক্তি, জলবায়ু বিষয়ে বিশেষ অনুষ্ঠান থাকবে।

Change of Visa Status (CoS)
Stay long in the USA
FROM
B1/B2/A3/I/H4
TO
F1 (Study Visa)
CIVA
CENTRE FOR IMMIGRATION AND
VISA ASSISTANCE (CIVA)
PREMIUM
SERVICES
AVAILABLE
CoS
Approval
WITHIN
25 DAYS
Hot Line
+1 347 507 1209
+1 347 279 8366
+1 347 476 7522
Per Person $1000 Only
Give us your file and be relaxed, CIVA Team will do everything for you
INADITION
* Non-Immigration Visa Extension (Up To 240 Days)
* Asylum Filing Within 10 Days With All Supporting
* Reentry permit / Travel documents (From In / Out side of the USA)
* Canada / Mexico Visa With All Support (Within 30 days)
* EB3 (Unskilled) Application Process (AoS / NVC), Within $18K
* F1(Student) School Transfer within 02 business days
write2civa

বাংলাদেশী মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ শামসি রহমান
PRIMARY CARE PHYSICIAN
Board Certified in Internal Medicine
Affiliated with Queens Hospital Center and
North Shore University Hospital
মেডিসিন বিশেষজ্ঞ মহিলা ডাক্তার
ডাঃ মোঃ আব্দুল বাছিত
মেডিসিন বিশেষজ্ঞ
Board Certified in Internal Medicine
Assistant Professor of Medicine
Mount Sinai School of Medicine
Queens Hospital Center
সেবা সমূহ
Same Day Appointment
Walk-in Welcome
• প্রাইমারী কেয়ার/ মেডিসিন বিশেষজ্ঞ।
• অফিসেই রক্ত, প্রশাব পরীক্ষা ও ইকেজির ব্যবস্থা আছে।
• ফ্লু, হজ্বসহ অন্যান্য ভ্যাকসিন।
• জব, স্কুল, টি.এল.সি (TLC) সম্পর্কিত শারীরিক পরীক্ষা।
• ফ্রি ব্লাড প্রেসার ও ডায়াবেটিস চেক-আপের ব্যবস্থা।
• যাদের হেলথ্ ইন্সুরেন্স নাই বিশেষ চিকিৎসার সুযোগ।
জামাইকা অফিস – রোগী দেখার সময়:
সোম থেকে শুক্রবার : সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
শনিবার : সকাল ১০টা থেকে বিকাল ৩ টা পর্যন্ত।
জ্যাকসন হাইটস অফিস – রোগী দেখার সময় :
মঙ্গলবার থেকে শুক্রবার : বিকাল ৪টা থেকে সন্ধ্যা ৭:৩০ মি: পর্যন্ত।
শনিবার : বিকাল ৩টা থেকে ৫:৩০ মি: পর্যন্ত।
বাছিত মেডিকেল কেয়ার
JAMAICA OFFICE:
166-41 88th Ave,
Jamaica, NY 11432
Tel: 917-780-4510
Fax: 347-875-3911
JACKSON HEIGHTS OFFICE:
40-37 74th Street
Elmhurst, NY 11373
Tel: 917-780-4510
Fax: 347-875-3911
OZONE PARK OFFICE:
97-47 77th Street,
Ozone Park, NY 11416
Tel : 718-307-5796
Fax : 347-875-3911

SARAH CARE USA
CDPAP & HOME CARE SERVICES
CDPAP/ PCA/ HHA
No Certificate Required
Highest pay With Benefit
We speak Bangali, Hindi, Urdu, Punjabi, Spanish & Creole
Dr.Gee Cee pal
Vice President
Dr.Shajadi Parvin
CEO/President
LAN/RN
OT/PT/DIETICIAN
Medical Supply
WITH
Best income
Up to
$85.000
Annually
WORK
AT HOME
NEED JOB?
CALL US: 917-745-0949
আমরা ট্রান্সফার কেইসের ক্ষেত্রে
সর্বোচ্চ রেট দিয়ে থাকি
FREE SERVICE: to Apply & Renew DOH/Medicaid/Medicare/SNAP
Corporate Office:
37-18-73rd Street, Suit 301,
Jackson Height, NY 11372
Jamaica Office:
170-05 Hillside Ave, NY 11432
185-08, Hillside Ave, NY 11432
Brooklyn Office:
2033 Bath Ave,
Brooklyn NY 11214
Bronx Office:
2148 Starling Ave,
Bronx, NY 10482
Buffalo Office:
3685 Harlem RD
Cheektowaga, NY 14215
We have offices in Queens, Brooklyn, Bronx, Manhattan, Staten Island, Syracuse, Westchester, Nassau & Suffolk Country
cdpap@sarahcareusa.com| Fax: 201-489-8035
Phone: 917-745-0949, 929-468-6102 | www.sarahcareusa.com

বাংলাদেশ ল’ সোসাইটি ইউএসএ ইন্‌ক
BANGLADESH LAW SOCIETY USA INC.

বার্ষিক বনভোজন ২০২৪

দেশে স্মরণকালের ভয়াবহ বন্যায় ক্ষতিগ্রস্থ
“বন্যার্তদের সাহায্যার্থে তহবিল সংগ্রহ”
‘দেশ ও মানবকল্যাণে সহযোগিতার হাত বাড়িয়ে দিন’

Date : 7th September, 2024, Saturday
Time : 09:00 am to 07:30 pm
Place : Astoria Park, 19 19th St Astoria, NY 11105

খেলাধুলা

মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান
(সাংস্কৃতিক সম্পাদিকা এডঃ রেজওয়ানা রাজ্জাক সেতু’র সার্বিক তত্ত্বাবধানে বিশিষ্ট শিল্পীবৃন্দ সঙ্গীত পরিবেশন করবেন)

আকর্ষণীয় র‍্যাফেল ড্র

১ম পুরষ্কার নিউইয়র্ক টু ঢাকা এয়ার টিকেট

২য় পুরস্কার	:	৫৬” টেলিভিশন
৩য় পুরষ্কার	:	স্বর্ণের চেইন
৪র্থ পুরস্কার	:	ল্যাপটপ (বড়)
৫ম পুরস্কার	:	ল্যাপটপ (ছোট)
৬ষ্ঠ পুরস্কার	:	আইপ্যাড ১ টি
৭ম পুরস্কার	:	মাইক্রোওভেন ১টি
৮ম পুরস্কার	:	ব্লেন্ডার ১টি
৯ম পুরস্কার	:	ডিনার সেট ১টি
১০ পুরস্কার	:	হেড ফোন ১ টি

প্রতি টিকেটের মূল্য $ ১০ ডলার।

রেজিস্ট্রেশন ফিঃ

১। প্রত্যেক সদস্য একক	:	$ ৫০
২। স্ত্রী সহ একত্রে	:	$ ৮০
৩। পরিবারের ৫ একত্রে	:	$ ২০০
৪। অতিথির জন্য একক	:	$ ৫০
৫। ৮ বছরের উপরের বাচ্চাদের জন্য ফি একক	:	$ ৩০

৬। ৮ বছরের নীচে বাচ্চাদের জন্য কোন ফি দিতে হবে না।

সুধী,
আস্‌সালামু আলাইকুম/ আদাব।
আগামী ৭ই সেপ্টেম্বর ২০২৪ইং, শনিবার, সকাল ৯টায় “বাংলাদেশ ল’ সোসাইটি ইউএসএ ইন্‌ক”-এর উদ্যোগে এস্টোরিয়া পার্ক, কুইন্স-এর মনোরম পরিবেশে সপরিবারে উপভোগের জন্য “বার্ষিক বনভোজন”-এর আয়োজন করা হয়েছে।

উক্ত অনুষ্ঠানে আপনি/ আপনারা সবাই আমন্ত্রিত।

আমন্ত্রণে-

এডভোকেট সাইয়েদ মঈন উদ্দিন জুনেল
917-870-5054, 929-374-5933
আহ্বায়ক

এডভোকেট সোনিয়া সুলতানা
813-570-2426, 718-427-4240
সদস্য সচিব

সদস্যবৃন্দ: এড: রুবিনা মান্নান- 347-621-7337, এড: জয়জিত আচার্য্য- 917-480-7170, এড: রেজওয়ানা রাজ্জাক সেতু-347-968-8499, এড: মাহবুবুর রহমান বকুল-646-318-4737, এড: মো: মুহি উদ্দিন-347-651-6276, এড: আতিকুর রহমান শাবু-347-952-2561, কুররাতুন নেছা-347-706-5154, রেশমা ইয়াসমিন-347-807-5830

বনভোজন উদ্‌যাপন কমিটি

শুভেচ্ছান্তে-

এডভোকেট মতিউর রহমান
সভাপতি
917-519-1156

এডভোকেট আব্দুর রশিদ
সাধারণ সম্পাদক
347-740-4599

বাংলাদেশ ল’ সোসাইটি ইউএসএ ইন্‌ক

আটলান্টিক সিটিতে বিএএসজের ব্যাক টু স্কুল প্রোগ্রাম

সুব্রত চৌধুরী

আটলান্টিক সিটিতে গত ২৭ আগষ্ট, মঙ্গলবার বাংলাদেশ এসোসিয়েশন অব সাউথ জারসির উদ্যোগে "ব্যাক টু স্কুল প্রোগ্রাম" এর আয়োজন করা হয়েছিল।

ওইদিন বিকেলে আটলান্টিক সিটির ২৭০৯ ফেয়ারমাউনট এভিনিউর বাংলাদেশ কমিউনিটি সেন্টারে ব্যাক টু স্কুল প্রোগ্রাম অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্হিত ছিলেন কংগ্রেসম্যান জেফ ভ্যান ড্রিউ। বিশেষ অতিথি ছিলেন নিউ জারসি রাজ্যের সিনেটর ভিন্স পলিসতিনা ও এসেম্বলিম্যান ডন গার্ডিয়ান। এছাড়া আটলান্টিক সিটির ৫ম ওয়ার্ডের কাউন্সিলম্যান এম আনজুম জিয়া, গ্যালাওয়ে টাউনশীপের কাউন্সিলম্যান মোঃ উমর প্রমুখ উপস্হিত ছিলেন।

'ব্যাক টু স্কুল প্রোগ্রাম' এর আওতায় 'আগে আসলে আগে পাবেন' ভিত্তিতে আটলান্টিক সিটির বিভিন্ন স্কুলে অধ্যয়নরত বাংলাদেশিসহ বিভিন্ন কমিউনিটির ছাত্র-ছাত্রীদের মাঝে বিনামূল্যে স্কুল ব্যাগ ও স্কুল সামগ্রী বিতরণ করা হয়।

নতুন শিক্ষাবর্ষের ছাত্র-ছাত্রীরা এসব স্কুল সামগ্রী পেয়ে উচ্ছ্বাস প্রকাশ করেছে।

এই আয়োজন প্রসংগে বিএএসজে সভাপতি জহিরুল ইসলাম বাবুল জানান,দ্রব্যমূল্যের উর্ধ্বগতির সময়কালে তাদের এই প্রয়াস কমিউনিটির লোকজনের কষ্ট কিছুটা হলেও লাঘব করবে।

বিএএসজে সাধারন সম্পাদক জাকিরুল ইসলাম খোকা জানান, তাঁরা বিভিন্ন কমিউনিটির ছাত্র - ছাত্রীদের কাছ থেকে আশাতীত সাড়া পেয়েছেন।

বিএএসজের ট্রাষটি বোর্ডের সভাপতি আব্দুর রফিক অন্যান্য বছরের মতো এবছরও ব্যাক টু স্কুল প্রোগ্রামে অংশগ্রহন করায় সবাইকে ধন্যবাদ জানিয়েছেন।

বিএএসজের উদ্যোগে 'ব্যাক টু স্কুল প্রোগ্রাম' আয়োজনে কমিউনিটিতে বেশ সাড়া পড়েছিল।

বন্যার্তদের বিপদ মুক্তি কামনায় জন্মাষ্টমী উদযাপিত

আটলান্টিক সিটি

সুব্রত চৌধুরী

যথাযথ ধর্মীয় ভাবগাম্ভীর্য ও বন্যার্তদের বিপদ মুক্তির জন্য প্রার্থনার মধ্য দিয়ে সনাতন ধর্মের প্রবক্তা ও প্রাণপুরুষ ভগবান শ্রীকৃষ্ণের জন্মতিথি "শুভ জন্মাষ্টমী"যুক্তরাষ্ট্রের নিউজার্সি অঙ্গরাজ্যের আটলান্টিক কাউন্টির প্রবাসী হিন্দু ধর্মাবলম্বীরা উদ্‌যাপন করেছেন।

দ্বাপর যুগের শেষ দিকে এই তিথিতে মথুরা নগরীতে অত্যাচারী রাজা কংসের কারাগারে বন্দী দেবকী ও বাসুদেবের বেদনাহত কোলজুড়ে জন্ম নিয়েছিলেন ভগবান শ্রীকৃষ্ণ। সনাতন ধর্মমতে পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণ অত্যাচারীর বিরুদ্ধে দুর্বলের অধিকার প্রতিষ্ঠা এবং দুষ্টের দমন ও শিষ্টের লালন করতেই এই পৃথিবীতে আবির্ভূত হয়েছিলেন। মহাবতার ভগবান শ্রীকৃষ্ণের বাণী হিন্দু ধর্মাবলম্বীদের আলোড়িত করছে হাজার বছর ধরে।

গত ২৬ আগষ্ট, সোমবার সন্ধ্যায় আটলান্টিক সিটির ১৪১১ পেনরোজ এভিনিউর প্রার্থনা হলে অনুষ্ঠিত জন্মাষ্টমী উৎসবের বিভিন্ন আয়োজনের মধ্যে ছিল

অধিবাস, মঙ্গলাচারণ, নাম কীর্তন, গীতা পাঠ, কৃষ্ণ পূজা, পদাবলি কীর্তন, জপমালা, ধর্মীয় সংগীত ইত্যাদি।এছাড়াও বাংলাদেশে বণ্যায় ক্ষতিগ্রস্তদের বিপদ মুক্তির জন্য বিশেষ প্রার্থনা করা হয়।

আটলান্টিক সিটির পুলিশ কর্মকর্তা সুমন মজুমদার, রেশমি দাশ, গংগা সাহা, পিকলু দাশ, দীপা দে জয়া, সুস্মিতা সাহা, রানা দাশ, ভবানী প্যাটেল, সুমি মজুমদার, সুনীল দাশ, বিউটি দাশ, সুপ্রীতি দে, সোমা বিশ্বাস, দীলিপ মালাকার প্রমুখ ধর্মসভার বিভিন্ন পর্বে অংশগ্রহণ করেন।

বিপুলসংখ্যক প্রবাসী সনাতনী হিন্দু সম্প্রদায় জন্মাষ্টমী উৎসবে যোগ দেন। তাদের সবার মাঝে মহাপ্রসাদ বিতরণ করা হয়। রাত বারোটা এক মিনিটে কেক কাটার মাধ্যমে জন্মাষ্টমী উৎসবের সমাপ্তি ঘটে।

আটলান্টিক সিটির বোর্ড অব এডুকেশন এর সদস্য সুব্রত চৌধুরী ও পুলিশ কর্মকর্তা সুমন মজুমদার জন্মাষ্টমী উপলক্ষে সবাইকে শুভেচ্ছা জানান এবং উৎসব সফল করায় সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানান।

রাশিয়ার ৫শ বর্গ মাইল অঞ্চলের নিয়ন্ত্রণের দাবি ইউক্রেনের

উত্তর আমেরিকা ডেস্ক

রাশিয়ার প্রায় ৫০০ বর্গমাইল বা ১ হাজার ৩০০ বর্গকিলোমিটার এলাকা নিয়ন্ত্রণ নেওয়ার দাবি করেছে ইউক্রেন। দেশটির সেনাপ্রধান ওলেকজান্দর সিরস্কি আজ মঙ্গলবার এই দাবি করেছেন। বার্তা সংস্থা এএফপির প্রতিবেদন থেকে এ তথ্য জানা গেছে।

এএফপির প্রতিবেদনে বলা হয়েছে, ইউক্রেনের সেনাপ্রধান দাবি করেছেন, রাশিয়ার কুরস্ক অঞ্চলের প্রায় ১ হাজার ৩০০ বর্গকিলোমিটার অর্থাৎ প্রায় ৫০০ বর্গমাইল এলাকা কিয়েভের নিয়ন্ত্রণে এসেছে। এ ছাড়া, এই অঞ্চলের অন্তত ১০০ রুশ স্থাপনার দখলও নিয়েছেন তাঁরা। তিনি জানিয়েছেন, কুরস্কে বিগত কয়েক দিনের অভিযানে তাঁরা রাশিয়ার ৫৯৪ জন সেনাকে আটক করেছেন।

রাশিয়া-ইউক্রেন সীমান্ত সংলগ্ন অঞ্চলে বিগত ৩ সপ্তাহ ধরে অভিযান চালাচ্ছে কিয়েভের সেনারা। ২০২২ সালের ফেব্রুয়ারিতে ইউক্রেনে পূর্ণ মাত্রায় রুশ আক্রমণ শুরু করার পর থেকে এটিই রুশ ভূখণ্ডে ইউক্রেনীয় সেনাদের সবচেয়ে গভীর এবং সবচেয়ে উল্লেখযোগ্য অনুপ্রবেশ। মূলত ২০২২ সালে রুশ বাহিনী ইউক্রেনে আগ্রাসন শুরু করার পর থেকে ইউক্রেন প্রায় দুই সপ্তাহ ধরে রাশিয়ার ভূখণ্ডে এই হামলা চালিয়ে যাচ্ছে।

এর আগে, গত ১২ আগস্ট ইউক্রেনের সেনাপ্রধান দাবি করেছিলেন, তাঁর বাহিনী কুরস্কের অন্তত ১ হাজার বর্গ কিলোমিটার এলাকা নিয়ন্ত্রণ করছে। সে সময় কুরস্কের ভারপ্রাপ্ত গভর্নর আলেক্সি স্মিরনভ জানিয়েছিলেন, ইউক্রেনের বাহিনী ওই অঞ্চলের ২৮টি গ্রাম এখন নিয়ন্ত্রণ করছে। শুধু তাই নয়, ইউক্রেনের নিয়ন্ত্রিত এলাকায় এখনো ২ হাজার রুশ নাগরিক রয়ে গেছে। তাদের ভাগ্যে কী ঘটেছে তা এখনো অজানা। সে সময় কুরস্ক অঞ্চল থেকে প্রায় ১ লাখ ২১ হাজার বাসিন্দাকে সরিয়ে নেয় রুশ কর্তৃপক্ষ।

গতকাল সোমবার ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি দাবি করেন, রাশিয়া তাঁর দেশে অন্তত দুই শতাধিক ক্ষেপণাস্ত্র ও ড্রোনের সাহায্যে হামলা চালিয়েছে। তাঁর দাবি অনুসারে, ইউরোপীয় দেশগুলোর সীমান্তসংলগ্ন ইউক্রেনের পশ্চিমাঞ্চলে এই হামলা চালায় রাশিয়া। এ সময় তিনি, রাশিয়ার ড্রোন-ক্ষেপণাস্ত্র নামানোর জন্য ইউরোপীয় দেশগুলোর সহায়তা চান।

এদিকে, সম্প্রতি রাশিয়া ও ইউক্রেন সফর করা ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে টেলিফোনে আলাপ করেছেন। তিনি পুতিনকে বলেছেন, তিনি ইউক্রেন সংঘাতের দ্রুত ও শান্তিপূর্ণ সমাধানকে সমর্থন করেন।

চট্টগ্রাম সমিতির নির্বাচন ১৯ অক্টোবর শনিবার

সংবাদ সম্মেলনে তথ্য

উত্তর আমেরিকা অফিস

প্রবাসের অন্যতম বৃহত্তম আঞ্চলিক সংগঠন 'চট্টগ্রাম এসোসিয়েশন অব নর্থ আমেরিকা ইনক' (চট্টগ্রাম সমিতি) এর নির্বাচনের তফশিল ঘোষণা করা হয়েছে। ঘোষিত তফশিল অনুযায়ী আগামী ১৯ অক্টোবর শনিবার নির্বাচন অনুষ্ঠিত হবে। আগামী ৩১ আগস্ট শনিবার মনোনয়ন ফরম বিতরণ করা হবে। ২৬ আগষ্ট, সোমবার নির্বাচন কমিশন আয়োজিত সংবাদ সম্মেলনে এ তথ্য জানানো হয়। জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি হলে আয়োজিত সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন প্রধান নির্বাচন কমিশনার ইঞ্জিনিয়ার শেখ মোহাম্মদ খালেদ। তফশিল ঘোষণা করেন নির্বাচন কমিশনার সাংবাদিক শাহাব উদ্দিন সাগর। এ সময় অন্য দুই কমিশনার রুহুল আমিন প্রকাশ হোসেন এবং ইঞ্জিনিয়ার মোহাম্মদ আবদুল হান্নান চৌধুরী বক্তব্য রাখেন।

লিখিত বক্তব্যের শুরুতে প্রধান নির্বাচন কমিশনার ইঞ্জিনিয়ার শেখ মোহাম্মদ খালেদ বাংলাদেশের চলমান বন্যা পরিস্থিতিতে যারা প্রাণ হারিয়েছেন তাদেরকে গভীরভাবে স্মরণ ও তাদের রুহের মাগফেরাত কামনা করেন এবং যারা ক্ষতিগ্রস্ত হয়েছেন তাদের প্রতি সমবেদনা জানান।

তিনি বলেন, চট্টগ্রাম এসোসিয়েশন অব নর্থ আমেরিকা ইনকের একটি সুষ্ঠু নির্বাচন সম্পন্ন করার লক্ষ্যে এবং গঠনতন্ত্র মোতাবেক নির্বাচন সম্পন্ন করার জন্য পাঁচ সদস্য বিশিষ্ট একটি দক্ষ ও শক্তিশালী নির্বাচন কমিশন গঠন করা হয়। চট্টগ্রাম এসোসিয়েশন অব নর্থ আমেরিকা ইনক এর অর্ন্তবর্তীকালীন কমিটি কর্তৃক গত ১৪ জুন নতুন নির্বাচন কমিশন দায়িত্বপ্রাপ্ত হয়।

ইঞ্জিনিয়ার খালেদ বলেন, নির্বাচন কমিশন গঠনের পর বিলম্ব হলেও আমরা অর্ন্তবর্তকালীন কমিটির কাছ থেকে চূড়ান্ত ভোটার তালিকা প্রাপ্ত হই। চূড়ান্ত ভোটার তালিকা অনুযায়ী ভোটার সংখ্যা ২৬৬৩ জন এবং লাইফ মেম্বার ২২৩ জন (তবে লাইফ মেম্বারের তথ্যটি হালনাগাদ করার প্রয়োজন রয়েছে)।

তিনি বলেন, নির্বাচন কমিশন দায়িত্বপ্রাপ্ত হওয়ার পর কমিশনের কার্যক্রম সুচারুভাবে পরিচালনার জন্য কমিশনের প্রথম সভায় সাংবাদিক শাহাব উদ্দিন সাগরকে মুখপাত্র, মোহাম্মদ সেলিম হারুনকে অর্থনৈতিক, রুহুল আমিন প্রকাশ হোসনেকে দাপ্তরিক এবং মোহাম্মদ এ এইচ হান্নানকে সাংগঠনিক বিষয়ে তদারকির দায়িত্ব প্রদান করা হয়। এর থেকে নির্বাচন কমিশনের সদস্যরা ফ্রি এন্ড ফেয়ার একটি নির্বাচন উপহার দেয়ার ব্যাপারে আন্তরিকভাবে কাজ করছেন।

প্রধান নির্বাচন কমিশনার বলেন, নির্বাচন কমিশন এ পর্যন্ত ভার্চুয়ালসহ মোট ৭টি সভা সম্পন্ন করেছে। এছাড়া দুই দফা অর্ন্তবর্তীকালীন কমিটির সঙ্গে ভার্চুয়াল সভা করে। সাধারণ সদস্যদের সঙ্গেও একটি মতবিনিময় সভা করে নির্বাচন সংক্রান্ত

> কমিশনের প্রথম সভায় সাংবাদিক শাহাব উদ্দিন সাগরকে মুখপাত্র, মোহাম্মদ সেলিম হারুনকে অর্থনৈতিক, রুহুল আমিন প্রকাশ হোসনেকে দাপ্তরিক এবং মোহাম্মদ এ এইচ হান্নানকে সাংগঠনিক বিষয়ে তদারকির দায়িত্ব প্রদান করা হয়।

বিষয় নিয়ে সাধারণ সদস্যদের মতামত নেয়ার চেষ্টা করা হয়। সর্বশেষ গত ২৫ আগষ্ট ২০২৪ রাত সাড়ে ১০ টায় নির্বাচন কমিশনের একটি জরুরী ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হয়। সভায় আগামী ১৯ অক্টোবর শনিবার চট্টগ্রাম এসোসিয়েশন অব নর্থ আমেরিকা ইনক এর নির্বাচনের দিন ধার্য্য করে গঠনতন্ত্রের সাথে সামঞ্জস্য রেখে নির্বাচনের তারিখ ও তফসিল ঘোষণার সিদ্ধান্ত নেয়া হয়।

তিনি বলেন, ঘোষিত তফশিলের পর আমরা এ নিয়ে স্টেকহোল্ডারসহ সংশ্লিষ্টদের সঙ্গে গঠনতন্ত্র মোতাবেক আলোচনা করে একটি সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন উপহার দেয়ার জন্য আন্তরিকভাবে চেষ্টা করবো। ভোট গ্রহনের স্থান এবং কেন্দ্র সংক্রান্ত তথ্য পরবর্তীতে সিদ্ধান্ত নিয়ে জানানো হবে বলে জানান প্রধান নির্বাচন কমিশনার।

পরে নির্বাচন কমিশনের মুখপাত্র সাংবাদিক শাহাব উদ্দিন সাগর নির্বাচনের তফশিল ঘোষণা করেন। তিনি বলেন, আগামী ৩১ আগস্ট শনিবার সন্ধ্যা ৬ টা থেকে রাত ৯ টা পর্যন্ত ব্রুকলিনস্থ সমিতি কার্যালয়ে মনোনয়ন পত্র বিক্রয় বা বিতরণ করা হবে। মনোনয়ন পত্র দাখিল বা গ্রহণ করা হবে ৭ সেপ্টেম্বর সন্ধ্যা ৬ টা থেকে রাত ৯ টা। মনোয়নপত্র বাছাই করা হবে ১০ সেপ্টেম্বর, প্রাথমিক প্রার্থী তালিকা প্রকাশ করা হবে ১২ সেপ্টেম্বর। ১৩ সেপ্টেম্বর সন্ধ্যা ৮ থেকে রাত ১০ টা পর্যন্ত আপিল গ্রহণ করা হবে। ১৫ সেপ্টেম্বর সন্ধ্যা ৬ টা থেকে রাত ৮ টা পর্যন্ত আপিলের শুনানী ও রায় দেয়া হবে। ১৮ সেপ্টেম্বর সন্ধ্যা ৬ টা পর্যন্ত প্রার্থীতা প্রত্যাহারের শেষ সময় এবং ২১ সেপ্টেম্বর সন্ধ্যা ৬ টায় চূড়ান্ত প্রার্থী তালিকা ঘোষণা করবে নির্বাচন কমিশন।

শাহাব উদ্দিন সাগর আরো বলেন, এবারের নির্বাচনে মনোনয় ফরম ফি জনপ্রতি ১০০ ডলার। এছাড়া ধার্য্যকৃত মনোনয়ন ফি সভাপতি প্রার্থী ২২০০ ডলার, সিনিয়র সহসভাপতি প্রার্থী ১৮০০ ডলার, সহসভাপতি প্রার্থী ১৫০০ ডলার, সাধারণ সম্পাদক প্রার্থী ১৯০০ ডলার, যুগ্ম সাধারণ সম্পাদক প্রার্থী ১৪০০ ডলার, সহ সাধারণ সম্পাদক প্রার্থী ১২০০ ডলার, কোষাধ্যক্ষ ১১০০ ডলার, সহ কোষাধ্যক্ষ ১০০০ ডলার, দপ্তর সম্পাদক ১০০০ ডলার, সহ দপ্তর সম্পাদক ৮০০ ডলার, শিক্ষা ও সাংস্কৃতিক সম্পাদক ১০০০ ডলার, সমাজ কল্যাণ সম্পাদক ১০০০ ডলার, প্রচার ও প্রকাশনা সম্পাদক ১০০০ ডলার, ক্রীড়া সম্পাদক ১০০০ ডলার, নির্বাহী সদস্য ৭০০ ডলার।

আপনার প্রয়োজনে ব্যবসার জন্য এখনি লোন নিতে পারেন

GET THE MONEY YOU NEED FOR YOUR BUSINESS NOW

QM Advance
Quick Money in Advance

- Quick and Easy
- No Credit Check
- No hidden Fee
- $4,000-$100,000
- 90% Approved in 24 hours

Special Promotion Start From$49 Only a day

For More Info Call Now

MOHAMMAD: 516-940-7363
khanm@qmadvance.com
Executive Office Center 61-43 186th St. Fresh Meadows, NY 11365

Mohammad

গ্যাস স্টেশন বিক্রি

চালু অবস্থায় কানেকটিকাটে একটি লাভজনক গ্যাস স্টেশন বিক্রি হবে। আগ্রহীদের দ্রুত যোগাযোগ করার অনুরোধ করছি।



A branded gas station, with a large convenience store for sale, is located in the busy neighborhood in Wallingford, CT. The store is equipped with lotto, cigarettes, ATM, EBT, Bitcoin Machine, a complete coffee & breakfast, etc. The gas station pumps over 48,000 gallons a month, with commission of .05 cents on a gallon. Landlord is liable of any repairs of the pumps. The store makes $49,000 in gross sales a month; lotto earns $6000 a month in commission. The seller is moving out of state. Monthly rent $6000 property tax not included. The seller's net cash flow, after deducting all the expenses, is over $6,500 a month.

Please Call
Ali : 203-8094433

ন্যানী আবশ্যক

মিজুরী রাজ্যের সেন্টলুইসে বসবাসকারী নবজাতক শিশু এবং দুই বছরের শিশু আন্তরিকভাবে দেখাশুনা এবং সপ্তাহে তিনদিন রান্না করাসহ অন্যান্য কাজে (প রিস্কার - প রিচ্ছন্নত া) সহযোগিতা করার জন্য ন্যানী আবশ্যক। থাকা খাওয়াসহ মাসে বেতন ১,৫০০ ডলার। প্রতি ছয় মাসে একবার নিউইয়র্কে যাতায়াতের সুযোগ থাকবে এবং যাতায়াতের খরচ বহন করা হবে। যোগাযোগ: ৭৬৫-৬০৯-৭২২৪

রুম ভাড়া

জ্যাকসন হাইট্স ৭ ট্রেন সাবওয়ের নিকটে এপার্টমেন্ট বিল্ডিং-এ আগস্ট মাসের ১ তারিখ থেকে দুইজন নামাজী, কর্মজীবি এবং অধুমপায়ী রুমমেট আবশ্যক।
যোগাযোগ: ৭১৮-৩১৪-৭৯১৭।

রুম ভাড়া

রিচমন্ড হিল এলাকায় বাস স্টান্ডের পাশে এক রুম ভাড়া যাবে। কর্মজীবী/স্টুডেন্ট নারী হতে হবে। জেএফকে এয়ারপোর্টের কাছেই চমৎকার লোকেশন। যোগাযোগ: মিসেস আহমেদ 917-398-0783

বাসা ভাড়া দেওয়া হবে

3 Bed, 1 Bath, Living Dining and Kitchen. (বাসা হতে ওয়ার্কিং দূরত্বে মসজিদ, স্কুল, গ্রোসারি শপ।) ADD: 27 peace st, Buffalo. যোগাযোগ: 518 364 0930

অফিস ভাড়া

জ্যামাইকার হিলসাইডে ১৬৮ স্ট্রিটের প্রাইম লোকেশনে একটি অফিস রুম ভাড়া হবে। গেস্ট ওয়েটিং রুমসহ আনুষাঙ্গিক সুবিধা রয়েছে। ফোন: 646-403-6500

বাসা ভাড়া

জ্যামাইকার সাটফিন ও ১০৯ রোডের নিকটে ৭ মিনিট দুরত্বে ট্রেন ও বাস ১ ব্লক দুরত্বে নতুন রেনুভেটেড দুই বেড, লিভিং ১ বাথ কিচেন ভাড়া দেয়া হবে। মসজিদ, গ্রোসারি স্কুল নিকটে। ভাড়া ২৩৫০ ডলার। ফোন 646-645-9830

বেসমেন্ট ভাড়া

জ্যামাইকার সাটফিন ও ১০৯ রোডের নিকটে ৭ মিনিট দুরত্বে ট্রেন ও বাস সংলগ্ন বাস লাইন বেসমেন্ট, ১ বেড, ১ বাথ, কিচেন নতুন রেনুভেটেড ভাড়া দেয়া হবে। মসজিদ, গ্রোসারি, স্কুল নিকটে। ভাড়া ১৩৫০ ডলার। স্বামী স্ত্রী অগ্রাধিকার। ফোন 646-645-9830

আবশ্যক

হিউম্যান হোমকেয়ার কোম্পানীতে কাজ করার জন্য আগ্রহী কিছু কর্মী আবশ্যক। জরুরি ভিত্তিতে রিজ্যুমি পাঠানোর অনুরুধ করছি। newal.saki@humancareny.com

রুম ভাড়া

জামাইকার সাটফিন ব্লু বার্ডে একটি রুম সাবলেট ভাড়া দেওয়া হবে,সা-বওয়ে ও গ্রোসারী থেকে তিন মিনিটের দূরত্ব,একজন অথবা দুজন মহিলা হলে ভালো হয়। 347-238-7171

লোক আবশ্যক

সারাহ হোমকেয়ারে কাজ করার জন্য কিছু লোক আবশ্যক। আগ্রহীরা কল করুন ফোন: 917-745-0949

পাত্র চাই

কাপ্তাই কর্ণফুলী পেপার মিলস এলাকায় Born & Raise ১৯ দিনের শর্ট ডিভোর্সী পাত্রীর জন্য American Citizen & Green Card Holder পাত্র আবশ্যক। পাত্রীর বয়স ২৬ বছর। বড় ভাই 347-612-9207, বাবা 01912340475. (কল করুন দুপুর ২টা থেকে রাত ২টা পর্যন্ত)।

পাত্র চাই

পাত্র চাই উচ্চ শিক্ষিত পরিবারের US সিটিজেন পাত্রী কুইন্স কলেজ থেকে একাউন্টিং এ ব্যাচেলর সিটি জব রত (২৮) শিক্ষিত ও উপযুক্ত পাত্র চাই md_kayum@yahoo.com Cell: 917-497-9508

Registered Nurse Required (New Jersey)

প্রতিষ্ঠান: Captor USA Corporation.
পদ: Registered Nurse (RN)
অভিজ্ঞতা: নতুন বা ১/২ বছর
স্থান: Paterson, New Jersey.
Please send your resume at info@captorusacorp.com
Or call us at +1 (973) 553-2690
আবেদনের শেষ সময়: ২০/০৭/২০২৪

রুম ভাড়া (sub let)

South Richmond hill এ নিরিবিলি পরিবেশে ১ লা জুলাই/২০২৪ থেকে ২য় তলায় একটি রুম ভাড়া দেয়া হবে (850 $). স্বামী-স্ত্রী অগ্রগন্য! যোগাযোগ=347 653 6748

পাত্রী চাই

নিউইয়র্কে বসবাসরত ৩২ বছর (৫-৬) (অনার্স) সুশিক্ষিত পাত্রের জন্য আমেরিকান সিটিজেন পাত্রী আবশ্যক। ডিভোর্সী হলেও সমস্যা নেই। যোগাযোগ: 516-247-8260 Email: jj1831847@gmail.com

বাসায় কাজের জন্য মহিলা আবশ্যক

কুইন্স ফরেস্ট হিল এলাকায় অবস্থিত, F ট্রেনের কাছে, বাসার যাবতীয় কাজকর্মে সাহায্য করার জন্য একজন মহিলা আবশ্যক। বেতন আলোচনা সাপেক্ষে। যোগাযোগের জন্য ফোন করুন : ৭১৮-৮৯০-১৭৪০

হিন্দু পাত্র আবশ্যক

শিলিগুড়ি বসবাসরত এবং ব্যাঙ্গালোরে নার্সিং (৩য় বর্ষ)অধ্যয়নরত সুন্দরী পাত্রীর জন্য হিন্দু পাত্র আবশ্যক। যোগাযোগ: 347-235-7322 পাত্রীর মামা New York

আবশ্যক

"Immigration law firm in Queens is looking for a Receptionist. Candidates should be extremely organised and should have excellent communication and public relation skills.Candidate should speak Hindi, English and Bengali. Training will be provided by a law firm. Handsome salary will be offered. Please email your resume at "ravi@gehilaw.com

ইমিগ্রেশনে সহযোগিতা

আমেরিকায় নতুন বা পুরাতন- আপনার দরকার ওয়ার্ক পারমিট, সোশ্যাল এবং ফাইনালি গ্রীনকার্ড। যেভাবেই এদেশে এসে থাকুন, যে অবস্থাতেই থাকুন না কেন- একটা ব্যবস্থা আমরা করে দেবই। দেশে থাকা আত্মীয়-বন্ধুকে আনতেও আমরা সহযোগিতার পথ দেখাই। ইমিগ্রেশনের যে-কোন জটিল সমস্যা সমাধানের জন্য কল বা টেক্সট করুন **(৭১৮) ৮৩৯-৫৮১২**

পাত্র চাই

সম্ভ্রান্ত মুসলিম পরিবারের পি.এইচ.ডি চাকরিজীবী (৩৪ + 5-6) সিটিজেন পাত্রীর জন্য, ইঞ্জিনিয়ার, ডাক্তার, পি.এইচ.ডি বা উপযুক্ত পাত্র চাই । যোগাযোগ: অভিভাবক 929-247-9441

আবশ্যক

কুইনসের একটি ইমিগ্রেশন ল' ফার্মে রিসিপসনিষ্ট আবশ্যক। প্রার্থীকে উচু মাত্রার অরগেনাইজড এবং জনসংযোগে দক্ষ হতে হবে। পাশাপাশি প্রার্থীকে হিন্দি, ইংরেজি এবং বাংলা ভাষায় কথা বলায় দক্ষ হতে হবে। ল' ফার্মে কাজের জন্য পর্যাপ্ত প্রশিক্ষণ দেয়া হবে। ভালো বেতনের এ চাকুরীর জন্য আগ্রহীরা রিজুমি ইমেইল করুন: ravi@gehilaw.com

ড্রাইভিং ইন্সট্রাকটর প্রয়োজন

জ্যাকসন হাইটস্-এ **এআর ড্রাইভিং** স্কুলের জন্য একজন ইন্সট্রাকটর প্রয়োজন।
যোগাযোগঃ **৩৪৭-৪৫৯-৭০৯২**

পাত্র চাই

একজন ম্যাকানিক্যাল ইঞ্জিনিয়ার সুন্দরী হিন্দু পাত্রীর জন্য পাত্র চাই। উচ্চতা ৫ ফুট ৫"। বয়স ২৭। যোগাযোগ: 347-641-8353, 718-200-6396

পাত্র চাই

পাত্রী আমেরিকান গ্রীনকার্ডধারী উচ্চশিক্ষীতা Sociology (ঢা.বি.)। সঙ্গত কারণে বিবাহ বিচ্ছেদ, নি:সন্তান। ৫০ উর্ধ পাত্র চাই। আগ্রহী ইচ্ছুক পাত্র বা অভিভাবক যোগাযোগ করুন। zaibunnessa14@gmail.com

পার্টনার আবশ্যক

পেনসিলভিনিয়া York এ অবস্থিত Solar Panel ও Garment Factory এর জন্য পার্টনার এবং বিনিয়োগকারী আবশ্যক। EB5 বিনিয়োগ ভিসার আওতায় পরিবার শুদ্ধ গ্রিনকার্ডের সুযোগ আছে।
যোগাযোগের ঠিকানা: 202-683-5854.
Email: amrsolarllc@yahoo.com

পাত্রী চাই

৫৫ বছর ডিভোর্স, সিটিজেন সুদর্শন ডাক্তার পাত্রের জন্যে পাত্রী বা ঘটক সরাসরি যোগাযোগ করুন hmurshedmd@gmail.com
Phone 850-866-9012

মেচম্যাকিং

দেশী মেচম্যাকিং (Deshi Match Making) একটি বিশ্বস্ত ম্যারেজ মিডিয়া। আমাদের আছে অনলাইন ও অফলাইন সিস্টেম। বাংলাদেশে ঢাকা, বনানীতে ও নিউইয়র্কে অফিস। যোগাযোগ: desipatropatri@gmail.com, রিমা আবেদীন (929-278-6294)

জীবনসঙ্গীর প্রত্যাশায়

মার্জিত, শিক্ষিত, প্রতিষ্ঠিত ও সিটিজেন (৪৪) একজন ব্যাচেলর পাত্র তার জীবন সঙ্গীর প্রত্যাশায়। জীবন খুব একটা জটিল না; আমরাই জীবনকে জটিল বানাই; আপনার বর্তমান জীবনযাত্রা যাইহোক না কেন? আত্মবিশ্বাস, খোলা মন ও আন্তরিকতার সাথে ছবি ও টেলিফোন নম্বর সহ যোগাযোগ করুন। (সকল প্রকার গোপনীয়তার প্রতিশ্রুতি দিচ্ছি।) যোগাযোগ: (718) 524-9777, everlybrown@yahoo.com

বাংলাদেশ সোসাইটির নির্বাচনের তফসিল ভোট ২৭ অক্টোবর

বাংলাদেশ সোসাইটির কার্যকরী কমিটির নির্বাচনের তফসিল ঘোষণা করা হয়েছে। ঘোষিত তফসিল অনুযায়ী আগামী ২৭ অক্টোবর কার্যকরি কমিটির নির্বাচন অনুষ্ঠিত হবে। এই লক্ষ্যে ইতোমধ্যে নির্বাচন কমিশন গঠন করা হয়েছে।

২২ আগস্ট বৃহস্পতিবার সোসাইটি ভবনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানানো হয়।

সংবাদ সম্মেলনে জানানো হয়, গঠনতন্ত্রের সাথে সামঞ্জস্য রেখে নির্বাচনের তারিখ ও তফসীল নির্ধারণ করা হয়। সে মোতাবেক বাংলাদেশ সোসাইটি ইনকের কার্যকরি কমিটি ২০২৫-২৬ এর নির্বাচন আগামী ২৭ অক্টোবর (রোববার) সকাল ৯ টা থেকে রাত ৯ টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। মনোনয়ন পত্র বিক্রি করা হবে ২৫ আগস্ট (রোববার) বিকেল ৫ টা থেকে রাত ৯ টা পর্যন্ত। মনোনয়ন পত্র জমা নেওয়া হবে ২ সেপ্টেম্বর (সোমবার) বিকেল ৫ টা থেকে রাত ৯ টা পর্যন্ত। মনোনয়ন পত্র যাচাই বাছাই করা হবে ৩ সেপ্টেম্বর (মঙ্গলবার) বিকেল ৫ টা থেকে রাত ৯ টা পর্যন্ত। প্রাথমিক প্রার্থী তালিকা প্রকাশ করা হবে ৪ সেপ্টেম্বর (বুধবার) বিকাল ৫ টা থেকে সন্ধ্যা ৭ টা পর্যন্ত। বাংলাদেশ সোসাইটির অফিসের নোটিশ বোর্ডে প্রাথমিক প্রার্থী তালিকা প্রকাশ করা হবে।

সংবাদ সম্মেলনে আরও জানানো হয়, আপিল ও শুনানী ৫ সেপ্টেম্বর বৃহস্পতিবার বিকাল ৫ টা থেকে রাত ৯ টা পর্যন্ত। মনোনয়নপত্র প্রত্যাহার ৭ সেপ্টেম্বর শনিবার বিকাল ৫টা থেকে রাত ৯টা পর্যন্ত। চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ ৮ সেপ্টেম্বর রোববার বিকাল ৫টা থেকে রাত ৮টা। এই তালিকা বাংলাদেশ সোসাইটির অফিসের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।

সংবাদ সম্মেলনে আরও জানানো হয়, বাংলাদেশের বাহিরে প্রবাসে মোট ১৮ হাজার ৬১৩ ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করে নতুন নেতৃত্ব নির্বাচন করবেন। প্রার্থীদের সংখ্যা ও এলাকা বিবেচনা করে এবারের নির্বাচনের জন্য ৫টি ভোট কেন্দ্র করার প্রাথমিক সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সম্ভাব্য কেন্দ্রগুলোর স্থান পরে সম্মানিত ভোটারদেরকে জানানো হবে।

সংবাদ সম্মেলনে জানানো হয়, মনোনয়ন সংক্রান্ত সকল কার্যক্রম বাংলাদেশ সোসাইটির কার্যালয় থেকে নির্বাচন কমিশন পরিচালনা করবে। নির্বাচন কমিশন ফ্রি এন্ড ফেয়ার নির্বাচন অনুষ্ঠানে বদ্ধ পরিকর। বিজ্ঞপ্তি

রুশ ক্ষেপণাস্ত্র হামলায় রয়টার্সের কর্মী নিহত

উত্তর আমেরিকা ডেস্ক

ইউক্রেনে রুশ বাহিনীর ক্ষেপণাস্ত্র হামলায় বার্তা সংস্থা রয়টার্সের এক কর্মী নিহত হয়েছেন। রায়ান ইভান্স নামের ওই কর্মী রয়টার্সের নিরাপত্তা উপদেষ্টা হিসেবে নিয়োজিত ছিলেন। আজ সোমবার রয়টার্সের বরাত দিয়ে তাঁর মৃত্যুর খবর দিয়েছে ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসি।

ইউক্রেনীয় কর্তৃপক্ষ জানিয়েছে, ইউক্রেনের নিয়ন্ত্রণাধীন ক্রামাতোরস্ক শহরের স্যাফায়ার হোটেলে রায়ান ইভান্সসহ আরও পাঁচ রয়টার্সকর্মী অবস্থান করছিলেন। সেখানে রুশ বাহিনী ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করলে ব্রিটিশ নাগরিক ও রয়টার্সকর্মী রায়ান ইভান্স নিহত হন। এ সময় আহত হয়েছেন আরও দুই কর্মী।

রয়টার্স এক বিবৃতিতে বলেছে, ইভান্সের মৃত্যুতে রয়টার্সে শোকের ছায়া নেমে এসেছে। কীভাবে তাঁরা হামলার শিকার হলেন, তা জানার চেষ্টা করা হচ্ছে। আমরা এ ব্যাপারে ক্রামাতোরস্কের কর্তৃপক্ষের সঙ্গে কাজ করছি এবং একইসঙ্গে আমাদের সহকর্মী ও তাদের পরিবারকে সহায়তা দিচ্ছি।

গাজায় জাতিসংঘের ত্রাণ কর্মসূচি অনির্দিষ্টকালের জন্য বন্ধ

উত্তর আমেরিকা ডেস্ক

ফিলিস্তিনের অবরুদ্ধ গাজায় মানবিক ত্রাণ কর্মসূচি অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করেছে জাতিসংঘ। গাজার দেইর আল-বালাহ এলাকা থেকে সবাইকে সরে যাওয়ার ইসরায়েলি নির্দেশার পর জাতিসংঘের পক্ষ থেকে এমন ঘোষণা এল।

মঙ্গলবার ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসি জানিয়েছে, গাজায় সব ধরনের মানবিক ত্রাণ কর্মসূচি স্থগিত করতে বাধ্য হয়েছে জাতিসংঘ। তবে নাগাদ এই কর্মসূচি আবার শুরু হবে, তা জানাতে পারেনি এই সংস্থা।

জাতিসংঘের এক কর্মকর্তা বলেছেন, চলতি সপ্তাহে গাজার দেইর আল-বালাহ এলাকা থেকে সবাইকে সরে যাওয়ার নির্দেশ দিয়েছে ইসরায়েল। এই নির্দেশের কারণেই জাতিসংঘ তাদের মানবিক কর্মসূচি বন্ধ করতে বাধ্য হয়েছে।

ইসরায়েল ও হামাসের মধ্যে যুদ্ধ শুরু হওয়ার পর থেকে অনেকবার জাতিসংঘের মানবিক ত্রাণ কর্মসূচি বাধার মুখে পড়েছে বলেও জানান এই কর্মকর্তা। তিনি বলেন, বহুবার ত্রাণ কর্মসূচি স্থগিত রাখতে বা বিলম্বিত করতে বাধ্য হয়েছে জাতিসংঘ।

নাম প্রকাশে অনিচ্ছুক জাতিসংঘের এই কর্মকর্তা আরও বলেন, এর আগে রাফা থেকে সরে যেতে নির্দেশ দেওয়ার পর জাতিসংঘের ত্রাণকর্মীদের দেইর আল-বালাহ অঞ্চলে সরিয়ে আনা হয়। এবার সেখান থেকেও সরে যাওয়ার নির্দেশ এল।

যুদ্ধ চায় না বললেও প্রস্তুত ইসরায়েল-হিজবুল্লাহযুদ্ধ চায় না বললেও প্রস্তুত ইসরায়েল-হিজবুল্লাহ

গতকাল সোমবার ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী (আইডিএফ) জানায়, তারা হামাস জঙ্গিদের নির্মূলের লক্ষ্যে দেইর আল-বালাহ অঞ্চলে অভিযান চালাবে। এ কারণে ওই এলাকার বাসিন্দাদের তাৎক্ষণিকভাবে সরে যেতে নির্দেশ দেওয়া হয়েছে।

গত বছরের ৭ অক্টোবর থেকে ইসরায়েল ও হামাসের মধ্যে যুদ্ধ চলছে। এখন পর্যন্ত এ যুদ্ধে ৪০ হাজারেরও বেশি ফিলিস্তিনি নিহত হয়েছে বলে দাবি করেছে গাজার স্বাস্থ্য মন্ত্রণালয়। অন্যদিকে ইসরায়েল দাবি করেছে, হামাসের হামলায় ১ হাজার ২০০ ইসরায়েলি নিহত হয়েছেন। এ ছাড়া ২৫১ জনকে জিম্মি করে নিয়ে গেছে হামাস।

ভারতের অবস্থা বাংলাদেশের মতো হতে পারত

মন্তব্য কঙ্গনার

উত্তর আমেরিকা ডেস্ক

নরেন্দ্র মোদির সরকার কৃষক আন্দোলন নিয়ে কঠোর না হলে ভারতের অবস্থাও বাংলাদেশের মতো হতে পারত বলে মন্তব্য করেছেন হিমাচল প্রদেশের মান্ডির বিজেপির এমপি ও অভিনেত্রী কঙ্গনা রানাউত। আজ সোমবার এ কথা জানিয়েছে ইন্ডিয়া টুডে।

গত ৫ আগস্ট ছাত্র–জনতার অভ্যুত্থানে আওয়ামী লীগের নেতৃত্বাধীন সরকার পতনের পর বাংলাদেশ ছেড়ে ভারতে আশ্রয় নেন সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ওই প্রসঙ্গ তুলে এক এক্স বার্তায় কৃষকদের আন্দোলন নিয়ে কথা বলেন কঙ্গনা।

এক্স-এ শেয়ার করা ভিডিওতে কঙ্গনা অভিযোগ করেন, খামার আইনের বিরুদ্ধে কৃষকদের আন্দোলনের সময় মৃতদেহ ঝুলতে দেখা গেছে এবং ধর্ষণের ঘটনাও ঘটেছে। আইন প্রত্যাহার করার পরও বিক্ষোভ অব্যাহত রাখার জন্য অভিনেতা-রাজনীতিবিদ, স্বার্থান্বেষী মহল এবং বিদেশি শক্তি দায়ী।

তিনি বলেন, 'বাংলাদেশে যা ঘটেছে, তা এখানেও সহজেই ঘটতে পারত। বিদেশি শক্তির ষড়যন্ত্র আছে এবং এরা তাই রপ্ত করে। দেশ কুকুরের কাছে গেলে তাদের কিছু যায় আসে না।'

কঙ্গনার এই মন্তব্যে তার নিজের দলের মধ্যেই সমালোচনার ঝড় উঠেছে। পাঞ্জাবের সিনিয়র বিজেপি নেতা হারজিৎ গারেওয়াল রানাউতকে এ ধরনের বক্তব্য দেওয়া থেকে বিরত থাকার পরামর্শ দিয়েছেন।

তিনি বলেন, কৃষকদের নিয়ে কথা বলার এখতিয়ার কঙ্গনার ডিপার্টমেন্টের নেই। কঙ্গনার বক্তব্য ব্যক্তিগত।

কঙ্গনা রানাউত

প্রধানমন্ত্রী মোদি এবং বিজেপি কৃষক বান্ধব। বিরোধী দলগুলো আমাদের বিরুদ্ধে কাজ করছে এবং কঙ্গনার বিবৃতিও তাই করছে। সংবেদনশীল বা ধর্মীয় বিষয়ে তার এই ধরনের বিবৃতি দেওয়া উচিত নয়।

এরআগে গত জুনের শুরুতে 'কৃষকদের অসম্মান' অভিযোগে চণ্ডীগড় বিমানবন্দরে কেন্দ্রীয় শিল্প নিরাপত্তা বাহিনীর একজন কনস্টেবলের হাতে চড় খান কঙ্গনা।

কঙ্গনাকে চড় মারার পর অভিযুক্ত কনস্টেবল বলেছেন, তার এই আচরণ 'কৃষকদের অসম্মান' করার জন্য ছিল, কৃষি আইনের বিরুদ্ধে কৃষকদের ১৫ মাসব্যাপী প্রতিবাদ এবং আইনি গ্যারান্টিসহ অন্যান্য বিষয়গুলোর কথা মনে করে তিনি নিজেকে ঠিক রাখতে পারেননি।

২০২০ সালের ডিসেম্বরে এক্সে আলোচিত '১০০ রুপি' মন্তব্য করেছিলেন কঙ্গনা। বলিউড তারকা ওই পোস্টে দাবি করেন, এক বয়স্ক নারী তাকে বলেছিলেন যে ১০০ রুপি দিলে তিনি আসবেন, অর্থাৎ টাকার বিনিময়ে আন্দোলন করবেন।

মিশিগানে জন্মাষ্টমীতে বর্ণাঢ্য শোভাযাত্রা। ছবি : পার্থ দেব

মিশিগানে জন্মাষ্টমীতে বর্ণাঢ্য শোভাযাত্রায় মানুষের ঢল

পার্থ সারথী দেব

ব্যাপক উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে বিপুল সংখ্যক মানুষের অংশ গ্রহণে ২৪ সেপ্টেম্বর শনিবার মিশিগানের হ্যামট্রাম্যাক শহরে শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী উপলক্ষ্যে এক বর্ণাঢ্য শোভাযাত্রা অনুষ্টিত হয়। শোভাযাত্রাটির আয়োজন করে ডেট্রয়েট দুর্গা টেম্পল। হ্যামট্রাম্যাক হাই স্কুলের পার্কিং লট থেকে বিকেল ৬টায় শোভাযাত্রা শুরু হয়, শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে একই স্থানে এসে শেষ হয়। মিশিগানের বিভিন্ন শহর ডেট্রয়েট, ট্রয়, স্টার্লিং হাইটস, মেডিসন হাইটস, শিলভী টাউনশিপ, রয়েল অকসহ বিভিন্ন স্থান থেকে বিকেল থেকেই অনুষ্ঠানস্থলে লোকজন সমবেত হন। দুর্গা মন্দিরের প্রধান পুরোহিত পারিন্দ্র চক্রবর্তী বিভিন্ন মাঙ্গলিক ক্রিয়া কর্মকান্ডসহ বিশেষ পূজা, অর্চনা করেন।পূজার পর শোভাযাত্রা শুরু হয়। এতে উপস্থিত ছিলেন ভারত থেকে আগত শ্রীল প্রভুপাদ নিত্য গোপাল গোস্বামী। শোভাযাত্রায় ভক্তবৃন্দরা ঢাক ঢোল, কাশর, শঙ্খ, করতাল বাজিয়ে নেচে গেয়ে কীর্তন পরিবেশন করে হ্যামট্রাম্যাক হাই স্কুলের পার্কিং লটে এসে শেষ হয়। শোভাযাত্রাটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে এসময় রাস্তার দুপাশ থেকে হাত নাড়িয়ে স্বাগত জানান অনেক মানুষ। কেউ কেউ গাড়ীর হর্ণ বাজিয়ে শোভাযাত্রায় অংশ গ্রহণকারীদেরে উৎসাহিত করেন। ভক্তবৃন্দরা শ্রীকৃষ্ণের বিভিন্ন বর্ণের প্লেকার্ড, ফ্যাস্টুন হাতে নিয়ে শোভাযাত্রায় অংশ গ্রহণ করেন। উল্লেখযোগ্য সংখ্যক শিশু কিশোররাও এ শোভাযাত্রায় অংশ গ্রহণ করে। শোভাযাত্রায় বিপুল সংখ্যক নারীরা অংশ গ্রহণ করেন।

নাইজেরিয়ায় ভয়াবহ বন্যায় মৃত্যু বেড়ে ১৭০

উত্তর আমেরিকা ডেস্ক

নাইজেরিয়ায় ভয়াবহ বন্যায় প্রাণহানি বেড়ে দাঁড়িয়েছে ১৭০ জনে। পশ্চিম আফ্রিকার এই দেশটিতে দুই সপ্তাহ ধরে চলা বন্যায় বাস্তুচ্যুত হয়েছেন দুই লাখের বেশি মানুষ। নাইজেরিয়ার দুর্যোগ ব্যবস্থাপনা সংস্থার বরাতে এ তথ্য জানিয়েছে মার্কিন সংবাদমাধ্যম সিএনএন।

দেশটির ফ্লাড ন্যাশনাল ইমার্জেন্সি অপারেশন সেন্টারের তথ্য অনুসারে, চলমান বন্যায় নাইজেরিয়ায় অন্তত ১৭০ জনের মৃত্যু হয়েছে এবং আহত হয়েছে প্রায় ২ হাজার জন। এ ছাড়া বন্যায় ২ লাখ ৫ হাজারের বেশি মানুষ বাস্তুচ্যুত হয়েছে। সবশেষ তথ্য অনুযায়ী, ১৭০ জনের মৃত্যু, ১ হাজার ৯৪১ জন আহত এবং ২ লাখ ৫ হাজার জন তাদের বাড়িঘর থেকে বাস্তুচ্যুত হয়েছেন।

পাকিস্তানের বেলুচিস্তানে হামলায় নিহত বেড়ে ৭৩

উত্তর আমেরিকা ডেস্ক

পাকিস্তানের বেলুচিস্তান প্রদেশে বিচ্ছিন্নতাবাদীদের হামলায় নিহতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৭৩ জনে। থানা, রেললাইন ও মহাসড়কে হামলা চালায় বিচ্ছিন্নতাবাদীরা। ব্রিটিশ বার্তা সংস্থা রয়টার্সের প্রতিবেদনে এ তথ্য জানা গেছে।

রোববার স্থানীয় সময় রাতে বেলুচিস্তান প্রদেশের মাস্তুং, কালাত, পাসনি, ও সুনসার জেলার থানায় হামলা চালায় বিচ্ছিন্নতাবাদীরা। প্রদেশটির রাজধানী কোয়েটাসহ সিবি, পঞ্জগুর, মাস্তুং, তুরবত ও বেলা শহরে বিস্ফোরণ ঘটানো এবং গ্রেনেড হামলা চালানো হয়। প্রদেশের গোয়াদর জেলায় সুনসার থানায় হামলা চালিয়ে অস্ত্র লুট করে নেয় সন্ত্রাসীরা।

মুসাখাইল জেলার সহকারী কমিশনার নজীব কাকার জানান, রোববার দিবাগত রাতে অস্ত্রধারীরা ররশম এলাকায় আন্তপ্রদেশ মহাসড়কে অনেকগুলো যাত্রীবাহী গাড়ি, বাস ও ট্রাক থামায়। এসব গাড়ি থেকে অস্ত্রধারীরা পরিচয় যাচাই করে ২৩ জন পাঞ্জাবিকে হত্যা করে। মহাসড়কের পাশাপাশি থানা ও রেললাইনেও হামলা হয়।

হামলায় ৩৮ জন সাধারণ মানুষ নিহত হয়েছে। আর সামরিক বাহিনীর পাল্টা অভিযানে নিহত হয়েছে ২১ জন সন্ত্রাসী। প্রাণ হারিয়েছেন নিরাপত্তা বাহিনী ও আইন প্রয়োগকারী সংস্থার (এলইএ) ১৪ সদস্য। এদিকে হামলার পর দায় স্বীকার করেছে দ্য বেলুচ লিবারেশন আর্মি (বিএলএ)।

জব জব জব

আপনি কি আমেরিকাতে একটি সরকারী জব খুজছেন? আপনার কি হাইস্কুল ডিপ্লোমা, ব্যাচেলর অথবা মাষ্টার ডিগ্রী আছে? বাংলাদেশ অথবা ইউএস থেকে যদি থাকে তাহলে আর দেরী না করে আমাদের টিমে যোগ দিন এবং আপনার পছন্দমত ফিল্ডে একটি প্রফেশনাল জবের জন্য চেষ্টা করুন।

সিভিল সার্ভিস পরীক্ষায় (সিটি, স্টেট এবং ফেডারেল জবের) আপনাদের সর্বোচ্চ স্কোর পাওয়ার জন্য আমাদের সর্বাত্নক প্রচেষ্টা থাকে এবং সেভাবেই আমরা প্রার্থীকে প্রস্তুত করে দেই। (ম্যাথ, ইংরেজী এবং অন্যান্য ট্রিকি প্রশ্নাবলী সমৃদ্ধ আমাদের নিজস্ব প্রিপারেশন গাইড ব্যাংক)। আমেরিকার অন্য স্টেট থেকেও আমাদের টিমে যোগ দিতে পারেন।

তাছাড়া প্রফেশনাল রিজুমি, কভার লেটার এবং ফেইস টু ফেইস ইন্টারভিউ-এর জন্য তৈরী করা হয়। যাদের একাউন্টিং ব্যকগ্রাউন্ড তাদেরকে কুইকবুক, পিচট্রি, পেরুল ও একাউন্টিং-এর টিউটরিংসহ সবাইকে কম্পিউটার বেসিক শিখানো হয়।

আগ্রহী প্রার্থীরা আজই যোগাযোগ করুন - ৭১৮-৫৩০-২৬০৫
email: roudro123@yahoo.com

এম এ জামান (বর্তমানে নিউইয়র্ক স্ট্যাট গভ-এ কর্মরত)
সাকসেস মাল্টিপারপাস এন্ড ক্যারিয়ার কনসালটিং ফার্ম (প্রতিষ্ঠাতা)
সার্টিফাইড বিজনেস ক্যারিয়ার স্কুল টিচার, দ্য স্টেট ইউনিভার্সিটি অফ নিউইয়র্ক (জব ডেভেলপার)
প্রাক্তন সাবস্টিটিউট টিচার, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ এডুকেশন এবং
লেকচারার ইন একাউন্টিং, এম এল আই, নিউ ইয়র্ক, কুইন্স

SECURITY CAMERA

আপনার বাসা, ব্যবসা প্রতিষ্ঠান ও কর্মস্থলে সিকিউরিটি ক্যামেরা লাগিয়ে, দেশ-বিদেশে যেখানেই থাকুন বাসায় বসে আপনার মোবাইল ফোনে লাইভ ভিডিও দেখুন

কোন মাসিক ফি ও হিডেন চার্জ নেই।
আমরা সবসময় ফোন রিসিভ করি

কম্পিউটার রিপিয়ার, সাউন্ড সিস্টেম ও অফিস নেটওয়ার্কিং এর কাজ করি।

PH-929-257-2015

JOY SECURITY SYSTEM INC
170-05 Hillside Ave Jamaica, NY-11432

বঙ্গবন্ধুর ৪৯তম শাহাদাতবার্ষিকীর শোক সভা ও আলোচনা

পার্থ সারথী দেব

যুক্তরাষ্ট্রের মিশিগান অঙ্গরাজ্যের হ্যামট্রাম্যাক সিটির সিটি হলের সামনে গত ১৮ আগস্ট বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৯তম শাহাদাতবার্ষিকী উপলক্ষে শোক সভা, শোভাযাত্রা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। মিশিগান স্টেট ও মহানগর আওয়ামী লীগের আয়োজনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। পবিত্র কোরআন তেলওয়াত, গীতা ও ত্রিপিটক পাঠ করে অনুষ্ঠান শুরু করা হয়।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারের সব শহীদদের আত্মার শান্তি কামনায় বিশেষ প্রার্থনা ও ১৫ই আগষ্টে শহীদদের স্মরণে ১ মিনিট নীরবতা পালন করা হয়। এরপর আলোচনা অনুষ্ঠান শুরু হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মিশিগান স্টেট আওয়ামী লীগের সভাপতি ফারুক আহমদ চাঁন। অনুষ্টানে বক্তারা বলেন, পৃথিবীর বুকে বাংলাদেশ নামক দেশটির স্বপ্নদ্রষ্টা হচ্ছেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বাংলা, বাঙালি ও বাংলাদেশ মানে বঙ্গবন্ধু। বঙ্গবন্ধুকে বারবার ইতিহাস থেকে মুছে ফেলার চেষ্টা হয়েছে, '৭৫ থেকে ৯০ সাল পর্যন্ত বঙ্গবন্ধু বাংলাদেশে নিষিদ্ধ ছিলেন কিন্তু তিনি ছিলেন বাঙালির মননে, হৃদয়ে। আওয়ামী লীগ উপমহাদেশের একটি প্রাচীন ও ঐতিহ্যবাহী সংগঠন, বারবার এই সংগঠনের উপর ঝড়ঝঞ্জা এসেছে কিন্তু বারবার দলটি ঘুরে দাড়িয়েছে।

যুক্তরাষ্ট্র ফেসবুককে চাপ দিয়েছিল

অভিযোগ জাকারবার্গের

উত্তর আমেরিকা ডেস্ক

ফেসবুক-ইনস্টাগ্রামের মতো জনপ্রিয় সামাজিক যোগাযোগমাধ্যমগুলোর মাতৃপ্রতিষ্ঠান মেটার প্রধান মার্ক জাকারবার্গ বলেছেন, কোভিড সংক্রান্ত অনেক কনটেন্ট সেন্সর করতে বা চেপে যেতে তাঁকে চাপ দিয়েছিল বাইডেন প্রশাসন। বাইডেন প্রশাসনের কাছে নতি স্বীকার করার সেই ঘটনার বিষয়ে তিনি অনুতপ্ত বলেও জানিয়েছেন জাকারবার্গ। ব্রিটিশ সাময়িকী টাইমের প্রতিবেদন থেকে এ তথ্য জানা গেছে।

যুক্তরাষ্ট্রের কংগ্রেসের নিম্নকক্ষ হাউস অব রিপ্রেজেনটেটিভসের বিচারবিভাগীয় কমিটির কাছে লিখিত এক চিঠিতে মার্ক জাকারবার্গ বলেছেন, '২০২১ সালে হোয়াইট হাউসসহ বাইডেন প্রশাসনের ঊর্ধ্বতন কর্মকর্তারা কয়েক মাস ধরে আমাদের টিমকে (কোভিড সংক্রান্ত) কৌতুক এবং ব্যঙ্গসহ নির্দিষ্ট কিছু কনটেন্ট সেন্সর করার জন্য বারবার চাপ দিয়েছিল।'

মেটার প্রধান আরও বলেন, 'কোনো কনটেন্ট অপসারণ করা হবে কি হবে না তা এককভাবে মেটার সিদ্ধান্ত থাকলেও সেটা করা সম্ভব হয়নি।' তিনি আরও বলেন, 'সরকারি চাপ ভুল ছিল এবং আমি দুঃখিত যে, আমরা এই বিষয়ে আরও স্পষ্টবাদী হতে পারিনি।'

কোভিড-১৯ মহামারি চলাকালে ফেসবুক কর্তৃপক্ষ লকডাউন, ভ্যাকসিন ও মাস্ক বিরোধীদের তীব্র ক্ষোভের মুখে পড়েছিল। এই লোকেদের অনেকেই অভিযোগ করেছেন যে, ফেসবুক কর্তৃপক্ষ তাদের পোস্টে বা কনটেন্টে কোভিড সংক্রান্ত ভুল তথ্য আছে উল্লেখ করে সেগুলো সরিয়ে ফেলেছে। যা তাদের নীতির বিরুদ্ধে ছিল।

সব মিলিয়ে মাত্র এক বছরে ফেসবুক ২ কোটিরও বেশি কনটেন্ট অপসারণ করেছিল। যদিও এ ধরনের কর্মকাণ্ডের জন্য জাকারবার্গ অনুতাপ প্রকাশ করেন। তাঁর মতো একই ধরনে অনুতাপ প্রকাশ করেছিলেন সাবেক টুইটারের তৎকালীন সিইও জ্যাক ডরসিও।



হবিগঞ্জ ও মৌলভীবাজারে নামছে পানি, বাড়ছে সংকট

সিলেট অফিস

সিলেটের হবিগঞ্জ ও মৌলভীবাজারে বন্যা পরিস্থিতির উন্নতি হয়েছে। বন্যার পানি কমতে থাকায় লোকজন তাঁদের বাড়ি ফিরতে শুরু করেছেন। কিন্তু এসব এলাকায় দেখা দিয়েছে বিশুদ্ধ পানি, খাবার, আবাসন ও স্যানিটেশনসহ বিভিন্ন সংকট।

জানা গেছে, বন্যার কারণে বিভিন্ন এলাকার নলকূপ বিকল হয়ে গেছে। ফলে সুপেয় পানির সংকট দেখা দিয়েছে। অনেকের ঘরবাড়ি ও শৌচাগার নষ্ট হওয়ায় সমস্যায় পড়েছেন তাঁরা।

হবিগঞ্জে বন্যাকবলিত ছয়টি উপজেলার পরিস্থিতির উন্নতি হয়েছে। বন্যাকবলিত উপজেলাগুলো হলো হবিগঞ্জ সদর, চুনারুঘাট, মাধবপুর, শায়েস্তাগঞ্জ, নবীগঞ্জ ও বাহুবল।

সরকারি হিসাবে জেলায় গত সোম ও মঙ্গলবার অন্তত ১০ হাজার ঘরবাড়ি থেকে বন্যার পানি নেমে গেছে। তবে নিম্নাঞ্চলে পানিবন্দী রয়েছে কয়েক হাজার পরিবার।

খোঁজ নিয়ে জানা গেছে, গত মঙ্গলবার আশ্রয়কেন্দ্র থেকে ১৮০ জন লোক নিজ বাড়িতে ফিরেছেন। চারটি আশ্রয়কেন্দ্রে এখনো রয়েছেন ৫৪৮ জন মানুষ। বর্তমানে জেলায় চারটি আশ্রয়কেন্দ্র চালু রয়েছে।

জেলা সিভিল সার্জন কার্যালয় জানিয়েছে, তাদের মেডিকেল টিম বন্যাকবলিত এলাকায় কাজ করছে। খাবার স্যালাইন, পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট, সাপে কাটার ওষুধ পর্যাপ্ত পরিমাণ বরাদ্দ আছে।

হবিগঞ্জ শহরতলির জালালাবাদ গ্রামের আশ্রয়কেন্দ্র থেকে বাড়ি ফেরা শরিফা বেগম বলেন, 'বাড়ি এসেছি। কিন্তু ঘরের যে অবস্থা। খুব কাদা। ঠিক করতে অনেক সময় লাগবে। বিশুদ্ধ পানি ও খাবারের অসুবিধা হচ্ছে।'

বন্যার কারণে হবিগঞ্জ সদর উপজেলার হুরগাঁওসহ বিভিন্ন এলাকায় হাওরে রোপণ করা রোপা আমনের চারা নষ্ট হয়ে গেছে। ওই এলাকার কৃষক আব্দুল কাইয়ুম বলেন, 'আমাদের হাওরে প্রায় এক হাজার একর জমিতে রোপা ধান চাষ করা হয়েছিল। বন্যায় আমাদের সব জমি তলিয়ে যায়। এ ক্ষতি কীভাবে আমরা কাটিয়ে উঠব, বুঝতে পারছি না। সরকারের সহযোগিতা চাই।'

মৌলভীবাজারের কমলগঞ্জ, রাজনগর, জুড়ী, বড়লেখা, কুলাউড়া ও সদর উপজেলা প্লাবিত হওয়ায় এসব এলাকার নলকূপ বিকল হয়ে পড়েছে। শৌচাগারগুলো ব্যবহার অনুপযোগী হয়ে পড়েছে। ফলে এসব এলাকার বাসিন্দারা মহাসংকটে পড়েছেন।

খোঁজ নিয়ে জানা গেছে, বন্যায় জেলার তিন লাখ মানুষ পানিবন্দী হয়ে পড়েন। এতে অসংখ্য কাঁচা ঘর বিধ্বস্ত হয়েছে।

জেলার কমলগঞ্জ, কুলাউড়া, রাজনগর উপজেলা ঘুরে দেখা যায়, বেশির ভাগ ঘরে বন্যার পানি ঢুকেছে। বন্যার পানি কমলেও নলকূপ থেকে ময়লাযুক্ত পানি বের হচ্ছে।

মৌলভীবাজার জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর সূত্রে জানা গেছে, বন্যায় জেলার ১ হাজার ২০০টি নলকূপ ও ৩ হাজার শৌচাগার ক্ষতিগ্রস্ত হয়েছে।

সাবেক বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি গ্রেপ্তার

ঢাকা ডেস্ক

সাবেক বাণিজ্যমন্ত্রী টিপু মুনশিকে গ্রেপ্তার করেছে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)। বুধবার দিবাগত রাত ১টার কিছু সময় পর গুলশান-১ তাঁকে গ্রেপ্তার করা হয়।

র‍্যাবের লিগ্যাল ও মিডিয়া উইং থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এই তথ্য নিশ্চিত করা হয়েছে।

র‍্যাব জানিয়েছে, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন চলাকালীন গুলিবিদ্ধ হয়ে স্বর্ণ শ্রমিক মুসলিম উদ্দিন মিলন হত্যার ঘটনায় দায়ের করা মামলায় টিপু মুনশিকে গ্রেপ্তার দেখানো হয়েছে।

গত ৫ আগস্ট ছাত্র জনতার তীব্র গণ আন্দোলনের মুখে প্রধানমন্ত্রী পদ থেকে পদত্যাগ করে দেশ ছাড়েন আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা। এর মাধ্যমে তাঁর সাড়ে ১৫ বছরের শাসনের অবসান হয়।

হেরে গেলেন

শেষ পৃষ্ঠার পর

নিহত সোহানের মৃত্যুর সংবাদ শোনার পর বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম সমন্বয়ক সারজিস আলম ও হাসনাত আব্দুল্লাহ তাকে সিএমএইচ দেখতে যান। বুধবার সকাল ১১টায় ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শহীদ মিনারে প্রথম জানাজা অনুষ্ঠিত হয়। পরে বিকাল ৫টায় শ্রীপুর পূর্বপাড়া ঈদগাহ ময়দানে জানাজা নামাজ শেষে শ্রীপুর পূর্বপাড়া সম্মিলিত কবরস্থানে দাফন সম্পন্ন হয়।

নিহতের বাবা শাহ সেকেন্দার আলী বলেন, আমার ছেলের অনেক বড় স্বপ্ন ছিল। স্বপ্ন ছিল লেখাপড়া শেষ করে অনেক বড় চাকরি করবে। সংসারে অভাব অনটনের জন্য সে লেখাপড়ার পাশাপাশি চাকরি করতো। আমাদের সব শেষ হয়ে গেছে এখন আমরা কীভাবে বাঁচবো?

নিহতের নানা শ্রীপুর প্রেস ক্লাবের সদস্য সচিব আশরাফ হোসেন পল্টু বলেন, সংসারে অভাব অনটনের জন্য সোহান লেখাপড়ার পাশাপাশি একটি ওষুধ কোম্পানিতে চাকরি করতো। পুরো সংসার তার ওপর নির্ভরশীল ছিল। এখন তাদের কীভাবে চলবে? একটি গুলিই তাদের সব শেষ করে দিলো। ছোটবেলা থেকেই সোহান নম্র, ভদ্র, সদালাপী এবং সৎ চরিত্রের অধিকারী ছিল।

ঐক্যের পথে নতুন প্রজন্মকে এগিয়ে

শেষ পৃষ্ঠার পর

মানবিক কাজগুলোতে এগিয়ে যায় ফোবানা। এবারের বন্যাকবলিত পরিস্থিতিতে বন্যার্তদের জন্য ৫০০০ ডলার পাঠানো হয়েছে ফোবানা থেকে। বিভিন্ন অনুষ্ঠানের টিকিট বিক্রির টাকায় দেশে দুস্থদের বড় পরিমাণে সাহায্য করে থাকে ফোবানা। যেমন-রমজানে সময় রংপুরের প্রত্যন্ত অঞ্চলগুলোতে রমজানের খাদ্য সামগ্রী, ঈদের খাদ্য সামগ্রী 'বাংলাদেশ স্কাউটস্' এর মাধমে দিয়ে থাকে ফোবানা। যারা কোরবানি দিতে পারেনা কিংবা নিম্নবিত্ত পর্যায়ের, তাদের জন্য ঈদে কোরবানির ব্যবস্থা করা হয়। সিলেট অঞ্চলের একটি এনজিওয়ের মাধ্যমে প্রয়োজনীয় মানুষদের ক্যাটারাক অপারেশনে সাহায্য করা সহ চশমার ব্যবস্থা করা হয় এবং জীবিকা উপার্জনে চিটাগং-এ দুস্থ মহিলাদের জন্য সেলাই মেশিনও সর্বরাহ করা হয়।

ফোবানার সাম্প্রতিক কার্যক্রমের মধ্যে বন্যার্তদের সাহায্য করতে পারা-সফল একটি কার্যক্রম বলে মনে করেন বেদারুল ইসলাম বাবলা। ফোবানার মূল লক্ষ্য এবং প্রতিষ্ঠাকালীন সময়ের সাথে বর্তমান কার্যক্রমের মধ্যে পরিবর্তন সম্পর্কে তিনি বলেন, "আমাদের ২০টা স্ট্যান্ডিং কমিটি আছে, একেকটা কমিটি একেকটা ফিল্ডে কো-অরর্ডিনেট করছে। বিশেষ করে আমরা মানসিক স্বাস্থ্য সচেতনতা ডেপলপ করছি যেন আমাদের কমিউনিটি এ সম্পর্কে আরো সচেতন হয়। মানসিক স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি করা অত্যন্ত জরুরি, কারণ এটি আমাদের সামগ্রিক স্বাস্থ্যের একটি গুরুত্বপূর্ণ অংশ। মানসিক স্বাস্থ্যের গুরুত্ব এবং এর প্রভাব সম্পর্কে সচেতনতা বৃদ্ধি না করলে মানুষ অনেক সময় তাদের সমস্যাগুলোকে গুরুত্ব দেয় না বা বুঝতে পারে না, যার ফলে তারা যথাসময়ে সহায়তা নিতে ব্যর্থ হয়। আমাদের বাচ্চাদেরকে লালন পালনেও এটির দরকার আছে। এই যে বাচ্চাদের মধ্যে হতাশা উদ্বেগ বাড়ছে, আত্মহত্যার প্রবণতা বাড়ছে, কেন বাড়ছে, সমস্যাটা আসলে কোথায়, সেগুলি বুঝতে হবে। তাদেরকে কথা বলতে দিতে হবে, তাদের কথা শুনতে হবে।"

এছাড়াও তিনি জানান, তিনদিন ব্যাপি ফোবানা সম্মেলন হতে যাচ্ছে মিশিগানে। আগস্ট ৩০ তারিখে অপেনিং হবে আগস্ট ৩১-সেমটেম্বর ১ তারিখ পর্যন্ত চলবে। সেমিনার, বিভিন্ন ওয়ার্শপ, যেমন-প্রবাসে সাহিত্য চর্চার সীমাবদ্ধতা-বিশ্বায়নে নজরুল, এমন আরো অনেক বিষয়ের উপর আলোকপাত করা হবে।

ফোবানার মধ্যে পৃথক সংগঠন বা বিভক্তির পেছনের কারণ সম্পর্কে বেদারুল ইসলাম বাবলা বলেন, "আমি মুক্তিযুদ্ধের চেতনা, সমতাকে বিশ্বাস করি। ঐক্যবদ্ধ অসাম্প্রদায়িক চেতনা ধারণ করি। মানবতা ও পারস্পারিক শ্রদ্ধাবোধে বিশ্বাস রাখি। এই বিভক্তির পেছনে নেতৃত্বে ইগো সমস্যা, আদর্শগত সমস্যা ছিল।"

> ফোবানা ভবিষ্যতে বিভাজন দুর করার জন্য নতুন উদ্দ্যোগ নিবে বলে জানান বেদারুল ইসলাম বাবলা। তিনি বলেন, ঐক্যের কেনো বিকল্প নেই। এর পাশাপাশি পারস্পারিক শ্রদ্ধাবোধ কিভাবে ফিরিয়ে আনা যায় এবং সম্মিলিত ভাবে ফোবানাকে নিয়ে কাজ করা যায়, তার প্রচেষ্টা থাকবে।

পৃথক সংগঠনগুলোর সাথে ফোবানার সম্পর্ক সম্পর্কে তিনি বলেন, "ব্যক্তিগতভাবে বলব দ্বিমত হয়েছিল, নেতৃত্বে অসততা ছিল। অসততা আমার আদর্শ হতে পারে না।"

তিনি বলেন, "ফোবানার মূল উদ্দেশ্য এবং লক্ষ্যের সঙ্গে তারা সামঞ্জস্যপূর্ণ নয়।"

বেদারুল ইসলাম বাবলা আরো বলেন, "কখনো কখনো প্রশ্নের সম্মুখিন হতে হয়-আপনি কোন ফোবানার লোক? আপনাদের মধ্যে বিভাজন কেন? এগুলি বিভ্রতকর অবস্থা তৈরি করে। একটা ফোবানা হলে এমন বিভ্রতকর পরিস্থিতিতে পড়তে হত না। নেতৃত্ব ধরে রাখার প্রবণতা থেকেই এই বিভাজন। আমার বিনিত অনুরোধ, আসুন আমরা ফোবানাকে একটা প্ল্যাটফর্মে নিয়ে আসি এবং সম্মিলিতভাবে দেশ ও দশের উন্নয়নে কাজ করি।"

পৃথক সংগঠনগুলোর সঙ্গে পুনর্মিলনের কোনো প্রচেষ্টা বা উদ্যোগ নেওয়া হয়েছিল কিনা-এই বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, "চেষ্টা করেছি, হয়নি। তবে আমি আশাবাদী। এবারের সম্মেলনে ইগোতে জলাঞ্জলি দিয়ে, ছাড় দিয়ে আমরা আবারো আহ্বান জানাবো, ডায়লগ অপেন করবো একত্রিত হওয়ার। বিভাজন অনেক তো হলো, আর কত!"

নতুন প্রজন্মের কাছে ফোবানা-এর মূল্যবোধ এবং সংস্কৃতি পৌঁছে দিতে এখানে একটি ইয়ুথ ফোরাম আছে বলে জানান তিনি। এই ইয়ুথ ফোরাম দেশের প্রজন্মের মধ্যেও প্রভাব ফেলছে। দেশের যুবক তরুণরা নিজেদের ভেতরে এই ইয়ুথের শক্তিকে ধারণ করে, বিভিন্ন কাজে কানেক্ট হচ্ছে। দেশে শিল্পসংস্কৃতি চর্চা করা সহ মানবিক কাজগুলোতেও তারা অংশ নিচ্ছে, সহায়তা করেছে। ইয়ুথ ফোরামের দ্বারা উৎসাহিত হয়ে দেশের তরুণরা ক্যারিয়ার গঠনেও সামনে এগিয়ে যাচ্ছে।

ফোবানা ভবিষ্যতে বিভাজন দুর করার জন্য নতুন উদ্দ্যোগ নিবে বলে জানান বেদারুল ইসলাম বাবলা। তিনি বলেন, ঐক্যের কেনো বিকল্প নেই। এর পাশাপাশি পারস্পারিক শ্রদ্ধাবোধ কিভাবে ফিরিয়ে আনা যায় এবং সম্মিলিত ভাবে ফোবানাকে নিয়ে কাজ করা যায়, তার প্রচেষ্টা থাকবে। আমাদের এই প্রচেষ্টা যদি সফল হয় তবে ফোবানা তার কার্যক্রম নিয়ে আরো বেশি কিছু করতে পারবে।

তিনি আরো বলেন, ফোবানার আন্ডারে বিভিন্ন অঙ্গরাজ্যে ৫৫টা সংগঠন আছে। তারা তাদের শহরে নিজস্ব প্ল্যাটফর্মে কাজ করছে। যেমন-কবরের ব্যবস্থা করা, কেউ যদি দেশে লাশ পাঠাতে না পারে তবে তাদের সাহায্য করা, চাকরির সমস্যা, ইমিগ্রেশন সমস্যা-এমন সব কাজগুলো তারা করে থাকে। প্রতিটা অঙ্গরাজ্যের এই কাজগুলো যখন সফল হয় তখন সেটাই ফোবানার সার্থকতা।

ফোবানা উত্তর আমেরিকার বাংলাদেশি প্রবাসীদের জন্য শুধু একটি সামাজিক ও সাংস্কৃতিক প্ল্যাটফর্ম নয়, বরং এটি বাংলাদেশের সংস্কৃতি, কৃষ্টি, এবং ভাষাকে প্রবাসে ছড়িয়ে দেওয়ার একটি শক্তিশালী মাধ্যম। প্রাক্তন চেয়ারপারসন বেদারুল ইসলাম বাবলার সাক্ষাৎকারের মাধ্যমে ফোবানার বর্তমান কার্যক্রম, ভবিষ্যৎ পরিকল্পনা, এবং বিভাজন সত্ত্বেও ঐক্যবদ্ধভাবে কাজ করার প্রচেষ্টা সম্পর্কে গভীর অন্তর্দৃষ্টি পাওয়া গেছে। ফোবানা তার প্রতিষ্ঠাকাল থেকে শুরু করে আজ পর্যন্ত যে ঐতিহ্য, সংস্কৃতি, এবং মানবিক কাজের মাইলফলক তৈরি করেছে, তা সত্যিই প্রশংসার যোগ্য। তবে বিভাজন এবং নেতৃত্বের সংকট ফোবানার অগ্রযাত্রাকে কিছুটা ধীর করেছে। তবুও, বেদারুল ইসলাম বাবলার মত ব্যক্তিদের প্রচেষ্টা এবং ফোবানার সদস্যদের মধ্যে ঐক্য ফিরিয়ে আনার অঙ্গীকার ফোবানাকে আবারও একত্রিত এবং শক্তিশালী করে তুলতে পারে। ফোবানার সামনের দিনগুলোতে এ ধরনের উদ্যোগের সফলতা নিশ্চিত হলে, প্রবাসে থাকা বাংলাদেশিদের মধ্যে জাতীয় চেতনা এবং সামাজিক ঐক্য আরও মজবুত হবে। নতুন প্রজন্মের কাছে বাংলাদেশের সংস্কৃতি এবং মূল্যবোধ পৌঁছে দেওয়ার জন্য ফোবানা যে ভূমিকা পালন করছে, তা আরও বিস্তৃত হোক, বাংলাদেশের মর্যাদা আন্তর্জাতিক পর্যায়ে আরও উচ্চস্থানে পৌঁছাক-এই প্রত্যাশা।

বন্যার্ত স্বজনদের জন্য প্রবাসীদের

শেষ পৃষ্ঠার পর

রেমিটেন্স প্রবাহে জোয়ার বইয়ে দিচ্ছেন। প্রতিটি মানি এক্সেচেঞ্জে মাসুদ হাসানের মতো প্রবাসীদের টাকা পাঠানোর জন্য ভীড়ের কারণে ঈদ মওসুমের ব্যাস্ততম পরিবেশ লক্ষ্য করা গেছে।

খোঁজ নিয়ে জানা যায়, কোটা বিরোধী আন্দোলনকে কেন্দ্র করে ছাত্রহত্যা এবং সহিংস ঘটনার জের ধরে অনিশ্চয়তা এবং ইন্টারনেট বন্ধ করে দেয়ার পর গত ১৭ জুলাই থেকে রেমিটেন্স প্রবাহ কমতে থাকে। ইন্টারনেট বন্ধ থাকা, ব্যাংক বন্ধ থাকা, কার্ফ্যুসহ দেশব্যাপী বিক্ষোভ এবং আওয়ামীলীগ সরকারের পতন তরান্বিত করতে রেমিটেন্স না পাঠানোর প্রচারণার কারণে ১৭ থেকে ২১ জুলাই পর্যন্ত রেমিটেন্স প্রেরণ তলানীতে ঠেকে। ইন্টারনেট চালুর পর পর কিছুটা স্বাভাবিক হলেও ৫ আগস্ট পর্যন্ত দেশে টাকা প্রেরণে প্রবাসীরা সতর্ক ছিলেন। পরবর্তীতে ধীরে ধীর পরিস্থিতি স্বাভাবিক হয়।

ফেনী, নোয়াখালী, লক্ষ্মীপুর, কুমিল্লা, ব্রাক্ষ্মনবাড়িয়া, মৌলভীবাজার, হবিগঞ্জ, চট্টগ্রাম, খাগড়াছড়িসহ বন্যাকবলিত জেলাগুলো সর্বাধিক প্রবাসী অধ্যুষিত হওয়ায় স্বাভাবিক সময়ের চেয়ে ৩০-৪০ ভাগ রেমিটেন্স প্রেরণ বেড়েছে। তাছাড়া সকল জেলার প্রবাসীরা কোননা কোন ভাবে সহায়তার হাত বাড়িয়ে দেয়ায় রেমিটেন্স প্রবাহের এই উর্ধ্বগতি বলে জানিয়েছে মানি এক্সচেঞ্জগুলো।

সোমবার বিকালে নিউইয়র্ক সিটির ওজনপার্কে সোনালী এক্সচেঞ্জের শাখায় গিয়ে দেখা যায় ৪জন লাইনে দাঁড়িয়ে আছেন দেশে টাকা পাঠাতে। এসময় কুমিল্লার বুড়িচংয়ের মোঃ ইসলাম জানান, পানি বেড়ে গেছে পরিবারের জরুরী খরছের জন্য টাকা পাঠাতে এসেছেন। তাছাড়া এলাকার মানুষজনও আছে। উদ্বেগ আর ভালোবাসা মেশানো কন্ঠে বলেন এই প্রবাসী।

ব্যাংক এশিয়ার সহযোগী প্রতিষ্ঠান বিএ এক্সপ্রেস ওজনপার্ক শাখার কাস্টমার সার্ভিস অফিসার আহমেদ মাসুম কচি জানান, দেশের সহিংসতার সময় রেমিটেন্স প্রেরণ একেবারেই কমে গিয়েছিলো। ধীরে ধীরে সেটি স্বাভাবিক হয়। এখন স্বাভাবিক অবস্থার চেয়েও ৩০ শতাংশেরও বেশী রেমিটেন্স যাচ্ছে।

রেমিটেন্সের প্রবাহ স্বাভাবিকের তুলনায় বেশী আখ্যা দিয়ে স্ট্যান্ডার্ড এক্সপ্রেসের সিইও মোঃ মালেক বলেন- প্রবাসীরা বন্যাপীড়িত স্বজনদের জন্যই এখন টাকা পাঠাচ্ছে দেশে। স্বাভাবিক সময়ের চেয়ে এই হার ৩০ শতাংশেরও বেশী হতে পারে।

রেমিটেন্স প্রবাহ অনেক বেশী। এটির তুলনামূলক বিচার করা যাবেনা। কারণ, এখনকার টাকাটা পুরোই বন্যায় ক্ষতিগ্রস্থ পরিবারবারের জন্য পাঠাচ্ছে সবাই। যদি অন্যকারণে পাঠাতো তাহলে তুলনা করা যেতো। এমনটি জানিয়েছেন সোনালী এক্সচেঞ্জের ভারপ্রাপ্ত সিইও নোয়াব আলী। তাঁরমতে বন্যাউপদ্রুত এলাকাসমূহ প্রবাসী অধ্যুষিত সেজন্য রেমিটেন্স যাচ্ছে বেশী।

মানি ট্রান্সফার কোম্পানী সানম্যান গ্লোবাল এক্সপ্রেসের সিইও মাসুদ রানা তপনের মতে বন্যা উপদ্রুত এলাকার প্রবাসীরা এখন বন্যায় ক্ষতি মোকাবেলায় দেশে টাকা পাঠাচ্ছেন। একইসাথে সারাদেশের প্রবাসীরাও নানান ভাবে বন্যায় সহায়তা করছেন। এজন্য রেমিটেন্সের প্রবাহ স্বাভাবিক সময়ের তুলনায় অনেক বেশী।

'ব্যবসায় সাহায্য করাই আমার মূল

শেষ পৃষ্ঠার পর

সম্প্রচার 'টক অফ দ্য উইক' অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন তিনি।

বিশেষ পর্বে মুহাম্মদ সরফরাজ আলোচনা করেছিলেন বিজনেস লোন নিয়ে। যা অনেক উদ্যোক্তাদের জন্য একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। মুহাম্মদ সরফরাজ খান, চার বছরেরও বেশি সময় ধরে একজন তহবিল উপদেষ্টা হিসাবে কাজ করছেন। রিয়েল এস্টেট, ব্যবসায়িক ঋণ সহজীকরণ এবং হার্ড মানি মর্টগেজ এর অভিজ্ঞতা রয়েছে তার। QM Advance- এর সাথে তার লক্ষ্য হল দেশী সম্প্রদায়ের সাধারণ জনগণ যেন অন্যান্যদের মতো একই সুযোগ এবং সম্পদের সমান অ্যাক্সেস পান, তা নিশ্চিত করা। ক্লায়েন্টদের আমেরিকান 'সিস্টেম অফ ফাইন্যান্স' বুঝতে এবং এর সুবিধা নিতে সাহায্য করে থাকেন তিনি। QM Advance-এ বাংলাদেশী ব্যবসার মালিকরা এখন সর্বনিম্ন রেট এবং 'ক্যাশ অ্যাডভান্স ফান্ডিং প্রোগ্রাম' এ সেরা বিকল্পগুলিতে অ্যাক্সেস পাবেন। QM Advance- বাংলাদেশী রেস্তোরাঁ, ফার্মেসি, গ্রেসারি স্টোর, এবং অন্যান্য ব্যবসায়ী প্রতিষ্ঠানগুলোতে লোন পেতে সাহায্য করে থাকে।

ব্যবসায় কোন ধরনের লোন সবচেয়ে কার্যকর এবং কীভাবে সঠিক বিজনেস লোন নিয়ে ব্যবসাকে এগিয়ে নিয়ে যাওয়া যায়-এই বিষয়ে মুহাম্মদ সরফরাজ বলেন, "এদেশে বিভিন্ন প্রকার লোন আছে, যেমন সরকার থেকে, প্রাইভেট ব্যাংক থেকে। তবে আমার কোম্পানি QM এডভান্স, এটা ফাইন্যান্সিং এর একটা ভিন্ন ধর্মী ব্যবস্থা। আমি এটাকে লোন বলবো না, এটা ভবিষ্যতের জন্যে ক্রয় করা। ব্যাংক থেকে বিজনেস লোন নিতে গেলে আমাদের লম্বা প্রসেসের মধ্যে দিয়ে যেতে হয়। সেখানে অনেকগুলো ক্রাইটেরিয়া থাকে, যেমন ভালো ক্রেডিট স্কোর, ক্রেডিট কার্ডের রেগুলার পেমেন্ট। কিন্তু আমাদের এখানে এমন কোন বাধ্যবাধকতা নেই। খুব কম ইন্টারেস্ট রেটে অল্পও সময়ে যে কেউ সাহায্য পেতে পারেন।"

বিজনেস লোন পাবার প্রক্রিয়া সম্পর্কে মুহাম্মদ সরফরাজ জানান, "লোনের জন্যে সেই ব্যক্তিকে তার নিজ ব্যাবসার বিক্রয় কিংবা অর্থ উপার্জন দেখাতে হবে। আমরা বিজনেস ব্যাংক স্টেটমেন্ট যাচাইয়ের ভিত্তিতে অ্যাপ্রুভ্যাল দেই। সর্বনিম্ন চারহাজার থেকে একশ হাজার ডলার পর্যন্ত আর্থিক সুবিধা দিয়ে থাকি। যেসব বাঙালিদের নিজস্ব ব্যবসা আছে, যেমন-রেস্টুরেন্ট, গ্রোসারি স্টোর, ফার্মেসি আছে তাদেরকে আমরা সুবিধাজনক হারে ক্যাপিটাল দিয়ে সাহায্য করে থাকি। এই মুহূর্তে হয়তো প্রতিষ্ঠানটি তেমন সুপরিচিত নয়। তবে এই প্রতিষ্ঠানের লোন প্রক্রিয়া লম্বা সময় ধরে চলে না। আমরা কোন ক্রেডিট হিস্ট্রি চেক করি না। ব্যবসায়ী কোন পণ্য নিয়ে কিসের উপর বিজনেস করছে সেটাই প্রধান বিষয়। ব্যবসার পণ্যগুলোর বাজারে কেমন চাহিদা, বিক্রির পর কেমন মুনাফা আসে এবং সেটা কতটুকু লাভজনক তার উপরে নির্ভর করছে লোন পাবার নিশ্চয়তা। লোন পবার পর ব্যবসায় বিক্রয় এবং লাভ কিভাবে হচ্ছে তা প্রতিষ্ঠান পর্যবেক্ষণ করে থাকে। লোনের মাধ্যমে ব্যবসায়িকরা যদি ভালো ব্যবসা করেন, লোন শোধ করেন, তাহলে তারা চাইলে আবারো লোন পেতে পারে। আমাদের প্রতিষ্ঠান থেকে টাকা নিয়ে সফলভাবে ব্যবসা করে তাহলেই আমাদের সার্থকতা।"

মুহাম্মদ সারফরাজ আরো বলেন, "আমাদের প্রতিষ্ঠানে কোন মিডল ম্যান নেই, ইন্টারেস্ট রেট বেশি না, ব্রোকারেজ ফি নেই। আমাদের কোন ইন্টারেস্ট রেট কম, ফ্যাক্টর রেট আছে, এক্সট্রা ফি নেই। যে কোন ট্র্যাডিশনাল ব্যাংক লোন থেকে আমাদের প্রতিষ্ঠানের লোন অনেক আলাদা।"

প্রশ্ন রাখা হয়, কেউ বিজনেস লোন নেবার পর ব্যবসায় প্রত্যাশিত লাভ না হলে বা লস হল, সেক্ষেত্রে লোন কিভাবে শোধ করা যায়? উত্তরে মুহাম্মদ সরফরাজ বলেন, "বিজনেসে লস হতেই পারে। আমরা জানি যে ব্যবসায় কখনো স্লো সিজন থাকে, আপ্স এন্ড ডাউন অবস্থা থাকে, ব্যবসায়িকের শারীরিক অসুস্থতা, পারিবারিক জটিলতা থাকতে পারে। তবে বিজনেস সবসময়ই চলমান। তবুও কখনো যদি ব্যবসা কোন বিপদজনক অবস্থায় চলে যায় তখন আমরা তাদেরকে পেমেন্টের জন্য কোন চাপ দেই না। কয়েক মাসের জন্যে আমরা পেমেন্ট স্থগিত রাখি, এটা ব্যবসার ধরনের উপর নির্ভর করে। ক্লায়েন্টের বিশ্বস্ততা-সততার উপরে নির্ভর করে। অনেক সময় ব্যাংক থেকে নেয়া লোন শোধ না করতে পারলে তার নিজস্ব সম্পত্তি বাজেয়াপ্ত করা হয়। আমাদের প্রতিষ্ঠানে এমন কোন নজির নেই।"

মুহাম্মদ সরফরাজ বলেন, "বিজনেস লোনের জন্য সরকারি সহযোগিতা বা অনুদান পাওয়া সম্ভব। সরকারের অনেক সহযোগিতা আছে যা ইচ্ছা করলেই কেউ নিতে পারেন। কোভিডের সময়ে তাদের অনেক রিলিফ প্রোগ্রাম ছিল, কারোর চারজনের বেশি এ্যামপ্লয়ি থাকলে তারা সাহায্য পেয়েছিল। তাছাড়া এসবিএ লোন যা স্মল বিজনেস এডমিনিস্ট্রেশন লোন নামে পরিচিত। এসবিএ লোনের ইন্টারেস্ট রেট খুবই কম তবে এর জন্যে কোয়ালিফাই হতে হবে, সম্পত্তি থাকতে হবে, বিজনেসের মেয়াদ তিন বছরের বেশি হতে হবে।"

মুহাম্মদ সরফরাজ আমেরিকায় বেড়ে উঠেছেন, তার পারিবারিক বাড়ি পুরান ঢাকায়। মুহাম্মদ সরফরজ আমেরিকায় বেড়ে উঠলেও বাংলাদেশিদের প্রতি রয়েছে তার অগাধ ভালোবাসা ও সম্প্রীতি। ব্যাংক লোনের সুবিধা আমেরিকা জুড়ে সবাই উপভোগ করতে পারলে আমার কমিউনিটি কেন সেই সুবিধা পাবে না?- এই চিন্তা থেকেই তার প্রবল ইচ্ছার শুরু বলে জানান মোহাম্মদ সরফরাজ।

তিনি বলেন, "বাঙালিদেরকে একই সুবিধা দেবার উদ্দেশ্যে আমার এই প্রতিষ্ঠানের শুরু। আমাদের এই প্রতিষ্ঠানের সুবিধা বাঙালি ছাড়াও অনেক আমেরিকান ব্যবহার করে তাদের ব্যবসাকে প্রসারিত করেছে। চায়নিজ, কোরিয়ান, ভিয়েতনামিজ, থাই তাদের বিভিন্ন ব্যবসায় আমাদের সাথে জড়িত। আমি মনে করি বাঙালি ব্যবসায়িরা অনেক বুদ্ধিমান এবং আমাদের এই সুযোগকে অনায়াসেই কাজে লাগাতে পারবে। আমি বাঙালিদের মধ্যে একটা ব্রিজ তৈরির মাধ্যমে দূরত্ব ঘোচাতে চেয়েছি।"

বিজনেস সংক্রান্ত যেকোনো সাহায্য বা প্রশ্নের জন্য মুহাম্মদ সরফরাজের সাথে যোগাযোগ করতে পারেন। তার ফোন নাম্বার-631-524-1398!

সাবেক ৩ প্রধান বিচারপতিসহ ৭ বিচারপতির বিরুদ্ধে আদালত অবমাননার মামলা

ঢাকা ডেস্ক

সাবেক তিন প্রধান বিচারপতিসহ আপিল বিভাগের সাত বিচারপতির বিরুদ্ধে আদালত অবমাননার মামলা করা হয়েছে। ২৮ আগস্ট বুধবার সুপ্রিম কোর্টের আইনজীবী অ্যাডভোকেট ইউনুছ আলী আকন্দ হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় এ মামলা করেন। আদালত অবমাননার অভিযোগ ওঠার পর আইনজীবী পেশা সাময়িক স্থগিত, জরিমানা করার কারণে সাবেক সাবেক ৩ প্রধান বিচারপতিসহ ৭ বিচারপতির বিরুদ্ধে আদালত অবমাননার আবেদন করেছেন সুপ্রিম কোর্টের আইনজীবী ইউনূছ আলী আকন্দ।

তিন প্রধান বিচারপতি হলেন- সৈয়দ মাহমুদ হোসেন, হাসান ফয়েজ সিদ্দিকী ও ওবায়দুল হাসান। আর আপিল বিভাগের সাবেক চার বিচারপতি হলেন- আপিল বিভাগের সাবেক বিচারপতি মো. ইমান আলী, মির্জা হোসেন হায়দার, আবু বকর সিদ্দিকী ও মো. নুরুজ্জামান ননী।

আবেদনে বলা হয়েছে, সাবেক ৩ প্রধান বিচারপতিসহ ৭ বিচারপতি ক্ষমতার অপব্যহার করে এখতিয়ার বহির্ভূতভাবে শুনানির সুযোগ না দিয়ে আদালত অবমাননার নামে আমাকে শাস্তি দেন। এটি অসাংবিধানিক এবং আদালত

অবমাননা আইন, ১৯২৬ এর লঙ্ঘন।

এরকম দুটি শাস্তির কথা উল্লেখ করা হয়েছে মামলায়। একটি হচ্ছে, ২০২০ সালের ১২ সেপ্টেম্বর।

এদিন সর্বোচ্চ আদালত ইউনূছ আলী আকন্দের আইনপেশার অনুশীলন তিন মাসের জন্য স্থগিত করেছিলেন। দ্বিতীয়টি হচ্ছে- ২০২০ সালের ২৭ সেপ্টেম্বর। এদিন আদালত অবমাননার অভিযোগের বিষয়ে শুনানির সুযোগ না দিয়ে ইউনূছ আলী আকন্দকে সুপ্রিম কোর্টে তাঁর আইন পেশার অনুশীলন স্থগিত করে রুল জারি করেছিলেন সর্বোচ্চ আদালত।

আবেদনে বলা হয়েছে, আদালত অবমাননা হলে আদালত অবমাননা আইন ১৯২৬ এর ৭ ধারায় অভিযোগ প্রমাণিত হলে হাইকোর্ট শাস্তি দিতে পারে, আপিল বিভাগ তা দিতে পারে না।

বার কাউন্সিল আইনের ৩২ ধারায় ট্রাইব্যুনালে আইনজীবীর পেশাগত অসদাচরণ প্রমানিত হলে পেশা স্থগিত করতে পারে।

এতে আরও বলা হয়েছে, বাংলাদেশ সুপ্রিম কোর্ট এবং ভারতের সুপ্রিম কোর্ট এক নয়। ভারতের সুপ্রিম কোর্টে সরাসরি মামলা করা যায়। কিন্তু বাংলাদেশের সংবিধানের ১০২ অনুচ্ছেদে বাংলাদেশের হাইকোর্ট বিভাগে সরাসরি মামলা করা যায়। ১০৩ অনুচ্ছেদ অনুযায়ী আপিল বিভাগে আপিল হয়।

সংবিধানের ১০৪, ১০৮ অনুচ্ছেদে আপিল বিভাগে সরাসরি মামলা করা যায় না। হাইকোর্টের আদালত অবমাননা রায়ের বিরুদ্ধে অনুচ্ছেদ ১০৩(২)(গ) অনুযায়ী আপিল বিভাগে আপিল হয়।

আবেদনে বলা হয়েছে, এই বিচারাপতিরা ক্ষমতা বহির্ভূতভাবে শপথ ভঙ্গ করে আমাকে শুনানির সুযোগ না দিয়ে অন্তর্বর্তী আদেশ দিয়ে আমাকে আইন পেশার অনুশীলন থেকে বিরত রাখতে বাধ্য করেন; যা সংবিধান ১১ অনুচ্ছেদে মানবাধিকার লঙ্ঘন।

সাবেক ৮ মন্ত্রী–প্রতিমন্ত্রীর দেশত্যাগে নিষেধাজ্ঞা

ঢাকা অফিস

ক্ষমতাচ্যুত সরকারের ৮ মন্ত্রী ও ৬ সংসদ সদস্যের দেশত্যাগে নিষেধাজ্ঞা দিয়েছেন আদালত। বৃহস্পতিবার দুর্নীতি দমন কমিশনের (দুদক) এক আবেদনের প্রেক্ষিতে এই নির্দেশ দেন ঢাকা মহানগর দায়রা জজ মোহাম্মদ আসসামছ জগলুল হোসেনের আদালত।

তালিকায় থাকা সাবেক মন্ত্রীরা হলেন সাবেক স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক, সাবেক সমাজকল্যাণমন্ত্রী ডা. দীপু মনি, সাবেক শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী, সাবেক খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার, সাবেক শিল্পমন্ত্রী নুরুল মজিদ মাহমুদ হুমায়ুন, সাবেক শিল্প প্রতিমন্ত্রী কামাল আহমেদ মজুমদার, সাবেক নৌপরিবহন মন্ত্রী শাহজাহান খান ও সাবেক খাদ্যমন্ত্রী কামরুল ইসলাম।

এদের মধ্যে দীপু মনি গত ১৯ আগস্ট গুলশান থেকে গ্রেপ্তার হন। তিনি এখন ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের (ডিবি) হেফাজতে আছেন।

নিষেধাজ্ঞার তালিকায় থাকা সাবেক সংসদ সদস্যরা হলেন দ্বাদশ জাতীয় সংসদের চিফ হুইপ নুর-ই আলম চৌধুরী, সংসদ সদস্য সলিম উদ্দিন, মামুনুর রশিদ কিরণ, কুজেন্দ্র লাল ত্রিপুরা, কাজীম উদ্দিন, ও জিয়াউর রহমান।

গত ৫ আগস্ট ছাত্র জনতার তীব্র গণ আন্দোলনের মুখে প্রধানমন্ত্রীর পদ থেকে পদত্যাগ করে দেশ ছাড়েন আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা। বর্তমানে তিনি ভারতে অবস্থান করছেন।

শেখ হাসিনা সরকারের পতনের পর থেকে দ্বাদশ জাতীয় সংসদের মন্ত্রী–প্রতিমন্ত্রী ও এমপিদের অনেকেই আত্মগোপনে আছেন। এরই মধ্যে অনেকে গ্রেপ্তারও হয়েছেন। আবার পরিবারের সদস্যসহ অনেকেরই ব্যাংক হিসাব জব্দ করা হয়েছে।

জে.এম. আলম মাল্টি সার্ভিসেস ইনক্
ট্যাক্স
★ পারসনাল ট্যাক্স
★ বিজনেস ট্যাক্স
★ সেলস ট্যাক্স
★ বিজনেস সেটআপ
AUTHORIZED IRS e-file PROVIDER
ইমিগ্রেশন
★ ফ্যামিলি পিটিশন
★ সিটিজেনশীপ আবেদন
★ গ্রীণকার্ড নবায়ন
★ সব ধরনের এফিডেভিট
আলম টুর এন্ড ট্রাভেলস
AIR TICKET
•Emirates •Qatar Airways •Etihad Airways •Turkish Airlines •Saudia & More
(646) 685-3785, (212) 810-0449
E: Alamttravels@gmail.com, WWW.Alamtourandtravels.com
Immigrant Elder Home care LLC
Authorized Homecare Provider
ঘরে বসেই প্রিয়জনদের সেবার মাধ্যমে
প্রতি ঘন্টা ২১.০০ ডলার পর্যন্ত উপার্জন করুন
কোন প্রশিক্ষনের প্রয়োজন নেই এবং
আমরা কোন ফি চার্জ করি না।

Jahangir M Alam
President & CEO
72-26 Roosevelt Ave, 2nd Fl, Suite # 201, Jackson Heights, NY 11372
Office: (718) 433-9283, Cell: (212) 810-0449
E: jmalamms@gmail.com (347) 891-7070

সুখবর! সুখবর!!
আমেরিকান সিটিজেনদের জন্য
সৌদি আরবের ১০/৫ বছরের মাল্টিপল
ভিসা স্বল্পমূল্যে পেতে এবং গ্রীনকার্ড
দারীদের জন্য উমরাহ ভিসা পেতে
আজই যোগাযোগ করুন।

571-830-9213
Email: rashid.ozonepark@gmail.com

ভিজিট বা স্টুডেন্ট অথবা ট্রানজিট বা অন্য যে-কোন ভিসায়
কিংবা মেক্সিকো বর্ডার দিয়ে আমেরিকায় আগতদের বৈধতার বিষয়ে ফ্রি পরামর্শ
এসাইলাম এর মাধ্যমে ৭ মাসের মধ্যে ওয়ার্ক পার্মিট ও সোসাল সিকিউরিটি'র ১০০% নিশ্চয়তা
E2 EB3 L1A EB5 SIJS VAWA POLITICAL ASYLUM
আমেরিকান সিটিজেন বিয়ে করার পরও যদি গ্রীনকার্ড পেতে সমস্যায় পরে যান - নিশ্চিন্তে চলে আসুন আমাদের কাছে। আমরা গ্রীনকার্ড এপ্লিকেশনও প্রসেস করি। স্পাউসের অসহযোগীতায় গ্রীনকার্ড থেকে কন্ডিশন রিমোভ করতে সমস্যা হলে আমাদের সংগে যোগাযোগ করুন। মনে রাখবেন, আপনাকে গ্রীনকার্ড আপনার স্বামী বা স্ত্রী দেয়নি, দিয়েছে ইউএসসিআইএস। সুতরাং আপনার গ্রীনকার্ড রিভোক করার কোন ক্ষমতা-ই আপনার স্পাউসের নেই। বিয়ের মাধ্যমে পাওয়া কন্ডিশনাল গ্রীনকার্ডটি পারিবারিক সমস্যা বা অশান্তি অথবা কোন ভুলের কারণে টিকিয়ে রাখা ঝুঁকিপূর্ণ হলে নিশ্চিন্তে আমাদের সংগে কথা বলুন।
এসাইলাম | ওয়ার্ক পার্মিট (EAD) | সোসাল সিকিউরিটি (SSN) | ভাওয়া (VAWA) | গ্রীনকার্ড | সিটিজেনশীপ
ইবি-থ্রি (এমপ্লয়মেন্ট বেইজড গ্রীনকার্ড) ভিসায় এডজাস্টমেন্ট বা বাংলাদেশে বসবাসরতদের ইবি-থ্রি'তে আমেরিকায় নিয়ে আসতে যাবতীয় সহায়তা করি।
আমেরিকায় নিজস্ব কোম্পানী রেজিস্ট্রেশন, নিজ নামে ইআইএন প্রাপ্তি ও ব্যাংক একাউন্ট; এবং নতুন ব্যবসা শুরু করতে যাবতীয় সহায়তা করি।
আমেরিকায় নতুন এসে থাকলে আমাদের সংগে অন্তত একবার কথা বলুন -
গ্যারান্টি দিচ্ছি এদেশে আপনার চলার পথ অনেকটাই মসৃণ ও সহজ হয়ে উঠবে
(718) 839-5812 টেক্সট করুন, আমরা কল ব্যাক করবো
163-10 HILLSIDE AVE, JAMAICA, NY 11432

চিটাগাং এসোসিয়েশন অব নর্থ আমেরিকা ইনক্
CHITTAGONG ASSOCIATION OF NORTH AMERICA INC.

545 MCDONALD AVE BROOKLYN, NY 11218

নির্বাচন কমিশন | ELECTION COMMISSION

নির্বাচনী তফসিল ও আচরনবিধি ২০২৪

সম্মানিত সদ্যস্য ও সদস্যাবৃন্দ

চট্টগ্রামবাসীর প্রাণপ্রিয় সংগঠন “চিটাগাং এসোসিয়েশন অব নর্থ আমেরিকা ইনক্” এর কার্যকরী পরিষদ ২০২৪-২০২৬ এর নির্বাচন আগামী ১৯ অক্টোবর, ২০২৪ ইং শনিবার অনুষ্ঠিত হতে যাচ্ছে। একটি সুন্দর, সুষ্ঠু এবং গ্রহনযোগ্য নির্বাচন উপহার দেওয়ার লক্ষে নির্বাচন কমিশন বদ্ধ পরিকর। আপনাদের সহযোগিতা এবং সক্রিয় অংশগ্রহনের মাধ্যমেই একটি নির্বাচিত কমিটি গঠন করা সম্ভব। আসুন আমরা সবাই মিলে আসন্ন নির্বাচনকে উৎসব মুখর ও সাফল্য মন্ডিত করে তুলি।

নির্বাচনের তফসিল

১) মনোয়ন পত্র বিতরণ / বিক্রয়	:	৩১ শে আগষ্ট শনিবার	সন্ধ্যা ৬টা থেকে রাত ৯টা
২) মনোয়ন পত্র দাখিল ও গ্রহণ	:	৭ ই সেপ্টেম্বর শনিবার	সন্ধ্যা ৬টা থেকে রাত ৯টা
৩) মনোয়ন পত্র বাছাই	:	১০ ই সেপ্টেম্বর মঙ্গলবার	
৪) প্রাথমিক প্রার্থী তালিকা প্রকাশ	:	১২ ই সেপ্টেম্বর বৃহস্পতিবার	সন্ধ্যা ৮টা
৫) আপিলের সময়সীমা	:	১৩ ই সেপ্টেম্বর শুক্রবার	সন্ধ্যা ৮টা থেকে রাত ১০টা
৬) আপিলের শুনানী ও রায়	:	১৫ ই সেপ্টেম্বর রবিবার	সন্ধ্যা ৬টা থেকে রাত ৮টা
৭) প্রার্থীতা প্রত্যাহারের শেষ সময়	:	১৮ ই সেপ্টেম্বর বুধবার	সন্ধ্যা ৬টা
৮) চূড়ান্ত প্রার্থী তালিকা ঘোষণা	:	২১ শে সেপ্টেম্বর শনিবার	সন্ধ্যা ৬টা

নির্বাচন
১৯ অক্টোবর ২০২৪
শনিবার
স্থান ও সময় পরে জানানো হবে

নির্বাচন সংক্রান্ত নিয়মাবলী:

১. কার্যকরী কমিটি কর্তৃক অনুমোদিত ভোটার তালিকা অনুযায়ী ভোট গ্রহন করা হবে।
২. নির্বাচনে প্রার্থী হতে হলে অবশ্যই ভোটার তালিকায় নাম থাকতে হবে।
৩. ভোট গ্রহনের সময় অবশ্যই আইডি কার্ড প্রদর্শন করতে হবে। আইডি কার্ড বলতে ড্রাইভিং লাইসেন্স/স্টেট আইডি/গ্রীন কার্ড ও পাসপোর্ট বুঝানো হবে।
৪. একজন প্রার্থী কেবল মাত্র একটি পদে প্রতিদ্বন্দ্বীতা করতে পারবেন। যদি কেউ একাধিক পদে মনোয়নপত্র জমা দেন তাহলে ঐ প্রার্থীর সব মনোনয়ন পত্র বাতিল বলে গণ্য হবে এবং এক্ষেত্রে কোন প্রকার আপিল গৃহিত হবে না।
৫. গোপন ব্যালটের মাধ্যমে শুধুমাত্র উপস্থিত ভোটারগনই ভোট দিতে পারবেন।
৬. নির্বাচন সংক্রান্ত সব বিষয়ে নির্বাচন কমিশনের সিদ্ধান্তই চুড়ান্ত বলে বিবেচিত হবে।
৭. মনোনয়ন ফরম মূল্য (প্রতিটি) ১০০ (একশত) ডলার ধার্য্য করা হয়েছে।
৮. প্রার্থীগণ প্যানেলভিত্তিক অথবা স্বতন্ত্রভাবে নির্বাচনে অংশগ্রহন করতে পারবেন। প্রার্থীদের স্বশরীরে বৈধ পরিচয়-পত্র সহ নির্বাচন কমিশনের সম্মুখে উপস্থিত হয়ে মনোনয়ন পত্র জমা দিতে হবে। ব্যালট পেপারে প্রার্থীর নাম প্যানেল ভিত্তিক, অক্ষর ভিত্তিক অথবা ক্রমিক সংখ্যায় হবে তা নির্বাচন কমিশন সিদ্ধান্ত নেবেন।
৯. বাছাইকৃত সঠিক মনোনয়ন পত্রের তালিকা অফিসের নোটিশ বোর্ড ও সংবাদ পত্র এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশ করা হবে।
১০. ভোট গণনায় কোন প্রার্থীর অভিযোগ থাকলে তা বেসরকারি ফলাফল ঘোষণার পরবর্তী ৪৮ ঘন্টার মধ্যে নিম্নলিখিত ফি পরিশোধ পূর্বক ভোট পুনঃ গণনার জন্য নির্বাচন কমিশনের নিকট লিখিত আবেদন করতে পারবেন।
 ক. ভোটের সংখ্যা ১০০০ জনের উর্ধ্বে ২৫০০ ডলার
 খ. ভোটের সংখ্যা ৫০০-১০০০ জন, ২০০০ ডলার
 গ. ভোটের সংখ্যা ১-৪৯৯ জন, ১৫০০ ডলার
১১. মনোনয়ন পত্র স্পষ্ট অক্ষরে ভোটার তালিকার নাম অনুযায়ী নাম পূরন করতে হবে। বোধগম্য বা যথাযথ না হলে মনোনয়ন পত্র বাতিল বলে গন্য হবে। প্রার্থীকে নির্বাচন কমিশনারের স্বাক্ষর ও সীল মোহরকৃত ফরমে আবেদন করতে হবে।
১২. নির্বাচন কেন্দ্রে প্রত্যেক প্যানেল থেকে একজন অথবা স্বতন্ত্র প্রার্থী থেকে একজন এজেন্ট নিয়োগ করতে পারবেন। নির্বাচনের আগের রাত্রের মধ্যে নির্বাচন কমিশনকে ছবি সহ লিখিত জানাতে হবে।
১৩. প্রয়োজনে প্রত্যেকে ভোট দানের নিয়মাবলী নির্বাচন কমিশন থেকে সংগ্রহ করতে পারবেন এবং প্রার্থীরা ভোটারগণকে অবহিত করতে পারবেন।
১৪. নির্বাচনী কেন্দ্রে কোন প্রকার রেডিও/মাইক অথবা শব্দ উৎপাদনকারী যন্ত্র কোন প্রার্থী বা প্রার্থীর পক্ষে ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ।
১৫. নির্বাচনের দিন ভোট কেন্দ্রে প্রার্থী বা প্রার্থীর সমর্থকরা কোন রকম বিশৃঙ্খলা সৃষ্টি করলে তাৎক্ষনিকভাবে তা স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাকে জানানো হবে।
১৬. নির্বাচনে কোন প্রার্থী কোন প্রকার প্রতীক ব্যবহার করতে পারবেন না। তবে প্রার্থীদের ছবি ব্যবহার করা যাবে।
১৭. নির্বাচনের ভোট গ্রহন পদ্ধতি ও নির্বাচন পরিচালনার কার্যক্রম নজরদারী করার জন্যে কমিশনের অনুমোদন সাপেক্ষে পর্যবেক্ষক নিয়োগ করা যাবে। তবে পর্যবেক্ষকগণ নিরপেক্ষভাবে শুধু ভোট গ্রহন অনুষ্ঠান পর্যবেক্ষণ করতে পারবেন। কোন প্যানেল বা প্রার্থীর পক্ষে বা বিপক্ষে কোন প্রকার প্রচার, আলোচনা, সমালোচনা ও মতামত দিতে পারবে না।
১৮. একই ব্যক্তি কেবল মাত্র একবারই ভোট দিতে পারবেন। এক্ষেত্রে যদি (ভুল বশত) ভোটার তালিকায় কোন ব্যক্তির নাম একাধিকবার হয়ে থাকে, তা গ্রহনযোগ্য হবে না।
১৯. ভোট কেন্দ্রে নির্বাচনের ফলাফল চুড়ান্ত করা না গেলে সংগঠন কার্যালয়ে নির্বাচন পরবর্তী কর্মকান্ড চলবে। এই ব্যাপারে কমিশন সংশ্লিষ্ট সকলকে অবহিত করবেন।
২০. নির্বাচন কমিশন প্রিজাইডিং ও পোলিং অফিসার হিসাবে সদস্য অথবা সদস্য নন এমন ব্যক্তিকে মনোয়ন দেয়া যাবে।

ভোটার তালিকায় ত্রুটি থাকলে তা আগামী ১৫ই সেপ্টেম্বর ২০২৪ ইং সন্ধ্যা ৬টার মধ্যে নির্বাচন কমিশনকে অবহিত করতে হবে অন্যথায় যে কোন অভিযোগ গ্রহনযোগ্য হবে না।

নির্বাচন কমিশন কর্তৃক ধার্যকৃত মনোয়ন ফি

পদের নাম	সংখ্যা	পরিমাণ (ইউএস ডলার)
সভাপতি	১	২২০০ ডলার
সিনিয়র সহ সভাপতি	১	১৮০০ ডলার
সহ-সভাপতি	২	১৫০০ ডলার
সাধারণ সম্পাদক	১	১৯০০ ডলার
যুগ্ম সাধারণ সম্পাদক	১	১৪০০ ডলার
সহ সাধারণ সম্পাদক	১	১২০০ ডলার
কোষাধ্যক্ষ	১	১১০০ ডলার
সহ-কোষাধ্যক্ষ	১	১০০০ ডলার
সাংগঠনিক সম্পাদক	১	১০০০ ডলার
দপ্তর সম্পাদক	১	১০০০ ডলার
সহ-দপ্তর সম্পাদক	১	৮০০ ডলার
শিক্ষা ও সাংস্কৃতিক সম্পাদক	১	১০০০ ডলার
সমাজ কল্যাণ সম্পাদক	১	১০০০ ডলার
প্রচার ও প্রকাশণা সম্পাদক	১	১০০০ ডলার
ক্রীড়া সম্পাদক	১	১০০০ ডলার
নির্বাহী সদস্য	৩	৭০০ ডলার

ধন্যবাদান্তে
ইঞ্জিনিয়ার শেখ মোহাম্মদ খালেদ
প্রধান নির্বাচন কমিশনার
ফোন: ৭১৮-৩১৬-১৩৭৪

Facebook: Chittagong Association of North America -Election Commission 2024, Email: ecctgna2024@gmail.com

মুক্তিযোদ্ধা রুহুল আমিন প্রকাশ হোসেন	ইঞ্জিনিয়ার মোহাম্মদ আব্দুল হান্নান চৌধুরী	মোহাম্মদ সেলিম প্রকাশ হারুন	শাহাব উদ্দিন সাগর
নির্বাচন কমিশনার	নির্বাচন কমিশনার	নির্বাচন কমিশনার	নির্বাচন কমিশনার
ফোন: ৭১৮-৮২০-৬১৯২	ফোন: ৯১৭-৬৬৯-৪০৩৪	ফোন: ৯১৭-৬৯১-৭৭২১	ফোন: ৯১৭-৩৫৩-৯৩২১

নির্বাচন কমিশন কর্তৃক প্রচারিত

GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300
OFF
* Minimum $10000 cash purchase required
CALL NOW
718-406-9745
718-200-2655
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.
বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন
রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স ব্যতীত অন্যান্য শাখা বন্ধ
আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা
ঘরে বসে টাকা পাঠাতে
আপনার মোবাইল থেকে
Sonali Exchange App.
ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০
সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&I NJ, DIFS MI, DB&F GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1098789
সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন
ASTORIA 718-777-7001
ATLANTA 770-936-9906
BROOKLYN 718-853-9558
JACKSON HTS 718-507-6002
BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150
MANHATTAN 212-808-0790
MICHIGAN 313-368-3845
OZONE PARK 347-829-3875
PATERSON 973-595-7590
আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

ক বি তা র এ ক পা তা

সময় দাগ কেটে তার ছাপ রেখে যায় কবিতায়, গানে, কথাসাহিত্যে। আগস্ট শোকাবহে গাঁথা মাস। কুড়িচব্বিশে এসে আগস্টের শোকে যুক্ত হলো নতুন গুচ্ছ নাম। আমাদের শিক্ষার্থী সাহসী প্রজন্ম বৈষম্যবিরোধী সমাজ প্রতিষ্ঠার আন্দোলনে প্রাণ উৎসর্গ করে ইতিহাস রচনা করে গেল। তাদের স্মরণ করছি ও শ্রদ্ধা জানাচ্ছি।
আশা করছি—তাদের অর্জন তথাকথিত রাজনীতির পঙ্কিল ও দলিত পথে হারিয়ে যাবে না!
আকস্মিক বন্যার তোড়ে ভেসে যাওয়া প্রাণসমূহের জন্যে আমাদের শোক ও তাদের বিদেহী আত্মার শান্তির জন্যে প্রার্থনা। বন্যা কবলিত জনপদের মানুষের জন্যে সমবেদনা! কবিগণ সহ আপনাদের সকলের প্রতি শ্রদ্ধা ও ভালোবাসা। **ফারুক ফয়সল**

স্বদেশ

নাহার মনিকা

বৃত্তের বাইরে থেকে ক্রুশবিদ্ধ তোমাকেই দেখা
চারপাশে নিশ্ছিদ্র জল,দূর থেকে হ্রেসা শুনি,
তোমার সঙ্গে আজ গলায় পরেছি ফাঁস,
জানি, সব হিসহিসে দেখার ঝরোকা।

এই দেখ, বিষাদের জামা পরে আছি,
দৃশ্যের বর্মে ঢাকা গা, মৃত্যুর ঘূর্ণি এসে
চারপাশে ঠুকে গেছে বল্গাহীন পা।

এভাবে দিন ক্রমাগত, দেয়ালে স্বচ্ছ কালো দাগ
তোমার তামাটে মুখ মুছে দেয় প্রপঞ্চের বাঘ।

ততদিন বন্ধচোখে, অন্ধ চোখে একা রয়ে যাবো
জলোচ্ছ্বাস নেমে গেলে
আমাদের পরিচিত জলাশয় পাবো?
সংহারী দিন শেষে ওখানে উঠছে বড় চাঁদ
বলে দিচ্ছে বৃত্ত ফুঁড়ে আলো-
মানুষের কাছে এসে মানুষই তো মুহূর্ত বানালো !

চূর্ণকবিতা

শামীম আজাদ

১.
সব সম্পৎ নয়,
কিছু কিছু বিষয়, ব্যাপার ও বস্তু আছে
পোড়ালেই কেবল তার সুগন্ধ বেরোয়।
২.
যদ্যপি আঘাত কদাচিৎ সমিল হয়
কিন্তু বেদনা কখনোই হুবহু এক নয়
কিছু কষ্টে শিক্ষাদীক্ষা মেলে আর
কিছুতে কিছুতে পাই বন্ধুর পরিচয়।
৩.
মানুষের অবদান ও অপরাধ
একান্ত তারই সুকীর্তি অথবা দায় ।
প্রশস্তি বা শাস্তি বর্তানো উচিত না
কোনো জৈবিক পরম্পরায়।
৪.
আবেগ ও বিবেকে দারুন ভাব
যেনো তারা জন্মের আঠা
শুধু বাংলাদেশেই তার ব্যতিক্রম
আবেগকে মাঝপথে রেখেই
ভিনপথে বিবেক দেয় যে হাঁটা।

মৃত্যুতেও তাঁর ঘুম নেই

রাকীব হাসান

কেমন এক মানুষ, মৃত্যুতেও তাঁর ঘুম নেই
নরক ছিলো যে পাকিস্তান,
সে দেশ ভেঙ্গে উড়িয়েছেন নতুন এক স্বর্গের পতাকা –

নদী বৃষ্টি আর মাটির মানচিত্রের যে বাংলা
এই মাটির অন্তর শেখ মুজিবের হৃদয়ে গড়া
এই মাটি পোড়ানো যায় না,
বত্রিশ নম্বর আর কিছু তো নয় –
এ মাটি বাংলাদেশের জন্মঘর!

বত্রিশ নম্বর আগুনে পোড়ে না
এই বাড়িতে বাংলা ভাষার আগুন জ্বলেছে
এই গৃহে জন্ম নিয়েছে অগ্নিঝরা ৭ই মার্চ

সূর্য সে তো নিজেই জ্বলে তাকে পোড়ানো যায় না –
১৯৭১ মনে পড়ে, অথবা রেসকোর্সের ভাষণ?
তোমাদের আর কী কী মনে পড়ে?
ধর্ষণ শব্দটি বাংলায় কীভাবে সৃষ্টি হয়েছে,
২৫ শে মার্চ এবং ১৪ ই ডিসেম্বর
তোমাদের কী মনে পড়ে,
পুরো নয় মাসের বাঙালি নিধনের ইতিহাস?

মনে করো,
কেন স্বাধীনতার ডাকনাম হয়েছিলো বঙ্গবন্ধু,
মনে করো বাঙালি, বিশদ মনে করো –

সেই তর্জনীর মনুমেন্ট ভাঙ্গা যায়
চেতনা ভাঙ্গা যায় না,
যা একটি জাতিকে স্বাধীন করে উঁচিয়ে দিয়েছে –
তাকে আর পরাধীনতার নরকে নামানো যাবে না।

বাঙালি চেতনার মৃত্যু নেই, ঘুম নেই –
বাংলাদেশ আর তার শেখ মুজিব চিরঞ্জীব,
এই বাঙালির ঘরে ঘরে বাস করে
এক একজন অবিনশ্বর শেখ মুজিব।

চোখের সামনে

রুদ্রশংকর

চোখের সামনে এক জনগোষ্ঠীর মৃত্যু দেখলাম
যে মানুষেরা একসময় মাটির জন্য ঘুরত
তাদের কারোর মাথায় মন নেই, প্রাণ নেই
তবু আমাদের সুস্থ ইচ্ছেগুলো আলোর দিকে উড়ে যাচ্ছে
আমি সাইফুল বাতেন টিটোকে চিনতাম না,
বাকরুদ্ধ তিতিরকেও নয়
তারা কি এই ঘুম চেয়েছিল!
তারা কি চেয়েছিল শূন্য কলসীর বিপ্লব!
তবু জানি, ওই ঘাসে তারা ঘুমাবে একদিন
ওই আম গাছ, ওই জাম গাছের ছায়ায় দাঁড়িয়ে বলবে
আহা, বেশ জায়গা!
ফুল ঝরতে ঝরতে একদিন ফল আসবে নিশ্চয়।

প্রতিবিম্বে মুখোমুখি

হোসাইন কবির

পাথর ছুঁড়বো!
তবে কার দিকে?
চারিদিকে কালো,
আড়ালে আলোর মেঘ
মুখোমুখি অবয়ব–
অদৃশ্যে দ্বিধায় থরোথরো

পাথর ছুঁড়বো!
তবে কার দিকে?
প্রতিবিম্বে হেঁটে যেতে
শুভ্রতায় মুখ ঢেকে–
কেউ ডাকলো বুঝি ঈঙ্গিতে
কোলাহলে চেনা স্বরে
অবিকল আমারই মতো

আমাদের স্বরবর্ণ আমাদের ব্যঞ্জনবর্ণ

শিউল মনজুর

সময়টা ছিন্নভিন্ন বাউলের জটিল চুলের মতো ব্যাধিগ্রস্থ, তবু অগ্নিময় বসন্ত পেরিয়ে একটি নতুন বাংলাবসন্তের দিকে স্বদেশের মানচিত্র ঘূর্ণায়মান ছুটছে...। সাঈদ, মুগ্ধ, সিয়ামরা জানতো এমনি হবে আগামি সকালগুলো। তাই তো, নতুন ভোরের নতুন সূর্যোদয় উদিত হওয়ার আগেই প্রাণভরে কেঁদেছিল বিষণ্ন দিনগুলোকে জড়িয়ে এবং তারা আরো জানতো একদিন কাগজের পাতায় পাতায় দেয়ালে দেয়ালে রচিত হবে রক্তাক্ত বর্ণমালা দিয়ে নতুন কোনো সময়ের ইতিবৃত্ত এবং দ্রোহের আগুনে খুব দ্রুতই রচনা করে গেল তারা, কাঙ্খিত সেই বাংলাবসন্তের গল্প ... । মুক্ত বিহঙ্গের মতো আজ উড়ছে আমাদের স্বরবর্ণ আমাদের ব্যঞ্জনবর্ণ!

সরীসৃপমন

তাপস গায়েন

বিলুপ্ত নয় সরীসৃপ; তারা কেবলই জেগে ওঠে—
রাতের অন্ধকারে, প্রকাশ্য দিবালোকে
গতিশীল তারা ভূগর্ভের অন্ধকার প্রকোষ্ঠ ঠেলে
মিউজিয়ামের শান্ত আলো ভেদ করে;
স্কাইস্ক্র্যাপার মসৃণতাকে মান্য করে যখন সন্ধ্যা নামে
সুপ্রাচীন আর আধুনিক নগরীতে
তখন আমরা অবষন্নতা বোধ করি, আমাদের পানশালা যেন ঝরাপাতা
যেন ইতিহাসের পথে আমরা হেঁটেছি অনেক—
যেন রোহিণীর জলে আর বিম্বিত নয় অবলোকিতেশ্বরের মুখচ্ছবি
যেন নেই সন্তানপ্রবাহ, যেন ছিল না কোনো ঋষিপ্রবাহ
ধুমকেতু এসে গেছে যেন, মিটিওরাইটের জন্য অপেক্ষমাণ আমরা—
হিংস্র আমরা উদ্যত হয়ে উঠি খুনে, যেন বিধর্মীর কোনো ধর্ম নেই—
রক্তবীজ আমরা, সরীসৃপমন আমাদের
সময় গিলে খাবে আমাদের সকল প্রত্যয়...

শরৎ এসেছে বটে

জিললুর রহমান

শরৎ এসেছে বটে, ক্যালেন্ডার ও পত্রিকায় জেনেছি
এখনও শ্রাবণ ধারা ঝরছে অনর্গল
তোষকের ছারপোকা কুট কুট কামড়ে যাচ্ছে সারারাত
ভাদ্রের রোদের জন্য হা করে রয়েছি বসে,
গাছে পানি কি দেবো, গোড়ার মাটি
ধুয়ে গেল বৃষ্টির উৎপাতে।
বইয়ের তাকের মধ্যে দেখি ঘোরে ছোটছোট পোকা—
কত কাজ! বাড়ির পাশের সারমেয়গুলো তো আছেই,
এমনকি আমাদের বুড়ো রক্ত রোদের প্রতীক্ষা করে।

দুষ্টে-দূষণ

হাফিজুর রহমান

প্রত্যেকটি অভাবী পরিবার সবসময় চেষ্টা করে, আর্থিক দৈন্যদশা কাটিয়ে পরিবারের স্বচ্ছলতা ফেরানোর। কেউ করতে চায় শারীরিক পরিশ্রম করে, কেউবা মেধা খাটিয়ে, আবার কেউ-কেউ বিভিন্ন রকমের কৌশল অবলম্বন করে, বৈধ বা অবৈধ উপায়ে টাকা উপার্জন করে থাকে সুখে থাকার আশায়। প্রত্যেকটা মানুষেই ভালো থাকতে চায়, ভালোভাবে চলতে ফিরতে চায়, সুখে থাকতে চায় নিজে, কেউবা পুরো পরিবারের সবাইকে নিয়ে।

ভালো থাকাটা নিশ্চয়ই ভালো, খারাপের কিছু নেই। তবে, তা অবশ্যই বৈধভাবে উপার্জন করা টাকায় হলে, তবেই প্রকৃত অর্থে ভালো থাকা সম্ভব; অন্যথায় কখনোই সম্ভব নয়, শেষ পর্যন্ত এটিই প্রমাণিত হয়েছে বারবার। অবৈধ অর্থে মেটানো প্রত্যেকটি চাহিদা পূরণে অতৃপ্ত অনুভূতি বিদ্যমান, যা শুধুমাত্র ভুক্তভোগীরাই বুঝতে পারে, এ অনেকাংশেই দৃশ্যমান নয় বলে। এই কারণে আর্থিক স্বচ্ছলতা থাকার পরেও অনেকেই কাঙ্ক্ষিত সুখের দেখা কখনোই পায় না, সম্ভবও নয়, কেননা সেই সমস্ত মানুষের চাহিদার শেষ নেই। তাদের মধ্যে লোভের অবস্থান অত্যন্ত মজবুত, নড়চড় করতে চায় না কোনভাবেই। এই রকমের মানুষগুলোর তুলনায় কম চাহিদা সম্পুর্ণ মানুষগুলো অনেক বেশি সুখি ও শান্তিতে থাকে। কারণ তাঁদের মধ্যে সন্তুষ্টির মনোভাব অত্যন্ত প্রখর, কৃতজ্ঞতা প্রকাশে, কোন ধরনের কৃপণতা কাজ করে না। ফলে কম রোজগারেও অনেক বেশি ভালো থাকতে পারে এবং তাঁদের ভালো থাকাটাই স্বাভাবিক। এই সমস্ত মানুষগুলো নিরীহ প্রকৃতির, সহ্যের ও ধৈর্যশীল হয়ে থাকেন। কখনও খারাপ মানুষের রোষানলে শিকার হয় ঠিকই, কিন্তু শেষ পর্যন্ত এনারাই বিজয়ী হন। জয় হয় সত্যের, এতে সহযোগিতা থাকে স্বয়ং সৃষ্টিকর্তার, এতে সন্দেহের কোন অবকাশ নেই।

এই সমস্ত বিষয়গুলো শেষ বয়সে এসে, ঠিকই বুঝতে পেরেছে আব্দুর রহিম। সংসার জীবনে নিজের খেয়াল খুশিতে অনেককিছুই করেছেন। হয়েছেন অগাধ সম্পত্তির মালিক, অভাব নেই টাকা পয়সার, তারপরেও কিসের যেন একটা অভাববোধ, তাকে এখনও তাড়া করে বেড়ায়, শান্তি নেই মনে! বৈধ - অবৈধ, এসবের কোন বাছ-বিচার করেন নাই। টাকার গন্ধ পেলেই ছুটেছেন, সম্পদ দেখলেই লুফে নিয়েছেন, তা সে যেকোনো উপায়ে।

পাঁচটি ছেলেমেয়ের পিছনে, প্রয়োজনের থেকেও অনেক বেশি টাকা পয়সা খরচ করেছেন, পড়াশোনা শিখিয়ে শিক্ষিত বানিয়েছেন। কিন্তু এই সত্তুর উর্ধ্ব বয়সে এসে বুঝতে পেরেছেন, ছেলেমেয়েদের পিছনে উপার্জনের অবৈধ টাকা পয়সা খরচ করে শিক্ষিত বানিয়েছেন ঠিকই, সুশিক্ষিত বানাতে পারেননি একটিকেও! দেখতে ওরা জ্যান্ত মানুষের মতো মনে হলেও প্রকৃত অর্থে মানুষ ভাবার উপায় নেই; তৈরি হয়েছে একেকটা অমানুষ। বাবা মার মূল্য ওদের কাছে, বাড়ির কাজের মানুষের মতো। খাটতে পারলে কদর আছে, না পারলে চোখের ও মুখের ভাষায় চরম বিরক্তি। জঞ্জালের বোঝা বহন যেন, কোনভাবেই করতে পারছে না; এতোটাই শেষ বয়সে পিতা মাতারা হতে পারে অসহ্যের?

আজ ওদের ধন-সম্পত্তির অভাব নেই, অভাব আছে মানবিক মনোভাবের মানসিকতার। কোনকিছুর জন্যে হয়তো কারও কাছে হাত পাততে হয় না, কিন্তু এরা মানসিকতার দিক থেকে এতোটাই নিকৃষ্টের, ওদের নেই কাউকে সহযোগিতা করার মনোভাব; আছে শুধু নির্দ্বিধায় নেয়ার, স্বার্থ নির্ভর প্রবণতা। ওদেরকে প্রতিষ্ঠিত করে দেয়াই যেন পিতা মাতার দায়িত্ব, সেবা নেয়ার বা পাওয়ার, না রেখে কোন ধরনের অধিকার। এতে এটাই প্রমাণ হয়, অসৎ পথে উপার্জন করে সেই টাকা বিনিয়োগে, ভালো কিছুর সৃষ্টি করা যায় না। ভালো কিছু সৃষ্টি করতে হলে ভালো মানের সরঞ্জামাদির অবশ্যই প্রয়োজন আছে।

কথা প্রসঙ্গে একদিন আব্দুর রহিমের মুখ থেকে, এভাবেই গড়গড় করে বেড়িয়ে আসছিলো চির সত্যি কথাগুলো। হতে পারে হয়তো দুঃখ কষ্টের কথাগুলো বলে তার, সহজ-সরল মনে কিছুটা হালকা হওয়ার আপ্রাণ চেষ্টা।

শুকতারা

জান্নাতুল ফেরদৌস

আজ কোনো কাজেই মন বসছে না রেবেকা জামানের।ছেলে আবির কল করবে। আজ আবিরের মেডিকেলে ভর্তি পরীক্ষার রেজাল্ট দিবে।কষ্টে কাঁটানো দিনগুলোর কথা আজ রেবেকা জামানের খুব বেশি মনে পড়ছে।

পরিবারের পছন্দে রেবেকা জামানের নামকরা পরিবারে বিয়ে হয়েছিল।স্বামী ভালো চাকুরি করতো। কিন্তু তার পরিবার হয়তো বুঝতে পারেনি, সমাজের নামকরা পরিবারে বিয়ে দিলেই মেয়েরা সুখি হয় না। সুখী হতে হলে প্রয়োজন হয় সুন্দর মন-মানসিকতার লোকজন।

বিয়ের পরই রেবেকা জামান বুঝতে পারে শ্বশুড় বাড়ির লোকজনের সাথে মানিয়ে চলা তার পক্ষে সম্ভব না।স্বামী এবং সবার আচার আচরন তার কাছে ভীষণ অস্বাভাবিক লাগত। তার স্বামী ভালোবাসতো তারই মামাতো বোনকে।সেই মামাতো বোনও সেই বাড়িতেই থাকতো এবং মামাতো বোনের সাথে তার স্বামীর সম্পর্কটা ছিল স্বামী স্ত্রীর মতই। শ্বশুড় বাড়ির কেউই তাদের এই সম্পর্ক নিয়ে মাথা ঘামাতো না। তার ননদরাও বন্ধুদের নিয়ে রুমের ভিতর সময় কাটাতো কিন্তু কেউ কিছুই বলতো না। সেই বাড়িতে রেবেকা জামানের পরিচয়টা যে কি সেটা সে নিজেই বুঝতো না। রেবেকা জামান তার পরিবারের সাথে এসব নিয়ে বহুবার আলোচনাও করেছে কিন্তু তার পরিবারের সবাই বলতো বিয়ে যেহেতু হয়েই গেছে কি আর করার, একটু মানিয়ে নিতেই হবে। তাকে তো কেউ আর শারীরিক নির্যাতন করছে না। একবছর সংসার করার পর রেবেকা জামান যখন গর্ভবতী হলো, তখন তার স্বামী বলতে লাগলো, সেই সন্তান তার না। রেবেকা জামানের মাথায় যেনো আকাশ ভেঙ্গে পড়ল। কোথায় যাবে,কি করবে,এই সমাজের সবাই কি বলবে এসব শুনলে! আর তার পরিবারই বা কিভাবে নিবে? সন্তান আসার সুখবরে কেউ তো খুশি হলই না বরং আরো বিভিন্ন ধরনের সমস্যার সৃষ্টি হতে লাগলো। রেবেকা জামানের স্বামী তাকে ডিভোর্স দেওয়ার সিদ্ধান্ত নিল।এবং খুব অল্প দিনের মধ্যেই রেবেকা জামানকে ডিভোর্স দিয়ে, তার মামাতো বোনকে বিয়ে করলো।

গর্ভবতী ডিভোর্সী রেবেকা জামানকে পরিবারের সবার কাছ থেকে প্রতিনিয়ত শুনতে হতো নানা কথা। স্বামীর সংসার ঠিকমত করতে পারে নাই, মেয়েদেরকে একটু মানিয়ে নিতে হয়, সমাজের কাছে তার পরিবারের সম্মান ক্ষুণ্ন হয়ে গেছে...আরো কত কি! রেবেকা জামানের জন্য তার পরিবারকে সমাজ ছিঃ ছিঃ করছে। আত্নীয়,স্বজন,পাড়া প্রতিবেশী কাউকে মুখ দেখাতে পারছে না তার পরিবার।সে তখন সিদ্ধান্ত নিলো তার পরিবারের সাথে থাকবে না।কিন্তু কোথায় যাবে? রাগে দুঃখে আত্মহত্যাও করতে পারছে না।কারণ পেটে তার সন্তান।

রেবেকা জামানের এই দুঃসময়ে তাকে সাহায্য করেছিল তারই একজন শিক্ষক। তাকে গ্রামে একটি এনজিও তে চাকুরির ব্যবস্থা করে দিয়েছিলে।গ্রামে থেকেই এনজিওতে কাজ করে সন্তান জন্ম দিলো এবং সন্তানকে একটু একটু করে বড় করে তুলতে লাগলো।সন্তানকে একা বড় করে তুলতে রেবেকা জামানের উপর দিয়ে কম ঝড় ঝাপ্টা যায়নি।তারপর একজন মধ্য বয়স্ক ডিভোর্সী নারী সমাজের বিভিন্ন কুদৃষ্টি ও অসম্মান তো আছেই। শুধুমাত্র সন্তানের মুখের দিকে তাকিয়েই এবং সন্তানকে নিয়ে স্বপ্ন দেখেই রেবেকা জামান লড়াই করেছে প্রতিনিয়ত। ছোটবেলা থেকেই তার ছেলেটি অনেক মেধাবী। সে স্বপ্ন দেখেছে তার ছেলে একদিন অনেক বড় ডাক্তার হবে।কিন্তু ছেলেকে স্কুলে ভর্তি হওয়া থেকে শুরু করে আজ পর্যন্ত সবক্ষেত্রে একই সমস্যায় তাকে পড়তে হচ্ছে। কারণ তিনি একজন সিঙ্গ্যেল মাদার। স্কুল,কলেজ সব জায়গাতেই বাবার নাম অনেক গুরুত্বপূর্ণ। রেবেকা জামানের মাঝে মাঝে ভীষণ ভয় হয় তার ছেলে আবির যাকে সে তিলে তিলে এত বড় করেছে তার শরীরে বইছে তারই বাবার রক্ত। সেই পরিবারের রীতি নীতি,আচার আচরণ তার ছেলের স্বভাবে কোনো প্রভাব ফেলবে নাতো? একদিন মা'কে ছেড়ে বহুদূরে চলে যাবে নাতো? এসব কথা কতবার যে তার মনকে বিষণ্ণতায় ছোঁয়ে দিয়েছে, বুকের ভিতরটা কেমন হু হু করে উঠেছে!

হঠাৎ করেই মোবাইলে রিং বেজে উঠলো।মোবাইল হাতে নিয়ে দেখল, আবির কল করেছে। রিসিভ করে হ্যালো বলতেই, ওপাশ থেকে আবির বলে উঠলো, "মা আমি মেডিকেলে চান্স পেয়েছি। মা আমি তোমাকে কোনদিন কষ্ট দিবো না।আমি তোমাকে খুব শীঘ্রই আমার কাছে নিয়ে আসব।"

রেবেকা জামানের চোখ দিয়ে টপ টপ করে পানি পড়ছে।ছেলের কথা শুনতে শুনতে আজ রেবেকা জামান ভাবে,

এই তো সুখ! এই তো শান্তি! ছেলে বলেছে তাকে নিয়ে যাবে। ছেলে সুখী হোক। জীবনে অনেক বড় হোক। ছেলে সুখী হলেই সে সুখী! কখনো ছেলের অসুখী হওয়ার কারণ সে হবে না।

শ্রাবণ রাতে ভূতের ভয়

আলমগীর খোরশেদ

গ্রামে আমার জন্ম তাই কলেজ অবধি কেটেছে গ্রামেই। জন্মের পর থেকে যে বাড়িতে আছি তা একটি হিন্দু বাড়ি যা আব্বা কিনেছিলেন আমাদের পুরাণ বাড়ি ছেড়ে এসে। বাড়ির সামনে পিছনে একটি করে দূ'টো পুকুর। বাড়ির উত্তর ও দক্ষিণ দু' পাশে একটি করে বড় পাগার বা জলাশয়। পাগার দুটো জঙ্গলের পাড় ঘেঁষে লম্বা ড্রেন দ্বারা যুক্ত। আর বাড়ির পিছনে পুরোটাই ছিলো জঙ্গল। যা বাঁশঝাড়, বদ্দিরাজ, লটকন, কাঁঠাল, জলপাই, গাব, জাম্বুরা, চাউ, বদ্দিরাজ, আবর্না, লতানো অনেক ধরনের গাছ জঙ্গলকে দিনের বেলাতেই আঁধার বানিয়ে রাখতো। কামরাঙাগাছ, করমচা গাছে লতানো গাছের ঝোঁপ, সাথেই একটা ছোট পানির কুয়া, ছোটবেলায় আমরা কুয়ার পানি খেতাম। অনেক রাতে কুয়ার ভিতর থেকে পানি উলট-পালটের শব্দ, বুদবুদের শব্দ আসতো। রাতে আমরা ছোটরা ভয়ে ভয়ে থাকতাম। আব্বা নতুন বাড়িতে ঢোকার গেইটের পাশেই বড় একটা ফুল বাগান করেছিলেন। কামিনী, গোলাপ, কলাবতী, গন্ধরাজ, গেন্দা, লিলি, কাঠমালতি, বেলি, মাধবীলতা সহ অনেক ধরনের ফুলগাছ। আব্বা পরবর্তীতে বাগানের দায়িত্ব দিলেন ছোট আপুকে। আম্মা বলতেন, "কামিনী ফুলের ঘ্রাণে রাইতে সাপ আইয়ে। রাইতে কোনোদিন বাগানো যাইসনা কইলাম।"

গ্রামে বর্ষা আর শীত দুটো ঋতুর প্রতি মানুষ খুবই দুর্বল। আমার স্মৃতির থলের ভিতর শ্রাবণের অভিজ্ঞতা জেগে আছে আজো। বর্ষাকালের শ্রাবণ মাসে একটানা বৃষ্টি হয়, ছয় সাত দিন চলে যায়। কোন থামা থামি নাই। বাগানের পাশে জানালার কাছে আমার পড়ার রুম। আর জানালা ঘেঁষে দাঁড়িয়ে আছে কামিনী ফুলের গাছ। এসএসসি পরীক্ষা সামনে, প্রচুর পড়া। জানালা খোলেই পড়তে বসি। তখন বর্ষা কাল, চাঁদের কৃষ্ণপক্ষ চলে। থেমে থেমে বৃষ্টি হচ্ছে সারাদিন। আকাশ কালো মেঘে ঢাকা থাকায় বৃষ্টির তোড়ে আরো আঁধারে ছেয়ে গেছে পৃথিবী। কুপি বাতিতে কেরোসিন তেল শেষ, তাই সলতেটা শেষমেশ জ্বলছে।

মধ্যরাত তখন। হঠাৎ জানালার কাছে মেয়েলী হাসির শব্দ। সে হাসিটা আমার অনেক পরিচিত। শারমিনের কথা মনে পড়ে গেল। ভয় পেয়ে তাকাই জানালার দিকে। বৃষ্টির পানিতে ভিজে জবুতবু হয়ে দাঁড়িয়ে আছে শারমিন। মুখটায় বিষণ্ণ ও অভিযোগে ভরা। পাশের বাড়ির সিরু কাকার মেয়ে, আমরা একসাথে পড়েছি। গত শ্রাবণে বৃষ্টি ঝড়া এমনিই এক রাতে শারমিনকে পুকুরে ভাসমান অবস্থায় পাওয়া যায়। এর আগের রাতে শারমিনকে তেঁতুল গাছের উঁচু ডালে বসে থাকতে পাওয়া গিয়েছিল। অঝোর বৃষ্টির ভিতর কিভাবে সে এত বড় গাছে উঠলো, পরের রাতে কেনই বা শ্মশানের পুকুরে গেল-সব প্রশ্নবোধকই হয়ে রইলো। আমরা ছোটবেলা থেকে একসাথে বড় হয়েছি, মিছেমিছি বনভোজন, বউগুটি খেলেছি। ওর সাথে মিশি বলে অনেক বকাও খেয়েছি অভিভাবকদের। ঐ রাতে জানালায় একটু দেখা দিয়ে শারমিন আবার হঠাৎ কোথায় হারিয়ে গেল। এটা কি আমার মনের ভুল? হ্যালোসিনেশান?

নিবু নিবু কুপি বাতি নিয়ে আমি বের হই ঘর থেকে। বাতাসে বৃষ্টির তোড়ে কুপিবাতি নিভে যায়। বাগানে গিয়ে, শারমিন,

এই শারমিন-বলে ডাক দেই। মনে হলো কালো কিছু একটা কবরস্থানের দিকে দৌড়ে হারিয়ে গেল। ঘর থেকে বাহির হওয়ায় আমি ভিজে গেলাম বৃষ্টির তোড়ে। অজস্র বৃষ্টিধারা ছাড়া কোথাও কেউ নেই। তাহলে কি কবরস্থানে গেলে কিছু পাওয়া যেতো?

"কিরে এতরাতে তুই বাইরে কি করোস মেঘের ভিতরে, তরে মানা করছি রাইতে বাগানে যাইবিনা"- আম্মার কণ্ঠ শোনে থামি আমি। তাহাজ্জুদ নামাজ পড়তে উঠেছেন তিনি। আমাকে ধমক দিয়ে নিয়ে আসলেন ঘরে।

সাত দিন একটানা বৃষ্টি হওয়ায় ঘরে চাউল শেষ। আম্মা আমাকে ও ছোটআপুকে ধানের ঢুলি থেকে ধান নামাতে বললেন। ধান নামিয়ে সাথে সাথে সিদ্ধ তারপর চুলায় তাওয়ায় ধান শুকিয়ে ঢেঁকিতে পাড় দিয়ে চাউল বানিয়ে রান্না বসিয়ে, তারপর দুপুরের খাওয়া খেতে রাত হয়।

এমন সময় দুটো শিয়াল পাশ দিয়ে দৌড়ে চলে গেলো ওপাশে। আমার টনক নড়লো। এ তো বুড়া মা নয়। ভূতের পাল্লায় পড়েছি আমি। চিৎকার মারি জোরে, "ও আম্মা গো, আব্বা গো, তাড়াতাড়ি আও তোমরা ভূত ভূত...."

পরদিন দুপুরের দিকে বৃষ্টি কমে আসে। আব্বা ধান নিয়ে বাজারে যেতে বললেন আমাকে। দিনটি ছিলো শনিবার। আম্মা বলতেন, "শনি মঙ্গলবার রাইতে তাইনেরা ঘুরাঘুরি করুইন।"বুঝতে বাকি থাকতো না, "তাইন" মানে জ্বিনপরী ভূতের কথা বলছেন আম্মা।

বাজারে ধান বিক্রি করে কামলার মজুরির টাকা দিতে হবে আর বাকি টাকা দিয়ে বাজার সদায়। রিক্সা পাওয়া যেতো না বিধায় সাইকেলই ভরসা। বিশ কেজি ধানের বস্তা সাইকেলের 'ব' তে ঢুকিয়ে হেঁটে বাজারে যাই। রাস্তায় কাদা, পানিতে সয়লাব। বাজারের কাজ সারতেই রাত হয়ে গেল। বিশ কেজি ধান থেকে পৌণে সাত সের ধান কম হয়েছে। কাগজ কলম ছাড়া এই হিসাব পারিনি আমি। অথচ গ্রামের বেপারীরা মুখে মুখে হিসাব করে টাকা দিয়ে দিলো। আশ্চর্য এদের বুদ্ধিমত্তা। বাজার থেকে রওনা হতেই তুমুল বৃষ্টি শুরু। লুঙ্গি নিচ থেকে উপর দিকে উঠিয়ে শক্তভাবে বেঁধে হাঁটা শুরু করি বৃষ্টির ভিতর। বাজার থেকে বাড়ি যাওয়ার রাস্তার পাশে বড় বড় জামগাছ, রেইনট্রি, শীলকড়ইগাছ অনেক পুরনো বেশ কতগুলো। অন্ধকারে গাছগুলো আরো বাড়িয়ে দেয় আঁধারের রাজত্ব। সুরা পড়তে পড়তে হাঁটছি, শারমিনকে হঠাৎ জানালায় দেখা, ওর হঠাৎ মৃত্যু মানছেনা মন। বড় রাস্তা পেরিয়ে আমাদের বাড়ি যাওয়ার ছোট রাস্তায় পা রাখি। রাস্তার মাথায়ই আমাদের বাড়ি। দুর থেকে খুব ভয় লাগছে। কবরস্থান পড়ে আগে। শিমুল, গাব, বদ্দিরাজ, বাঁশঝাড়, লতানো গাছে ছেয়ে যাওয়া কবরস্থানে আসি। বাতাসে বাঁশের উঠানামা দেখে মনে হয় কেউ বসে থেকে এটা করছে। এতো বৃষ্টির ভিতরে ভিজেও মনে হলো ভয়ে ঘামছি।

"কিগো, বাজারো গেছলা নাকি?"- নারী কণ্ঠে প্রশ্ন শোনে সামনে তাকিয়ে দেখি একজন বুড়ো মহিলা, আশির উপর হবে বয়স। ভিজে একাকার। মনে হলো উনি হয়ত আমাদের পুরাণ বাড়ির বুড়ামা। মানসিক রোগী। ছয়মাস ভালো থাকেন, অন্য ছয়মাস কুন্দায় বন্দী থাকেন। কুন্দা হলো বাঁশের তৈরি, যার দুটো বাঁশের ফাঁকে ঠ্যাং ঢুকিয়ে চেইন দিয়ে তালা মেরে দিলে মানুষটা আর নড়তে পারেনা।

"বুড়া মা, রাইত কইরেয়া বিষ্টির ভিত্তে কইত্তে আইলেন আফনে?"আমি জিজ্ঞেস করি।

বুড়ি কোনো উত্তর না দিয়ে সাইকেলে রাখা ব্যাগের কাছে গিয়ে বলল, "মাছ দেও খাই, বাজারতে আনছো, দেও খাই। জবর খিদা পেডো।"

এমন সময় দুটো শিয়াল পাশ দিয়ে দৌড়ে চলে গেলো ওপাশে। আমার টনক নড়লো। এ তো বুড়া মা নয়। ভূতের পাল্লায় পড়েছি আমি। চিৎকার মারি জোরে, "ও আম্মা গো, আব্বা গো, তাড়াতাড়ি আও তোমরা ভূত ভূত...."

তারপর আর কিছু মনে নেই আমার। যখন জ্ঞান ফিরল, তখন আমি ঘরে শুয়ে। আম্মা আমাকে ফুঁ দিচ্ছেন সুরা পড়ে। আমি উঠে বসতেই জিজ্ঞেস করলেন আম্মা,

"আমারে ক ফুনি, কিতা অইছিন।"

আমি সব বলি আম্মাকে। সব শোনে আম্মা বললেন,

"অনেক বাঁছা গেছে, বড় কিছু অইতো পারতো। তোর বুড়া মা কুন্দায় আছে, রোগডা বাড়ছে তার। উঠ গরম পানি দিয়া গোসল কর, কাইলই কবিরাজের কাছ থেইক্যেয়া তাবিজ লইয়া দেম তরে।"

আমি চোখ বুজে থাকি। শ্রাবণের বাদল রাত এলেই কি ঘটে আমার? এতো ভেবেও হঠাৎ জানালায় শারমিন, ওর মৃত্যু, কবরস্থানে বুড়ামায়ের বিষয়গুলোর কোন মিমাংসা হয় না।

পথমেলা কমিটি
মেলা উপদেষ্টা:
গিয়াস আহমেদ
হারুন ভুইয়া
শাহ্ নেওয়াজ
পিয়ার মোহাম্মদ
জাকারিয়া মাসুদ
আবুল ফজল দিদারুল ইসলাম
আসিফ বারি টুটুল
মহসিন ননী
কাজী মন্টু
মোহাম্মদ আজীজ
ননী মহসিন
আব্দুর নুর ভুইয়া
সরোয়ার চৌধুরী (সিপিএ)
কাজী সামসুদ্দোহা
জাফর মাহমুদ
পারভেজ কাজী
ড: শাহজাদী পারভিন
মোল্লা মাসুদ
আসাদুল বাড়ি আসাদ
জামিলুর রহমান
ড: রফিক আহমেদ
সিপিএ চিশতি
এটর্নী মঈন চৌধুরী
আজিজুল এইচ চৌ মাসুম
বেলাল হোসাইন (বাংলা ট্রাভেল)
মাকসুদুর রহমান
রাজীব হক (ফার্মেসী)
মালেক (স্ট্যান্ডার্ড)
মাহমুদ
হেলাল খান
ওয়ালী খান
খাইরুল বাশার (ইসক)
জামিল (বেংগল হোমকেয়ার)
মাহবুব এ চৌধুরী
আনোয়ার জাহিদ
মাহমুদ রহমান
ড. তৌহিদ শিবলী
ড. ইহতেশাম হক
প্রদিপ শাহা
ড. নাঈমা খান
লিয়াকত আলী
মীর নিজামুল হক
বাবু খান
সান্টু
স্টল
মাহমুদ হোসেন (বাদশা)
শাখাওয়াৎ বিশ্বাস
লটারি
শাহ্ চিশতি
কামরুজ্জামান বাচ্চু
আবুল হাসান
আবতাবুজ্জামান শিমুল
সাংস্কৃতিক
রাশেদ আহমেদ
ড. রফিক আহমেদ
ইসতিয়াক রুমী
জাফরুল্লাহ্ মিলান
ট্রেজারার
আবুল হাসান (ইঞ্জি.)
সিপিএ সরোয়ার চৌধুরী
সেলিম হারুন
সিপিএ চিশতি
স্টেজ এন্ড ক্রেস্ট
হাসান জিলানী
আলমগীর খান আলম
মোশাররফ হোসেন
রুহুল আমিন সরকার
অভ্যর্থনা
মো: আজাদ
এএসএম উদ্দিন পিন্টু
দেওয়ান মনির
মনিরুল ইসলাম
প্রচার ও প্রকাশনা
আতিকুল ইসলাম জাকির
শাহীন (ঈশিকা প্রিন্টিং)
বশির আহমেদ
আবুল কাশেম
টেক
রিজু মোহাম্মদ
এস.কিউ আলম
আলম (মাল্টি সার্ভিস)
ফারুক আহমেদ
আহমেদ সোহেল
কালাম জুয়েলার্স
মমিন মজুমদার
মনিরুল ইসলাম
পরিষ্কার পরিচ্ছন্নতায়
রনজিত দেব
মনিরুজ্জামান
আবুল কালাম আজাদ
সিকিউরিটি
ফাহাদ সোলায়মান
মাকসুদ এইচ চৌধুরী
জোসি
জ্যাকসন হাইটস্ বাংলাদেশী বিজনেস এসোসিয়েশন অব এনওয়াই (জেবিবিএ)
JACKSON HEIGHTS BANGLADESHI BUSINESS ASSOCIATION OF NY (JBBA)
JBBA
JACKSON HEIGHTS POTHOMELA 2024
জ্যাকসন হাইটস্
পথমেলা
2024
র‍্যাফেল ড্র
১ম পুরষ্কার গাড়ী সহ
আরও আকর্ষনীয় পুরষ্কার
সঙ্গীত
পরিবেশনায়:
দেশ ও প্রবাসের
জনপ্রিয় শিল্পীবৃন্দ
SATURDAY SEPTEMBER 07, 2024
TIME: 12PM-7PM PLACE: 37 ROAD (BTN. 75TH & 77TH ST)
শাহ্ নেওয়াজ
চেয়ারম্যান
মো: কামরুজ্জামান কামরুল
আহ্বায়ক
তারেক হাসান খান
সদস্য সচিব
মো: সেলিম হারুন
প্রধান সমন্বয়কারী
জেড আলম নমি
সমন্বয়কারী
মনসুর চৌধুরী
কো চেয়ারম্যান
মোল্লা মাসুদ
কো চেয়ারম্যান
মফিজুর রহমান
কো চেয়ারম্যান
যুগ্ম আহ্বায়ক
যুগ্ম সদস্য সচিব
গ্র্যান্ড স্পন্সর
স্পন্সর
প্যাটেল ব্রাদারস
সিকে চিস্ট
শাহ্ জালাল
হক এন্ড সন্স
সাউথ এশিয়া
এশিয়া ফুড
মাছওয়ালা ডিস্ট্রিবিউটর
মক্কা হালাল
আমিন হালাল
বিসমিল্লাহ্ পোলট্রি
হাট বাজার
প্রিমিয়াম সুপারমার্কেট
ইত্যাদি সুপারমার্কেট
আপনা বাজার
দাশ আঙ্কেল
সোনা উন্দি
বাংলা গোস্ত
মল্লান সুপারমার্কেট
আমার বাড়ি
নবাব রেস্টুরেন্ট
মামাস রেস্টুরেন্ট
নাভিনা
মইনুল রিয়েলটির
শাহ্ ভাই
ফাতিমা
মিন চৌধুরী
সেলিম আত্তার
মাসুদ রানা
মফিজ
কর্ণফুলী ট্রাভেলস
কর্ণফুলী ইনস্যুরেন্স
জমজম ট্রাভেলস
নুরুল আজিম
আজম সোহাগ ভাই
খলিল বিরিয়ানি
মাছ বাজার
মিনা বাজার
আব্দুল আলীম
প্রোবাল ট্রাভেলস
শিকির রিয়েলটির
SHAH NAWAZ
APNA BAZAR
FARMERS MARKET
NURUL AZIM
Moin Choudhury
ITTADI
Grocery & Halal Meat
CK
CARING FRIENDS DIRECT
AZIZ SLUGHTER HOUSE
MECCA HALAL MEAT
PUTUL DISTRIBUTORS
MAMA'S HALAL MEAT & FISH
Shahjalal
Khan's Tutorial
DESHI DISTRIBUTORS
HAAT BAZAAR
TAREQ HASAN KHAN
CEO
Global MS Inc
FAHAD SOLAIMAN
ASIA FOOD
SOUTH ASIAN FOOD
KARNAFULLY TAX SERVICES
LAW OFFICE OF EHSAN
Rafique Ahmed
MAMA'S RESTAURANT
RAHMAN DISTRIBUTORS
PATEL BROTHERS
Square Distributor
NAVEENA
কর্ণফুলী ট্রাভেলস
মিডিয়া পার্টনার:
CHANNEL
ঠিকানা
আজকাল
বাংলাদেশ প্রতিদিন
দেশ
স্টল ও বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ: মো: হোসেন বাদশা ৬৪৬-৫৫২-১৩০৯ । ফাহাদ সোলায়মান ৩৪৭-৩৯৩-৮৫০৪ । রাশেদ আহমেদ ৭১৮-৩১৬-১৯৪৮

কুমিল্লা সোসাইটি অব ইউএসএ, ইনক
Cumilla Society of USA Inc.

নবনির্বাচিত কমিটির
অভিষেক ও সাংস্কৃতিক সন্ধ্যা

সঙ্গীত পরিবেশনায়
শাহ মাহবুব
কৃষ্ণা তিথি
মলিকা দাস
সহ স্থানীয় শিল্পীবৃন্দ

তারিখ: ২ সেপ্টেম্বর ২০২৪, সোমবার, সময়: সন্ধ্যা ৬:০০
Venue: Queens Palace, 37-11 57th Street, Woodside, NY 11377

প্রধান অতিথি: এডভোকেট জামাল আহমেদ জনি
চেয়ারম্যান, নির্বাচন কমিশন, বাংলাদেশ সোসাইটি ও বিশিষ্ট সমাজসেবক

গেষ্ট অব অনার রুহুল আমিন সিদ্দিকী, সাধারণ সম্পাদক, বাংলাদেশ সোসাইটি

বিশেষ অতিথি:
- এমদাদুল হক কামাল, ট্রাষ্টি বোর্ড সদস্য, বাংলাদেশ সোসাইটি
- আনোয়ারুল ইসলাম, রাজনীতিবিদ ও সমাজসেবক
- মমিনুল ইসলাম মজুমদার, সাধারণ সম্পাদক, নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাব
- মাওঃ অলিউল্লাহ মোঃ আতিকুর রহমান, রাজনীতিবিদ ও সমাজসেবক
- আমিনুল ইসলাম চৌধুরী, সহ সাধারণ সম্পাদক, বাংলাদেশ সোসাইটি
- আবুল কালাম ভূঁইয়া, সাংগঠনিক সম্পাদক, বাংলাদেশ সোসাইটি

সম্মানিত অতিথি:
- বিজয় কুমার সাহা, রাজনীতিবিদ ও সমাজসেবক
- মিয়া মোহাম্মদ দুলাল, সাবেক সি. সহ সভাপতি, বৃহত্তর কুমিল্লা সমিতি, যুক্তরাষ্ট্র
- এইচ এম ইকবাল, রাজনীতিবিদ ও সমাজসেবক
- মু. ফখরুল ইসলাম মাছুম, সভাপতি, রূপসী চাঁদপুর ফাউন্ডেশন নিউইয়র্ক
- বদরুল হক আজাদ, সভাপতি, কুমিল্লা সমিতি যুক্তরাষ্ট্র
- মোফাজ্জল হোসেন সরকার (বশির) রাজনীতিবিদ ও সমাজসেবক
- সুলেমান মজুমদার, সভাপতি, বরুড়া উপজেলা এসোসিয়েশন
- মোঃ সেবুল মিয়া, রাজনীতিবিদ ও সমাজসেবক
- ওয়ালী উদ্দিন সরকার, সভাপতি, তিতাস-মেঘনা ফাউন্ডেশন ইউএসএ
- মোঃ খলিলুর রহমান, সিইও খলিল বিরিয়ানী
- মোঃ আব্দুস সালাম, বিশিষ্ট ব্যবসায়ী ও সমাজ সেবক
- মোঃ রবিউল আলম, সভাপতি, প্রবাসী মতলব সমিতি
- রিন্টু লাল দাস, রাজনীতিবিদ ও যুব সংগঠক
- মোঃ আল আমিন, সাধারণ সম্পাদক, কুমিল্লা সমিতি, যুক্তরাষ্ট্র
- নাজমুল হাসান বাবু, সমাজসেবক ও রাজনীতিবিদ
- নাজির উদ্দিন সোহেল, সাধারণ সম্পাদক, প্রবাসী মতলব সমিতি
- সালা উদ্দিন সরকার, সাবেক উপজেলা চেয়ারম্যান, তিতাস-কুমিল্লা
- আলী আশরাফ, প্রাক্তন সহ প্রধান শিক্ষক, শ্রীকাইল কৃষ্ণকুমার উচ্চবিদ্যালয়, মুরাদ নগর, কুমিল্লা
- আবুল কালাম আজাদ, সাধারণ সম্পাদক, যশোহর জেলা এসোসিয়েশন ইউএসএ
- রাসেল সরকার, সমাজসেবক ও রাজনীতিবিদ
- মামুন হোসেন বিপ্লব, সাধারণ সম্পাদক, ড. মোশাররফ হোসেন ফাউন্ডেশন
- সেলিম আহমেদ, প্রধান উপদেষ্টা, ইউএসএ বাংলাদেশী ফ্রেন্ডস সোসাইটি
- মোহাম্মদ উল্লাহ তারেক, আইটি ইঞ্জিনিয়ার
- ইঞ্জিনিয়ার মাইন উদ্দিন মিয়াজী, সাধারণ সম্পাদক, ডিইএব-যুক্তরাষ্ট্র
- শামসুদ্দীন বশির, সিইও- গ্লোবাল ট্যুর এন্ড ট্রাভেলস
- মাসুদ আলম, উপদেষ্টা, ইউএসএ বাংলাদেশী ফ্রেন্ডস সোসাইটি
- মোঃ জাকির হোসেন, প্রতিষ্ঠাতা সভাপতি, ইউএসএ বাংলাদেশী ফ্রেন্ডস সোসাইটি
- ইঞ্জিনিয়ার সাইফুল ইসলাম, প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক, ইউএসএ বাংলাদেশী ফ্রেন্ডস সোসাইটি
- সাইদুজ্জামান রিংকু, সভাপতি, ইউএসএ বাংলাদেশী ফ্রেন্ডস সোসাইটি
- রাজন হাসান, সাধারণ সম্পাদক, ইউএসএ বাংলাদেশী ফ্রেন্ডস সোসাইটি
- নূরুল ইসলাম মিলন, সমাজসেবক ও রাজনীতিবিদ
- জাহিদুর রহমান, কোষাধ্যক্ষ, প্রবাসী মতলব সমিতি

অনুষ্ঠান উপদেষ্টা
হাজী পেয়ার আহমেদ, কাজী আব্দুর রশিদ, মোঃ মনিরুল আলম দিপু, মনিরুজ্জামান রমজান, বশির আহমেদ, মোঃ মিজানুর রহমান, আলহাজ্ব নূরুল ইসলাম, শওকত হোসেন পাটোয়ারী, কামরুজ্জামান শামীম, তারেকুল ইসলাম খন্দকার, আব্দুল মোতালেব, শরীফুল ইসলাম, উৎপলা বড়ুয়া

আমন্ত্রণে
আহবায়ক
হাজী খবিরউদ্দিন ভূঁইয়া
প্রধান সমন্বয়কারী
মোঃ মোফাজ্জল হোসেন
সদস্য সচিব
আল মামুন সরকার
যুগ্ম আহবায়ক: আব্দুল্লাহ আল রেজা স্বপন, এইচ আর ভূইয়া আখলাছ
সমন্বয়কারী: মোঃ কাইয়ুম মিয়াজী, মোঃ শাহিন আলম
যুগ্ম সদস্য সচিব: মোঃ হাবিব উল্লাহ, হাসিনা আক্তার

সার্বিক সহযোগিতায়: মোঃ মহসিন কবির, মোঃ আলম হোসেন, মোঃ খায়রুল আল রেজা শাহেদ, আব্দুল আলিম মিয়া, শাহিদ হাসান, নুরুল আলম, মাসুদুর রহমান সৌরভ, কাউছার আজাদ মিলন, মোঃ মামুনুর রহমান, সৈয়দ ফখরুদ্দিন আল রাজী, তপন চন্দ্র দাস, মোঃ রাসেল সরকার, মোঃ কামরুল হাসান, জামিল মিয়াজী, মোঃ আবু কাউছার, রুমেল সরকার, দীপক সাহা।

শুভেচ্ছান্তে
ডাঃ আলী আহমেদ (বীর মুক্তিযোদ্ধা)
সভাপতি
সালাউদ্দিন চৌধুরী
নবনির্বাচিত সভাপতি
তাছলিমা পাটোয়ারী
নবনির্বাচিত সাধারণ সম্পাদক
আ.স.ম খালেদুর রহমান
সাধারণ সম্পাদক

Info: 347-553-0175, 929-462-5706, 917-683-2468, 347-608-9583
প্রচার ও প্রকাশনা সম্পাদক তপন চন্দ্র সরকার, কর্তৃক প্রচারিত

M & N HOME CARE
Best pay rate in the industry
CDPAP
PCA
HHA
$ 23.99
SNAP BENIFITS
HOUSING Assistance
CASH Assistance
Upto $ 21.282.68
Phone : 866-688-6922
Cell : 646-280-5001

Parkchester Medical
PARKCHESTER MEDICAL
পার্কচেষ্টার মেডিক্যাল
WE WELCOME WALK INS
MEDICAL CENTER
718.828.6610
1211 WHITE PLAINS ROAD, BRONX, NY 10472
TEL: 718-828-6610
INTERNAL MEDICINE
ASTHMA DIABETES CENTER
CARDIOLOGY
PHYSICAL THERAPY
UROLOGY
GYNECOLOGY
PODIATRY
GASTRO-ENTEROLOGY
ORTHO-PEDICS
HEALTH CARE FOR THE ENTIRE FAMILY
WE ARE OPEN:
MONDAY & THURSDAY 8:30AM-8:00PM
TUESDAY, WEDNESDAY & FRIDAY 8:30AM-6:00PM
SATURDAY 9:00AM-3:00PM
WE ACCEPT ALL MEDICAID / MEDICARE MOST INSURANCES ACCEPTED INCLUDING WORKERS COMP. NO-FAULT, SLIP AND FALL.
শারীরিক অভ্যন্তরীন সমস্যা
শ্বাসকষ্ট, ডায়াবেটিস চিকিৎসা
হৃদরোগ
শারীরিক ব্যায়াম বা থেরাপি
মূত্র সংক্রান্ত চিকিৎসা
নারী স্বাস্থ্য চিকিৎসা কেন্দ্র
পায়ের চিকিৎসা
পরিপাকতন্ত্রীয় চিকিৎসা
হাড়ের চিকিৎসা
সম্পূর্ণ পরিবারের স্বাস্থ্যসেবা কেন্দ্র
আমরা বাংলায় কথা বলি
মেডিক্যাল সময়সূচি:
তাৎক্ষনিক চিকিৎসা সেবায় স্বাগতম!
সোমবার এবং বৃহস্পতিবার
সকাল ৮:৩০ মি. থেকে সন্ধ্যা ৮:০০টা
মঙ্গলবার, বুধবার এবং শুক্রবার
সকাল ৮:৩০ মি. থেকে সন্ধ্যা ৬:০০টা
শনিবার
সকাল ৯:০০ মি. থেকে দুপুর ৩:০০টা
আমরা সকল প্রকার মেডিকেইড ও মেডিকেয়ার সহ অধিকাংশ ইন্সুরেন্স গ্রহণ করি।
সাথে আরো আছে: • কর্মস্থলের ক্ষতিপুরন
• নির্দোষ প্রমাণের ব্যবস্থা • পিছলে পড়ে যাওয়া

প্রয়োজনে এটর্নী হাসপাতাল বা বাসায় আসবেন

প্রথম আলো

Prothom Alo North America
29 August 2024, Thursday, Issue 389

২৯ আগস্ট ২০২৪, ১৪ ভাদ্র ১৪৩১, ২৪ সফর ১৪৪৫, বৃহস্পতিবার

বন্যার্তদের পাশে বাংলাদেশে বন্যায় বিপন্ন মানুষের পাশে দাঁড়িয়েছেন বিশ্বের সর্বত্র ছড়িয়ে থাকা প্রবাসীরা। নিউইয়র্কের বাংলাদেশিবহুল এলাকাগুলোতে বন্যার্তদের পাশে দাঁড়ানোর জন্য সব বয়সের প্রবাসীদের মুক্ত হস্তে এগিয়ে এসেছেন। মোড়ে মোড়ে ব্যক্তি সংগঠন বিপন্ন মানুষের পাশে দাঁড়ানোর আয়োজনে যোগ দিচ্ছেন। সপ্তাহান্তে নিউইয়র্কের ব্রংকস থেকে ছবি ধারণ করেছেন এমবি তুষার

মুহাম্মদ সরফরাজ খান

‘ব্যবসায় সাহায্য করাই আমার মূল লক্ষ্য’

সোহানা নাজনীন

"আমার প্রথম লক্ষ্য হচ্ছে যে কোন ব্যবসায় একজন বাঙালিকে সাহায্য করা। তাদেরকে প্রয়োজনীয় মূলধন দেয়া এবং আমেরিকান অন্যান্য যে কোন প্রতিষ্ঠানের মতোই তাদেরকে সুযোগ সুবিধা দেয়া। অনেক বাংলাদেশী মানুষ জানে না আমেরিকান ফাইন্যান্স সিস্টেম সম্পর্কে এবং তা থেকে কিভাবে সুবিধা নিতে হয়। আমি তাদের সন্তান হিসাবে আমেরিকান সিস্টেমে তাদেরকে অন্তর্ভুক্ত করার ইচ্ছা পোষণ করেছি। বাঙালি কমিউনিটিকে সাহায্য করার উদ্দেশ্যে এই প্রতিষ্ঠান গঠন করেছি"-নিজ স্বপ্ন বাস্তবায়নে এই অভিমত জানিয়েছেন মুহাম্মদ সরফরাজ খান। গত ২২আগস্ট বৃহস্পতিবার প্রথম আলো উত্তর আমেরিকার জনপ্রিয়

এরপর পৃষ্ঠা ৩০ কলাম ৪

হেরে গেলেন সোহান

ছাত্র আন্দোলনে বুলেটবিদ্ধ

কাজ শেষে বাসায় ফেরার পথে ১৯শে জুলাই রামপুরায় ছাত্র-জনতার মিছিলে আ.লীগ ও পুলিশের সঙ্গে তাদের ধাওয়া-পাল্টা ধাওয়ার সময় গুলিবিদ্ধ হয় সোহান।

শাহরিয়ার সোহান

ঢাকা অফিস

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে বুকে বুলেটবিদ্ধ শাহরিয়ার সোহান (২৮) দীর্ঘ ৩৫ দিন মৃত্যুর সঙ্গে লড়াই করে অবশেষে হেরে গেছেন। মঙ্গলবার সন্ধ্যা ৬টার দিকে ঢাকা সিএমএইচ হাসপাতালে তার মৃত্যু হয়। নিহত সোহান মাগুরার শ্রীপুর উপজেলার সদর ইউনিয়নের শ্রীপুর গ্রামের শাহ সেকেন্দার আলীর ছেলে।

নিহতের পরিবার ও এলাকাবাসী সূত্রে জানা যায়, সোহান ঢাকায় ইনসেপ্টা ফার্মাসিউটিক্যালসে চাকরি করতেন। দরিদ্র পরিবারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি ছিলেন তিনি। সোহানের পরিবারে তার বাবা-মা, ছোট-ভাই ও বউ রয়েছে।

গত ১৯শে জুলাই সন্ধ্যায় রামপুরা এলাকায় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ছাত্র-জনতার একটি মিছিল বের হয়। এ সময় আওয়ামী লীগ ও পুলিশের সঙ্গে তাদের ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনা ঘটে। কোম্পানির কাজ শেষে বাসায় ফেরার পথে হঠাৎ একটি গুলি তার পাজর দিয়ে ঢুকে স্পাইনালকটে আটকে যায়। পরে রক্তাক্ত অবস্থায় স্থানীয় লোকজন তাকে উদ্ধার করে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করেন। সেখানে দীর্ঘদিন চিকিৎসার পর মঙ্গলবার সন্ধ্যায় ঢাকা সিএমএইচ হাসপাতালে নেয়া হয়। অপারেশনের পর অতিরিক্ত রক্তক্ষরণে তার মৃত্যু হয়।

তার মৃত্যুতে পরিবার ও এলাকায় শোকের ছায়া বিরাজ করছে।

এরপর পৃষ্ঠা ৩০ কলাম ৩

বেড়েছে রেমিটেন্স প্রবাহ

বন্যার্ত স্বজনদের জন্য প্রবাসীদের ভালোবাসা

রুদ্র মাসুদ

স্ত্রী সন্তান নিয়ে এখানে থাকি। কিন্তু দেশেতো মা-বাবা, আত্মীয় স্বজনরা আছেন। বন্যার পানি উঠে গেছে হঠাৎ করে। চারদিকে পানি সবাই কষ্ট করতেছে। নিজেদের জন্য এবং প্রতিবেশীদের জন্য যাতে উপকার হয় সেজনই টাকা পাঠাচ্ছি দেশে। এমন ভালোবাসার টান শোনা গেছে টাকা নোয়াখালীর সেনবাগের ইয়ারপুরের বাসিন্দা নিউইয়ক সিটির ব্রুকলিনের ইস্ট ইউয়র্কে বসবাসকারী মোঃ মাসুদ হাসান।

ভারত থেকে নেমে আসা ঢল, টানা বর্ষণে ডুবে যাওয়া ১১ জেলার বন্যাপীড়িত স্বজনদের জন্য প্রবাসীদের এমন ভালোবাসায় যুক্তরাষ্ট্র থেকে প্রেরিত

এরপর পৃষ্ঠা ৩০ কলাম ১

সাক্ষাৎকার

ঐক্যের পথে নতুন প্রজন্মকে এগিয়ে নেওয়ার অঙ্গীকার

ফোবানার ভবিষ্যৎ

উত্তর আমেরিকার সবচেয়ে বৃহত্তম বাংলাদেশের সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন 'ফেডারেশন অফ বাংলাদেশি অ্যাসোসিয়েশন ইন নর্থ আমেরিকা' (ফোবানা)। যুক্তরাষ্ট্র ও কানাডায় অবস্থিত বিভিন্ন বাংলাদেশি সংগঠন ফোবানার সাথে যুক্ত আছে। সম্প্রতি সংগঠনটির বর্তমান কার্যক্রম, ভবিষ্যৎ পরিকল্পনা, এবং নতুন প্রজন্মের কাছে বাংলাদেশের সংস্কৃতি ছড়িয়ে দেওয়ার প্রচেষ্টা সম্পর্কে জানতে চাওয়া হয়। ফোবানার মূল লক্ষ্য, কার্যক্রমের অগ্রগতি, এবং সংগঠনের অভ্যন্তরীণ বিভিন্ন দিক নিয়ে ফোবানার প্রাক্তন চেয়ারপারসন ও আউটস্ট্যান্ডিং মেম্বার **বেদারুল ইসলামের** সঙ্গে কথা বলেছেন ***এইচ বি রিতা***।

বেদারুল ইসলাম

ফোবানার প্রতিষ্ঠা ১৯৮৭ সালে। ড. নুরুননবী, ইকবাল বাহার চৌধুরী, ওয়াহেদ হোসেন সহ কমিউনিটির আরো কিছু বিশেষ ব্যক্তিদের সমন্বয়ে শুরু হয়েছিল ফোবানা, ওয়াশিংটন ডিসিতে। ফোবানার লক্ষ্য ছিল- শিল্পসাহিত্য ও সংস্কৃতির চর্চা বৃদ্ধি করা, কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর, কাজী নজরুল ইসলামের চিন্তা চেতনা সহ, বাংলাদেশের মুক্তিযুদ্ধের ইতিহাস, ভাষা আন্দোলনের ইতিহাস প্রজন্মের কাছে পৌঁছে দেয়া। ফোবানা শুরু হয় সেই থেকেই, আজ ফোবানা তার ৩৮তম ফোবানায় পরিণত হয়েছে।

বর্তমানে ফোবানার কার্যক্রমগুলোর মধ্যে সবচেয়ে উল্লেখযোগ্য কাজ কোনগুলো সম্পর্কে বেদারুল ইসলাম বাবলা বলেন, 'একসময় মিলনমেলা হতো, সাহিত্য চর্চাটাই অগ্রাধিকার ছিল। তবে দীর্ঘ সময় ধরে আমরা বিশ্বজুড়ে বিজনেস নেটওয়ার্কিং করছি। ওম্যান এমপাওয়ারমেন্ট লেমিনার, ডমেস্টিক ভায়োলেন্স সেমিনার করছি। মেইনস্ট্রিম পলিটিক্সে আমাদের প্রজন্ম কীভাবে সংযুক্ত হতে পারে তা নিয়ে সেমিনার হয়। বিভিন্ন স্টেট থেকে কাউন্সিলম্যান, এডমিনিস্ট্রেটিভ পারস্যোনাল, সিটি মেযর, গভর্নমেন্ট, স্টেট গভর্নমেন্ট, কনগ্রেসম্যান প্রমুখরা আসেন। তারা তথ্য প্রদান সহ কমিউনিটিকে উৎসাহিত করতে মোটিভেশনাল স্পিচ দেন। নেটওয়ার্কিং এর মাধ্যমে আমরা একটা ব্রিজ তৈরি করতে সক্ষম হয়েছি যেখানে পলিটিশিয়্যান, পলিসিমেকারদের কাছে আমরা কমিউনিটির মানুষদের নিয়ে বিভিন্ন দাবী উপস্থাপন করি। ২000 সালে দুইবাংলার শিল্পী বুদ্ধিজীবিরাও আসেন সেমিনারে।"

এছাড়াও তিনি জানান, মেধার উপর ভিত্তি করে বছরে তিনটা স্কলারশিপ দেয়া হয় ফোবানা থেকে। দেশে দুটো আমেরিকাতে একটি-সেটা শিক্ষা, মিউজিক, স্পোর্টস কিংবা কর্মদক্ষতার উপর নির্ভর করে দেয়া হয়।

এরপর পৃষ্ঠা ৩০ কলাম ৪



সম্পাদক: **ইব্রাহীম চৌধুরী**, নির্বাহী সম্পাদক: **মনজুরুল হক**। প্রথম আলো উত্তর আমেরিকা কর্তৃক ৩৭-১৮, ৭৩ স্ট্রিট, স্যুট # ২০২ জ্যাকসন হাইটস, নিউইয়র্ক-১১৩৭২ থেকে প্রকাশিত।
ফোন: ৭১৮- ৩০৮ - ৫০২০, **ই-মেইল: নিউজ:** news@prothomalony.com, **বিজ্ঞাপন:** cm@prothomalony.com